প্রশ্নোত্তরে
রাসূল 'র জীবনী
[এক হাজার প্রশ্ন-উত্তর সম্বলিত]
মোল্লা শাকির আহমদ মাছুম

প্রশ্নোত্তরে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)'র জীবনী

[এক হাজার প্রশ্ন-উত্তর সম্বলিত]

-সৌজন্য কপি-
-মুহাম্মদ আব্দুল কাদের

নিরীক্ষক

আল্লামা মুফতি শেখ শিব্বির আহমদ (মা.জি.আ)
অধ্যক্ষ, সিরাজনগর জি.জে.এম.এস ফাজিল মাদ্রাসা-শ্রীমঙ্গল

ও

আল্লামা মোল্লা শাহিদ আহমদ নঈমী (মা.জি.আ)
অধ্যক্ষ, সাতগাঁও সামাদিয়া আলিম মাদ্রাসা-শ্রীমঙ্গল

সংকলক

মোল্লা শাকির আহমদ মাছুম
বি.এ (অনার্স), ইসলামিক স্টাডিজ বিভাগ (অধ্যয়নরত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

গ্রন্থ

প্রশ্নোত্তরে রাসূল ﷺ'র জীবনী

সংকলক

মোল্লা শাকির আহমদ মাছুম

দিক-নির্দেশনায়

মাওলানা মুহাম্মদ রবিউল আলম
মাওলানা নূরুল আবছার চৌধুরী কাজির
মাওলানা মোল্লা ফয়েজ আহমদ নুমানী
মাওলানা মোল্লা জাকির আহমদ সিরাজী
মাওলানা মুফতি হুমায়ূন কবির

উৎসর্গ

আমার শ্রদ্ধেয় দাদা মরহুম মোল্লা আব্দুর রশিদ ছুরুক رحمه الله'র রুহের মাগফিরাত কামনায়

প্রকাশকাল: ১ মে' ২০১৭ ঈসায়ী

বর্ণবিন্যাস ও অঙ্গসজ্জা

নূর মুহাম্মদ সাইফুল ইসলাম

হাদিয়া: ৯০/- [নব্বই] টাকা মাত্র।

যোগাযোগ

বাদে আলিশা (মোল্লা বাড়ি), ভূনবীর,
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
মোবাইল: ০১৭৬০৫৭২০৯১
fb: www.facebook.com/msa.masum.5

بسم الله الرحمن الرحيم

সংকলকের কথা

সমস্ত প্রশংসা একমাত্র মহান আল্লাহর জন্য, যিনি সমগ্র জগতের প্রতিপালক, অসংখ্য দরূদ ও সালাম প্রেরণ করছি, মানবতার মুক্তির অগ্রদূত হযরত মুহাম্মদ মোস্তফা ﷺ'র পাক কদমে, যার গোটা জীবনই উম্মতের জন্য উত্তম আদর্শ। আরবি ভাষায় 'সীরাত' শব্দটি বিভিন্ন ভাষায় ব্যবহৃত হলেও সাধারণত সীরাত বলতে বুঝায় রাসূল ﷺ'র পুরো জীবনীকে, আমার এ গ্রন্থে রাসূল ﷺ'র জীবনভিত্তিক এক হাজার প্রশ্নোত্তর থাকার কারণে বইটির নামকরণ করেছি 'প্রশ্নোত্তরে রাসূল ﷺ'র জীবনী। ২০১১ সালে আলিম শ্রেণিতে অধ্যয়নকালীন সময়ে রাসূল ﷺ'র সমগ্র জীবনী ব্যাপকভাবে জানার স্পৃহা তৈরি হয়। তারই প্রেক্ষিতে বিভিন্ন প্রসিদ্ধ সীরাতবিষয়ক গ্রন্থ অধ্যয়ন করে রাসূল ﷺ'র জীবনের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ নোট করতে থাকি। এভাবে প্রায় এক হাজার প্রশ্নোত্তরের একটি পাণ্ডুলিপি তৈরি হয়ে যায়। পরবর্তীতে রাসূল ﷺ'র জীবনী সর্বস্তরের মানুষের জানার সুবিধার্থে বইটি প্রকাশের উদ্যোগ নেয়া হয়। রাসূল (সা)'র জীবনী গ্রন্থসমূহে অনেক তথ্যের মধ্যে মতভেদ থাকলেও এ বইটিতে অধিকাংশের মতামতকে প্রাধান্য দেয়া হয়েছে। প্রশ্নোত্তরের আলোকে শুধুমাত্র রাসূল ﷺ'র জীবননির্ভর, তথ্যমূলক এ ধরনের বই বিরল। বইটি লেখতে গিয়ে নির্ভরযোগ্য তাফসীর, সহীহ হাদীস ও ইসলামের ইতিহাসের সহায়তা নিয়েছি। বইটির মূল পাণ্ডুলিপি তৈরির পর পুরো পাণ্ডুলিপি জুড়ে নজর দিয়ে বইটির মানোন্নয়নের চেষ্টা করেছেন আমার সম্মানিত পিতা অধ্যক্ষ মোল্লা শাহিদ আহমদ (মা.জি.আ) ও আমার মামা অধ্যক্ষ মুফতি শেখ শিব্বির আহমদ (মা.জি.আ)। বইটি সংকলনে প্রেরণা যুগিয়েছেন আমার সম্মানিত চাচা মাওলানা মোল্লা ফয়েজ আহমদ, মাওলানা মোল্লা জাকির আহমদ ও আমার সম্মানীত শিক্ষকমণ্ডলী। বইটির বাংলা বানান সংশোধনীতে আমাকে সার্বিক সহযোগিতা করেছেন শ্রদ্ধেয় মুফতি হুমায়ূন কবির ও মুহিবুর রহমান হেলাল ভাই। এছাড়া বইটির পাণ্ডুলিপি তৈরির শুরু থেকে সহযোগিতা করেছে সহপাঠি ফাহিম আহমদ, আমার ছোট বোন জান্নাতুল মাওয়া শাম্মী, চাচাত বোন তামান্না ফেরদৌস ও ফারহানা। এ ছাড়া আরো যারা বিভিন্নভাবে সহযোগিতা প্রদানে এগিয়ে এসেছেন আমি সকলের কৃতজ্ঞতা আদায় করছি। এ বইটিতে কোন তথ্য ও ভাষাগত ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে আন্তরিকতার সাথে আমাকে জানালে ইনশাআল্লাহ পরবর্তী সংস্করণে সংশোধনের চেষ্টা করব।

আল্লাহ তা'আলা যেন এ প্রয়াসকে কবুল করেন এবং দুনিয়া ও আখিরাতে আমাদেরকে উত্তম প্রতিদান দান করেন, আমীন।

সূচিপত্র

প্রথম অধ্যায়
রাসূল ﷺ'র মাক্কী জীবন

দ্বিতীয় অধ্যায়
রাসূল ﷺ'র মাদানী জীবন

Sunni-Encyclopedia.blogspot.com
PDF by (Masum Billah Sunny)

প্রথম অধ্যায়
রাসূল ﷺএর মাক্কী জীবন

রাসূল ﷺএর জন্ম ও বংশ পরিচয়

১। প্রশ্ন: হযরত মুহাম্মদ ﷺ কখন জন্মগ্রহণ করেন?
উত্তর: প্রসিদ্ধ ও অধিক প্রচলিত মত হল- ৫৭০ খ্রিস্টাব্দের ১২ ই রবিউল আউয়াল।

২। প্রশ্ন: রাসূল ﷺ'র পিতার নাম কী?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে আব্দুল মুত্তালিব رضي الله عنه।

৩। প্রশ্ন: রাসূল ﷺ'র দাদার নাম কী?
উত্তর: হযরত আব্দুল মুত্তালিব।

৪। প্রশ্ন: রাসূল ﷺ'র দাদীর নাম কী?
উত্তর: ফাতিমা বিনতে আমর।

৫। প্রশ্ন: রাসূল ﷺ'র নানার নাম কী?
উত্তর: ওহাব ইবনে আবদে মানাফ।

৬। প্রশ্ন: রাসূল ﷺ'র নানীর নাম কী?
উত্তর: বাররাহ বিনতে আব্দুল উযযা।

৭। প্রশ্ন: রাসূল ﷺ'র দাদা আব্দুল মুত্তালিবের আসল নাম কী?
উত্তর: শায়বা ইবনে হাশিম।

৮। প্রশ্ন: রাসূল ﷺ কোন গোত্রে জন্মগ্রহণ করেন?
উত্তর: বিখ্যাত কুরাইশ গোত্রে।

৯। প্রশ্ন: রাসূল ﷺ'র কোন পূর্বপুরুষ প্রতি জুমাবারে তার সম্প্রদায়কে রাসূল ﷺ'র আগমনের সু-সংবাদ দিতেন?
উত্তর: কাব ইবনে লুয়াই।

১০। প্রশ্ন: পবিত্র জুমাবারের পূর্ব নাম কী ছিল?
উত্তর: ইয়াওমে আরুবা।

১১। প্রশ্ন: কুরাইশ কার উপাধি ছিল?
উত্তর: রাসূল ﷺ'র পূর্বপুরুষ ফিহর বিন মালিকের।

১২। প্রশ্ন: 'দ্বিতীয় জাবিহ' কাকে বলা হয়?
উত্তর: রাসূল ﷺ'র পিতা আব্দুল্লাহ رضي الله عنهকে।

১৩। প্রশ্ন: আব্দুল্লাহ رضي الله عنه'র পরিবর্তে কতটি উট জবেহ করা হয়?
উত্তর: ১০০ টি উট।

১৪। প্রশ্ন: রাসূল ﷺ'র মাতা আমিনা رضي الله عنها কোন গোত্রের কন্যা ছিলেন?
উত্তর: বিখ্যাত বনু যোহরা গোত্রের

১৫। প্রশ্ন: হযরত আব্দুল্লাহ رضي الله عنه কখন ইন্তেকাল করেন?
উত্তর: রাসূল ﷺ'র জন্মের ২ মাস মতান্তরে ৬ মাস পূর্বে (আল্লাহ সর্বজ্ঞাত)।

১৬। প্রশ্ন: রাসূল ﷺএর পিতা আব্দুল্লাহ رضي الله عنه'র কবর কোথায়?
উত্তর: মদিনার নাবিগা যাআদির বাড়িতে।

১৭। প্রশ্ন: ইন্তেকালের সময় হযরত আব্দুল্লাহ رضي الله عنه'র বয়স কত হয়েছিল?
উত্তর: ২৫ বছর।

১৮। প্রশ্ন: রাসূল ﷺ'র নাম কে 'মুহাম্মদ' রেখেছিলেন?
উত্তর: দাদা আব্দুল মুত্তালিব।

১৯। প্রশ্ন: ইন্তেকালের সময় আব্দুল্লাহ رضي الله عنه পরিত্যক্ত সম্পদ হিসেবে কী রেখে যান?
উত্তর: ৫টি উট ও উম্মে আয়মন নামে একজন দাসী।

২০। প্রশ্ন: 'মুহাম্মদ' শব্দটি পবিত্র কুরআনে কয় জায়গায় এসেছে?
উত্তর: ৪ জায়গায়।

২১। প্রশ্ন: 'মুহাম্মদ' শব্দটি কুরআনের কোন কোন আয়াতে এসেছে?
উত্তর: (১) সুরা ইমরানের ১৪৪ নং আয়াতে, (২) সুরা আহযাবের ৪০নং আয়াতে, (৩) সুরা মুহাম্মদের ২ নং আয়াতে এবং (৪) সুরা ফাতাহার ২৯ নং আয়াতে।

২২। প্রশ্ন: হযরত আমিনা رضي الله عنها রাসূল ﷺকে কী নামে ডাকতেন?
উত্তর: আহমদ।

২৩। প্রশ্ন: ইঞ্জিলে রাসূল ﷺকে কী নামে উল্লেখ করা হয়েছে?
উত্তর: মুনহামান্না।

২৪। প্রশ্ন: সুরিয়ানী ভাষায় 'মুনহামান্না' অর্থ কী?
উত্তর: মুহাম্মদ (প্রশংসিত)।

২৫। প্রশ্ন: আমেনা رضي الله عنهاকে বিবাহের পূর্বে কোন মহিলা হযরত আব্দুল্লাহ رضي الله عنهকে বিবাহের প্রস্তাব দেন?
উত্তর: উম্মে কিতাল বিনতে নওফেল (খাদিজা رضي الله عنها'র চাচাত বোন)।

২৬। প্রশ্ন: হালা বিনতে ওহাব কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র খালা।

২৭। প্রশ্ন: উম্মে কিতাল কর্তৃক হযরত আব্দুল্লাহ رضي الله عنهকে বিবাহের প্রস্তাব দেয়ার কারণ কী?
উত্তর: রাসূল ﷺএর গর্বিত মা হওয়ার আশায়।

২৮। প্রশ্ন: ইহুদি গণক ফাতিমা বিনতে মুর, হযরত আব্দুল্লাহ ؓকে বিবাহের প্রস্তাব দেয়ার কারণ কী?

উত্তর: আব্দুল্লাহ ؓ'র চেহারায় নবুয়তের নূর দেখে।

২৯। প্রশ্ন: রাসূল ﷺএর জন্মের মুহূর্তে আমিনা ؓ কী দেখতে পেয়েছিলেন?

উত্তর: তাঁর (আমিনা) মধ্য থেকে একটি নূর বের হয়ে সিরিয়ার রাজ-প্রাসাদ আলোকিত করেছে।

৩০। প্রশ্ন: রাসূল ﷺএর বংশীয় পরিবারকে কী বলা হয়?

উত্তর: বনু হাশিম।

৩১। প্রশ্ন: দিনের কোন অংশে রাসূল ﷺ জন্মগ্রহণ করেন?

উত্তর: সোমবার দিনের সুবহে সাদিকের কিছুক্ষণ পর

৩২। প্রশ্ন: জন্মের পর রাসূল ﷺ কত দিন মায়ের দুধপান করেন?

উত্তর: ৭ দিন মতান্তরে ১৬ দিন (আল্লাহ সর্বজ্ঞাত)।

৩৩। প্রশ্ন: আমেনা ؓ'র পর রাসূল ﷺ কোন মহিলার দুধপান করেন?

উত্তর: আবু লাহাবের দাসী হযরত ছুয়াইবা ؓ'র।

৩৪। প্রশ্ন: বুখারী শরিফের বর্ণনা মতে, প্রতি সোমবারে আবু লাহাবের কবরের আযাব কিছুটা হালকা হওয়ার কারণ কী?

উত্তর: সোমবারে রাসূল ﷺ জন্মগ্রহণ করলে খুশিতে তার দাসী আযাদ করার কারণে।

৩৫। প্রশ্ন: রাসূল ﷺ এর জন্মের খবর জানানোর কারণে আবু লাহাব খুশি হয়ে কাকে আযাদ (মুক্ত) করে দেয়?

উত্তর: দাসী হযরত ছুয়াইবা ؓকে।

৩৬। প্রশ্ন: রাসূল ﷺ কোন মহিলার দুধ প্রায় ২ বছর পান করেন?

উত্তর: হযরত হালিমা সাদিয়া ؓএর।

৩৭। প্রশ্ন: রাসূল ﷺ শিশুকালে কোন গোত্রে প্রতিপালিত হন?

উত্তর: তায়েফের বনু সা'দ।

৩৮। প্রশ্ন: হযরত মাছরুহ ইবনে ছুয়াইবা ؓকে ছিলেন?

উত্তর: রাসূল ﷺএর দুধভাই (ছুয়াইবার পুত্র)

৩৯। প্রশ্ন: হযরত আব্দুল মুত্তালিবের মায়ের নাম কী ছিল?

উত্তর: সালমা বিনতে আমর।

রাসূল ﷺ'র শিশুকাল

৪০। প্রশ্ন: রাসূল ﷺ কতজন মহিয়সী নারীর দুধ পান করেন?

উত্তর: ৩ জন

৪১। প্রশ্ন: কোন ৩ জন মহীয়সী নারীর দুধ রাসূল ﷺ পান করেছেন?

উত্তর: (১) হযরত আমিনা ؓ, (২) হযরত হালিমা ؓ ও (৩) হযরত ছুয়াইবা ؓ।

৪২। প্রশ্ন: দোলনায় থাকতে কার হাতের ইশারায় চাঁদ ঝুঁকে যেত?

উত্তর: রাসূল ﷺ'র। (বায়হাকী শরীফ)

৪৩। প্রশ্ন: রাসূল ﷺ'র হাতের ইশারায় চাঁদ ঝুঁকে যাওয়া কে প্রত্যক্ষ করেছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচা হযরত আব্বাস ؓ।

৪৪। প্রশ্ন: ছোট বেলায় রাসূল ﷺ'র শরীরের কাপড় খুলে ফেললে রাসূল ﷺ'র অবস্থা কী হত?

উত্তর: রাসূল ﷺ বেহুশ হয়ে মাটিতে পড়ে যেতেন।

৪৫। প্রশ্ন: জন্মের কত দিন পর আমিনা ؓ, রাসূল ﷺকে দুধমাতা হালিমার হাতে তুলে দেন?

উত্তর: প্রায় দুই সপ্তাহ পরে।

৪৬। প্রশ্ন: হযরত হালিমা ؓ'র সাথে দুগ্ধ পোষ্য শিশু অন্বেষণকারী মহিলা কতজন ছিল?

উত্তর: আল্লামা ওয়াকেদীর মতে, ১০জন।

৪৭। প্রশ্ন: রাসূল ﷺ কোন গোত্রে দুধ পান করে বেড়ে উঠেন?

উত্তর: তায়েফের বনু সা'দ গোত্রে।

৪৮। প্রশ্ন: হযরত হালিমা ؓ'র পুরো নাম কী?

উত্তর: হযরত হালিমা বিনতে আব্দুল্লাহ আস-সাদিয়া ؓ।

৪৯। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে কে হযরত হালিমা ؓ'র দুধপান করতেন?

উত্তর: হযরত হালিমা ؓ'র পুত্র আব্দুল্লাহ ইবনে হারিস ؓ।

৫০। প্রশ্ন: রাসূল ﷺ হালিমা ؓ'র কোন স্তন পান করতেন?

উত্তর: ডান স্তন।

৫১। প্রশ্ন: হযরত হালিমা ؓ'র বাম স্তন রাসূল ﷺ কার জন্য রেখে দিতেন?

উত্তর: দুধভাই হযরত আব্দুল্লাহ ইবনে হারিস ؓ'র জন্য।

৫২। প্রশ্ন: আমিনা ؓ ইন্তেকালের সময় কাকে রাসূল ﷺ'র প্রতিপালনের অছিয়ত করে যান?

উত্তর: হযরত আমিনা ؓ'র দাসী হযরত উম্মে আয়মান বারাকা বিনতে সালাবা ؓকে।

৫৩। প্রশ্ন: রাসূল ﷺ ধাত্রী হযরত উম্মে আয়মান ؓ'র গর্ভে জন্মগ্রহণকারী সন্তান কারা।

উত্তর: হযরত আয়মান ইবনে উবাইদ ؓ ও উসামা ইবনে যায়িদ ؓ।

৫৪। প্রশ্ন: রাসূল ﷺ কত বছর হালিমা ؓ'র দুধ পান করেছেন?

উত্তর: প্রায় ২ বছর।

৫৫। প্রশ্ন: হযরত হালিমা ؓ'র শুকনো উট কখন সবল হয়ে উটে?

উত্তর: হযরত আমিনা ؓ'র কাছ থেকে নিয়ে রাসূল ﷺকে হালিমার উটের উপর বসানোর পর।

৫৬। প্রশ্ন: শিশুকালে রাসূল ﷺ'র লালন-পালনে কে হযরত হালিমা ؓকে সহযোগিতা করতেন?

উত্তর: হযরত হালিমা ؓ'র কন্যা হযরত শায়মা বিনতে হারিস ؓ।

৫৭। প্রশ্ন: হরত হযরত হালিমা ؓ'র স্বামীর নাম কী?

উত্তর: হযরত হারিস ইবনে আব্দুল উযযা ؓ

৫৮। প্রশ্ন: হযরত হালিমা ؓ'র গর্ভে জন্ম গ্রহণকারী রাসূল ﷺ'র দুধ ভাই-বোনদের নাম কী?

উত্তর: আব্দুল্লাহ, ওনায়সা, হুযায়ফা (শায়মা)।

৫৯। প্রশ্ন: ছোট বেলায় রাসূল ﷺ কার সাথে মাঝে মধ্যে মেষ চড়ানোর জন্য মাঠে যেতেন?

উত্তর: আব্দুল্লাহ ইবনে হারিস ؓ ও হযরত শায়মা বিনতে হারিস ؓ'র সাথে।

৬০। প্রশ্ন: হযরত শায়মা ؓ কোন যুদ্ধে মুসলিম বাহিনীর হাতে বন্দী হয়েছিলেন?

উত্তর: হুনাইন যুদ্ধে।

৬১। প্রশ্ন: হযরত শায়মা ؓকে কিভাবে দুধ বোন হিসেবে পরিচয় পেয়ে রাসূল ﷺ মুক্তি দেন?

উত্তর: হযরত শায়মা ؓ'র শরীরে রাসূল ؓ'র ছোটবেলার দাঁতের কামড় দেখে।

৬২। প্রশ্ন: কাকে লালন পালনের কারণে হালিমা ؓ'র অভাব-অনটন দূর হয়ে যায়?

উত্তর: রাসূল ﷺকে।

৬৩। প্রশ্ন: হযরত হালিমা ؓ কখন রাসূল ﷺকে আমিনার হাতে ফিরিয়ে দেন?

উত্তর: দুধ পানের সময় সীমা শেষ হওয়ার পর।

৬৪। প্রশ্ন: আমিনা ؓ রাসূল ﷺকে নিজের কাছে না রেখে পুনরায় হালিমার কাছে তুলে দেয়ার কারণ কী?

উত্তর: মক্কায় তখন প্লেগ রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছিল। তাছাড়া হালিমা ؓও পুনরায় রাসূল ﷺকে পাওয়ার আগ্রহ প্রকাশ করেছিলেন।

৬৫। প্রশ্ন: রাসূল ﷺ'র প্রথম বার সিনা চাক বা বক্ষ বিদীর্ণ কখন হয়?

উত্তর: হযরত হালিমা ؓ'র কাছে থাকাকালীন ৪ বছর বয়সে।

৬৬। প্রশ্ন: সর্বশেষ হালিমা ؓ রাসূল (স.)কে মা আমিনা ؓ'র কাছে ফিরিয়ে দেয়ার সময় রাসূলের বয়স কত ছিল?

উত্তর: পাঁচ বছর এক মাস। (ইবনে হিশাম)

৬৭। প্রশ্ন: রাসূল ﷺ'র সিনা চাক বা বক্ষ বিদীর্ণ মোট কত বার হয়েছে?

উত্তর: ৪ বার

৬৮। প্রশ্ন: কোন কোন সময় রাসূল ﷺ'র বক্ষ বিদীর্ণ করা হয়েছে?

উত্তর: (১) ৪ বছর বয়সে, (২) ১০ বছর বয়সে,
(৩) নবুয়ত প্রকাশের সময় ৪০ বছর বয়সে ও
(৪) মিরাজের রাতে ৫১ বছর বয়সে।

৬৯। প্রশ্ন: রাসূল ﷺ'র বক্ষ বিদীর্ণ করার কারণ কী?

উত্তর: নফসে আম্মারার স্থানটুকু সরিয়ে ফেলা, এবং তথায় নুর, হেকমত স্থাপন করা।

৭০। প্রশ্ন: দুধ ভাই-বোনদের সাথে মেষ চড়াতে যাওয়ার সময় কাকে একখন্ড মেঘমালা ছায়া দিত?

উত্তর: রাসূল ﷺকে

৭১। প্রশ্ন: মেঘমালা কর্তৃক রাসূল ﷺকে ছায়া প্রদান কে প্রত্যক্ষ করেছিলেন?

উত্তর: দুধ বোন হযরত শায়মা বিনতে হারিস ؓ।

৭২। প্রশ্ন: ফেরেস্তাকর্তৃক রাসূল ﷺ'র বক্ষ বিদীর্ণ হওয়ার পর কারা ভয় পেয়েছিলেন?

উত্তর: হযরত হালিমা ؓ'র পরিবার।

৭৩। প্রশ্ন: হযরত হালিমা ؓ কখন রাসূল ﷺকে আপন মায়ের কাছে ফিরিয়ে দেন?

উত্তর: প্রথম বার বক্ষ বিদীর্ণ হওয়ার পর।

৭৪। প্রশ্ন: রাসূল ﷺ'র জন্মের সময় সংগঠিত মুজিযা, আমিনা ؓ কাকে শুনান?

উত্তর: হযরত হালিমা ؓকে।

৭৫। প্রশ্ন: রাসূল ﷺ'র ছয় বছর বয়সে আমিনা ؓ রাসূলকে সঙ্গে নিয়ে কোথায় ভ্রমণে বের হন?

উত্তর: স্বামী হযরত আব্দুল্লাহ ؓ'র কবর জিয়ারত ও পিতৃবংশের সাক্ষাতে।

৭৬। প্রশ্ন: পিতৃগৃহ থেকে ফেরার পথে আমিনা ؓ কোন জায়গায় ইন্তেকাল করেন?

উত্তর: মক্কা ও মদিনার মধ্যবর্তী আবওয়া নামক স্থানে।

৭৭। প্রশ্ন: হযরত আমিনা ؓ ইন্তেকালের পর রাসূল ﷺ'র লালন-পালন কে করেন?

উত্তর: দাদা আব্দুল মুত্তালিব।

চাচা আবু তালিবের তত্ত্বাবধানে রাসূল ﷺ

৭৮। প্রশ্ন: রাসূল ﷺ কত বছর বয়সে মাকে হারান?

উত্তর: ৬ বছর।

৭৯। প্রশ্ন: আমিনা ؓ'র ইন্তেকালের পর রাসূল ﷺ কত বছর দাদার স্নেহে লালিত-পালিত হন?

উত্তর: ২ বছর।

৮০। প্রশ্ন: কে কাবা শরিফের মূতাওয়াল্লি ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র দাদা আব্দুল মুত্তালিব।
৮১। প্রশ্ন: হেরেম শরীফের চত্বরের বিছানায় আব্দুল মুত্তালিব নিজ পাশে একমাত্র কাকে বসাতেন?
উত্তর: রাসূল ﷺকে।
৮২। প্রশ্ন: আব্দুল মুত্তালিবের ইন্তেকালের সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ৮ বছর।
৮৩। প্রশ্ন: দাদা আব্দুল মুত্তালিবের ইন্তেকাল হলে রাসূল ﷺ কার স্নেহে বেড়ে উঠেন?
উত্তর: চাচা আবু তালিবের।
৮৪। প্রশ্ন: রাসূল ﷺ'র চাচা আবু তালিবের আসল নাম কী?
উত্তর: আবদে মানাফ।
৮৫। প্রশ্ন: রাসূল ﷺ'র পিতা আব্দুল্লাহ রা.'র সহোদরা ভাইদের নাম কী?
উত্তর: আবু তালিব ও যোবাইর।
৮৬। প্রশ্ন: রাসূল ﷺ কত বছর আবু তালিবের সরাসরি তত্ত্বাবধানে ছিলেন?
উত্তর: ১৭ বছর (৮ - ২৫ বছর বয়স পর্যন্ত)।
৮৭। প্রশ্ন: আবু তালিবের কোন স্ত্রী রাসূল ﷺ'র লালন-পালনে অংশ নেন?
উত্তর: হযরত ফাতিমা বিনতে আসাদ রা. (আবু তালিবের স্ত্রী)।
৮৮। প্রশ্ন: দোযখীদের মধ্যে সবচেয়ে কম শাস্তি কে পাবে?
উত্তর: আবু তালিব।
৮৯। প্রশ্ন: আবু তালিবের ইসলাম গ্রহণ না করার কারণ কী?
উত্তর: কুরাইশদের তীরস্কারের ভয়ে।
৯০। প্রশ্ন: রাসূল ﷺ উনার কোন চাচীর কবরে নেমেছিলেন?
উত্তর: হযরত ফাতিমা বিনতে আসাদ রা.।
৯১। প্রশ্ন: আবু তালিব কাকে ব্যতীত খাবার গ্রহণ করতেন না?
উত্তর: রাসূল ﷺকে।
৯২। প্রশ্ন: রাসূল ﷺ সহ আবু তালিবের পরিবার খানা খাওয়ার কারণ কী?
উত্তর: রাসূল ﷺ'র সাথে খাবার গ্রহণে সকলেই পরিতৃপ্ত হতেন।
৯৩। প্রশ্ন: রাসূল ﷺ'র দ্বিতীয় বার সিনা চাক বা বক্ষ বিদীর্ণ কখন হয়?
উত্তর: ১০ বছর বয়সে, আবু তালিবের তত্ত্বাবধানে থাকাকালীন।
৯৪। প্রশ্ন: আবু তালিব সিরিয়ায় ব্যবসায়ের উদ্দেশ্যে যাত্রাকালে কে সঙ্গী হন?
উত্তর: রাসূল ﷺ।
৯৫। প্রশ্ন: বাল্যকাল থেকেই কারা বিশ্বস্ততার জন্য রাসূল ﷺকে আল- আমিন বা বিশ্বাসী উপাধি দেয়?
উত্তর: মক্কার কুরাইশরা।

৯৬। প্রশ্ন: কত বছর বয়সে রাসূল ﷺ চাচার সাথে সিরিয়া সফর করেন?
উত্তর: ১২ বছর বয়সে।
৯৭। প্রশ্ন: সিরিয়া সফরে আবু তালিবের কাফেলা কোথায় যাত্রা বিরতি করে?
উত্তর: সিরিয়ার বুসরা নামক অঞ্চলে।
৯৮। প্রশ্ন: প্রথম বারের মত কে আবু তালিবের কাফেলার জন্য খানার ব্যবস্থা করে?
উত্তর: খ্রিস্টান পাদ্রী বুহাইরা।
৯৯। প্রশ্ন: মুহাদ্দিসে কেরামগণ রাসূল ﷺ'র কতটি মুজিযা লিপিবদ্ধ করেছেন?
উত্তর: ৬৫০০০টি।
১০০। প্রশ্ন: পাদ্রী বুহাইরা আবু তালিবের কাফেলাকে খাবারের নিমন্ত্রণ করার কারণ কী?
উত্তর: সরাসরি রাসূল ﷺ'র সাথে সাক্ষাৎ করার জন্য।
১০১। প্রশ্ন: পাদ্রী বুহাইরা রাসূল ﷺ'র কোন মুজিজা দেখেছিল?
উত্তর: একখন্ড মেঘমালা কর্তৃক রাসূল ﷺকে ছায়া প্রদান।
১০২। প্রশ্ন: কে রাসূল ﷺকে আখেরী নবী হিসাবে চিনতে পারে?
উত্তর: পাদ্রী বুহাইরা।
১০৩। প্রশ্ন: 'রাসূল ﷺ যে শেষ নবী' এই বিষয়টি পাদ্রী বুহাইরা কখন নিশ্চিত হয়?
উত্তর: রাসূল ﷺ'র পিঠে মোহরে নবুয়ত দেখে।
১০৪। প্রশ্ন: রাসূল ﷺ'র ব্যাপারে পাদ্রী বুহাইরা আবু তালিবকে কী পরামর্শ দেন?
উত্তর: "ইনি (রাসূল) শেষ নবী, তাকে কাফিরদের অনিষ্ট থেকে দূরে রাখবেন।"
১০৫। প্রশ্ন: রাসূল ﷺ সিরিয়া থেকে ফিরে আসার কত দিন পর ফুজ্জার যুদ্ধ শুরু হয়?
উত্তর: ৩ বছর পর।
১০৬। প্রশ্ন: ২১ বছর বয়সে রাসূল ﷺ কুরাইশদের কোন সংগঠনের সাথে যুক্ত হন?
উত্তর: হিলফুল ফুযুল।
১০৭। প্রশ্ন: রাসূল ﷺ কীভাবে আবু তালিবের প্রতিপালনের বিনিময় দেয়ার চেষ্টা করেন?
উত্তর: আবু তালিবের পুত্র হযরত আলী রা.কে ছোট বেলা থেকে লালন-পালন করে।
১০৮। প্রশ্ন: আবু তালিবের মৃত্যুর সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ৫০ বছর।

ফুজ্জার যুদ্ধ ও হিলফুল ফুযুল গঠন

১০৯। প্রশ্ন: রাসূল ﷺ'র কিশোর বয়সে সংগঠিত ফুজ্জার যুদ্ধের নাম কী ছিল?
উত্তর: ফুজ্জার আল বারাদ।
১১০। প্রশ্ন: সর্বমোট কয়টি ফুজ্জার যুদ্ধ আরবে হয়েছিল?
উত্তর: ৪টি

১১১। প্রশ্ন: রাসূল ﷺ'র জন্মের পূর্বে কয়টি ফুজ্জার যুদ্ধ হয়?
উত্তর: ৩টি।
১১২। প্রশ্ন: ফুজ্জার আল বারাদ কাদের মধ্যে হয়েছিল?
উত্তর: কেনানা ও কায়েস গোত্রের মধ্যে।
১১৩। প্রশ্ন: কিনানা ও মিত্র কুরাইশদের যৌথ বাহিনীর সেনাপতি কে ছিল?
উত্তর: হারব ইবনে উমাইয়া।
১১৪। প্রশ্ন: ফুজ্জার আল বারাদের যুদ্ধ কখন শুরু হয়?
উত্তর: ৫৮৫ সালে।
১১৫। প্রশ্ন: ফুজ্জার আল বারাদের যুদ্ধ কখন শেষ হয়?
উত্তর: ৫৯০ খ্রিস্টাব্দে
১১৬। প্রশ্ন: ফুজ্জার আল বারাদ যুদ্ধ সংগঠিত হওয়ার সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ১৫ বছর
১১৭। প্রশ্ন: ফুজ্জার আল বারাদের যুদ্ধে কি রাসূল ﷺ অংশ নিয়েছিলেন?
উত্তর: সরাসরি অংশ নেননি, বরং চাচাদের তত্ত্বাবধানে থাকায় কয়েক দিন তীর ও বর্শা কুড়িয়ে চাচাদের হাতে তুলে দিয়েছিলেন।
১১৮। প্রশ্ন: কোন যুদ্ধের ভয়াবহতা দেখে রাসূল ﷺ'র মনে শান্তি সংঘ প্রতিষ্টার আগ্রহ দেখা দেয়?
উত্তর: ফুজ্জার আল বারাদ।
১১৯। প্রশ্ন: রাসূল ﷺ ও কুরাইশদের কতিপয় বিশিষ্ট ব্যক্তিদের প্রচেষ্টায় প্রতিষ্ঠিত শান্তি সংঘের নাম কী?
উত্তর: হিলফুল ফুযুল।
১২০। প্রশ্ন: ফুজ্জার আল বারাদ যুদ্ধ সমাপ্ত হওয়ার কতদিন পর হিলফুল ফুযুল গঠিত হয়?
উত্তর: ৪ মাস পর।
১২১। প্রশ্ন: কার নেতৃত্বে হিলফুল ফুযুল গঠিত হয়?
উত্তর: রাসূল ﷺ'র চাচা যোবাইর ইবনে আব্দুল মুত্তালিব।
১২২। প্রশ্ন: কার গৃহে হিলফুল ফুযুল গঠিত হয়?
উত্তর: আব্দুল্লাহ ইবনে জাদআন।
১২৩। প্রশ্ন: হিলফুল ফুযুলের লক্ষ্য কী ছিল?
উত্তর: মাযলুম তথা অত্যাচারিতকে সাহায্য করা।
১২৪। প্রশ্ন: জাহেলী যুগে রাসূল ﷺ কুরাইশদের একমাত্র কোন সংগঠনের সদস্য ছিলেন?
উত্তর: হিলফুল ফুযুলের।
১২৫। প্রশ্ন: হিলফুল ফুযুল প্রতিষ্ঠার সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ২০ বছর ৭ মাস (প্রায় ২১ বছর)

১২৬। প্রশ্ন: কে কাছআম গোত্রের কন্যা 'কাতুল'কে অপহরণ করেছিল?
উত্তর: নাবিহ ইবনে হাজ্জাজ।
১২৭। প্রশ্ন: নাবিহ এর কাছ থেকে কারা 'কাতুল'কে মুক্ত করেছিল?
উত্তর: হিলফুল ফুযুলের সদস্যরা।
১২৮। প্রশ্ন: শান্তি সংঘের নাম 'হিলফুল ফুযুল' রাখার কারণ কী?
উত্তর: ফযল, ফুযাইল ও আফযল নামে ৩ ব্যক্তির বিশেষ অবদান থাকার কারণে।

হযরত খাদিজা রাদ্বিয়াল্লাহু আনহাকে বিবাহ

১২৯। প্রশ্ন: জাহেলী যুগে আরবের শ্রেষ্ঠ ধনী মহিলা কে ছিলেন?
উত্তর: খাদিজা বিনতে খুয়াইলিদ ؓ।
১৩০। প্রশ্ন: জাহেলী যুগে উত্তম চরিত্রের কারণে হযরত খাদিজা ؓ কী উপাধিতে ভূষিত হন?
উত্তর: তাহিরা (পবিত্রা)
১৩১। প্রশ্ন: বিশ্বস্ত ও আমানতদার হিসাবে হযরত খাদিজা ؓ কাকে উনার ব্যবসা পরিচালনার অনুরোধ করেন?
উত্তর: হযরত মুহাম্মদ ﷺকে।
১৩২। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র ব্যবসার দায়িত্ব নিয়ে রাসূল ﷺ পণ্য বিক্রির জন্য কোন দেশ ভ্রমণ করেন?
উত্তর: সিরিয়া।
১৩৩। প্রশ্ন: সিরিয়ায় যাত্রাকালে হযরত খাদিজা ؓ, রাসূলের সহযোগী হিসাবে কাকে পাঠান?
উত্তর: ক্রীতদাস মায়সারা ও কর্মচারী খুযায়মাকে।
১৩৪। প্রশ্ন: সিরিয়ায় কোন পাদ্রীর সাথে রাসূল ﷺ'র সাক্ষাৎ ঘটে?
উত্তর: পাদ্রী নাসতুরা (যে রাসূল ﷺকে শেষনবী হিসেবে স্বীকৃতি দেয়)।
১৩৫। প্রশ্ন: ফেরেস্তা কর্তৃক রাসূল ﷺকে ছায়া প্রদান কে প্রত্যক্ষ করেছিল?
উত্তর: ক্রীতদাস মায়সারা।
১৩৬। প্রশ্ন: সিরিয়া থেকে ফেরার কতমাস পর হযরত খাদিজা ؓ রাসূল ﷺকে বিবাহের প্রস্তাব দেন?
উত্তর: ২ মাস পর
১৩৬। প্রশ্ন: সিরিয়ায় রাসূল ﷺ'র প্রকাশিত মুজেজা ও নাসতুরার ঘটনা কে হযরত খাদিজা ؓকে জানিয়েছিলেন?
উত্তর: ক্রীতদাস মায়সারা।

১৩৭। প্রশ্ন: হযরত খাদিজা ؓ আগ্রহের সাথে রাসূল ﷺকে বিবাহের প্রস্তাব দেয়ার কারণ কী?

উত্তর: রাসূল ﷺ'র নৈতিক গুণাবলী ও আলৌকিক ঘটনাবলী দেখে।

১৩৮। প্রশ্ন: খাদিজা ؓ কার মাধ্যমে রাসূল ﷺ'র কাছে বিবাহের প্রস্তাব পাঠান?

উত্তর: নাফিসা বিনতে মুনাব্বিহ

১৩৯। প্রশ্ন: কোন মহিলা রাসূল ﷺ'র পিতাকে বিবাহের প্রস্তাব দিয়ে ব্যর্থ হয়েছিলেন?

উত্তর: হযরত খাদিজা ؓ'র চাচাত বোন উম্মে কিতাল বিনতে নওফেল।

১৪০। প্রশ্ন: উম্মে কিতাল রাসূল ﷺ'র পিতাকে বিবাহের প্রস্তাব দেয়ার কারণ কী?

উত্তর: শেষ নবী হযরত মুহাম্মদ ﷺ'র গর্ভধারিনী হওয়ার আশায়।

১৪১। প্রশ্ন: হযরত খাদিজা ؓকে বিবাহের সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?

উত্তর: প্রায় ২৫ বছর।

১৪২। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে বিবাহের সময় হযরত খাদিজা ؓ'র বয়স কত ছিল?

উত্তর: প্রায় ৪০ বছর।

১৪৩। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র প্রাক্তন মৃত স্বামীর নাম কী ছিল?

উত্তর: আবু হালা ইবনে মালিক।

১৪৪। প্রশ্ন: হযরত হালা বিনতে খুয়াইলিদ ؓকে ছিলেন?

উত্তর: রাসূল (সা.) এর শ্যালিকা (খাদিজার বোন)।

১৪৫। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র মায়ের নাম কী?

উত্তর: ফাতিমা বিনতে যাহেদা।

১৪৬। প্রশ্ন: হযরত খাদিজা ؓকে বিবাহের সময় মোহরানা হিসেবে রাসূল কী প্রদান করেন?

উত্তর: ২০ টি উট।

১৪৭। প্রশ্ন: ওয়ারাকা ইবনে নওফেল কে ছিলেন?

উত্তর: হযরত খাদিজা ؓ'র চাচাত ভাই।

১৪৮। প্রশ্ন: জাহেলী যুগে হযরত খাদিজা ؓ কোন ধর্মের উপর ছিলেন?

উত্তর: দ্বীনে হানিফ তথা তিনি একত্ববাদে বিশ্বাসী ছিলেন।

১৪৯। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র সাথে রাসূল ﷺ কয় বছর দাম্পত্য জীবন অতিবাহিত করেন?

উত্তর: ২৫ বছর।

১৫০। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে বিবাহের সময় হযরত খাদিজা ؓ'র অভিবাবক কে ছিলেন?

উত্তর: চাচা আমর ইবনে আসাদ মতান্তরে পিতা খুয়াইলিদ ইবনে আসাদ

১৫১। প্রশ্ন: রাসূল ﷺ ও হযরত খাদিজার মধ্যকার বিবাহে কে খুতবা পাঠ করেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচা আবু তালিব।

১৫২। প্রশ্ন: ৬৫ বছর বয়সে হযরত খাদিজা ؓ'র ইন্তেকালের সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?

উত্তর: প্রায় ৫১ বছর।

১৫৩। প্রশ্ন: হযরত খাদিজা ؓ জীবিত থাকা অবস্থায় কি রাসূল ﷺ অন্য স্ত্রী গ্রহণ করেছিলেন?

উত্তর: না, হযরত খাদিজা ؓ জীবিত অবস্থায় আর কোন বিবাহ করেননি

১৫৪। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র মাযার কোথায়?

উত্তর: মক্কার জান্নাতুল মুয়াল্লায়।

রাসূল ﷺ'র সন্তানদের পরিচয়

১৫৫। প্রশ্ন: রাসূল ﷺ'র সন্তানদের সংখ্যা কত?

উত্তর; ৭ জন (৩ জন ছেলে, ৪ জন মেয়ে)।

১৫৬। প্রশ্ন: হযরত খাদিজা ؓ'র গর্ভে রাসূল ﷺ'র কতজন সন্তান জন্মগ্রহণ করেন?

উত্তর: ৬ জন। (একমাত্র ইব্রাহিম ؓ'র মা ছিলেন মারিয়া কিবতী ؓ)

১৫৭। প্রশ্ন: রাসূল ﷺ'র ৩ জন ছেলের নাম কী?

উত্তর: (ক) হযরত কাসেম ؓ, (খ) হযরত আব্দুল্লাহ ؓ ও (গ) হযরত ইব্রাহিম ؓ।

১৫৮। প্রশ্ন: রাসূল ﷺ'র ৪ জন মেয়ের নাম কী?

উত্তর: (ক) হযরত যয়নাব ؓ (খ) হযরত রুকাইয়া ؓ (গ) হযরত উম্মে কুলসুম ؓ (ঘ) হযরত ফাতেমা ؓ।

১৫৯। প্রশ্ন: রাসূল ﷺ'র বড় সন্তানের নাম কী?

উত্তর: অধিকাংশের মতে, হযরত কাসিম ؓ।

১৬০। প্রশ্ন: হযরত কাসিম ؓ কখন ইন্তেকাল করেন?

উত্তর: রাসূলের নবুয়ত প্রকাশের পূর্বে।

১৬১। প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ؓ'র উপাধি কী ছিল?

উত্তর: তাহির ও তায়্যিব।

১৬২। প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ؓ কখন ইন্তেকাল করেন?

উত্তর: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের পর।

১৬৩। প্রশ্ন: রাসূলের ﷺ'র কোন সন্তানের ইন্তেকালের পর কাফিররা রাসূল ﷺকে নির্বংশ বলে কটুক্তি করে?

উত্তর: হযরত আব্দুল্লাহ ؓ।

১৬৪। প্রশ্ন: কে প্রথম রাসূল ﷺকে আবতার (নির্বংশ) বলেছিল?
উত্তর: আস ইবনে ওয়ায়েল।
১৬৫। প্রশ্ন: হযরত ইব্রাহিম رضي الله عنه কখন জন্ম গ্রহণ করেন?
উত্তর: অষ্টম হিজরীর যিলহজ্ব মাসে।
১৬৬। প্রশ্ন: হযরত ইব্রাহিম رضي الله عنه'র মায়ের নাম কী?
উত্তর: রাসূল ﷺ'র আযাদকৃত দাসী মারিয়া কিবতীয়া বিনতে শামউন رضي الله عنها।
১৬৭। প্রশ্ন: কে রাসূল ﷺ'র জন্য হযরত মারিয়া رضي الله عنهاকে হাদিয়া হিসেবে পাঠান?
উত্তর: মিশরের বাদশাহ মুকাওকিস।
১৬৮। প্রশ্ন: মুকাওকিসের আসল নাম কী?
উত্তর: জোরাইজ ইবনে মাত্তা।
১৬৯। প্রশ্ন: হযরত ইব্রাহিম رضي الله عنه'র জন্মের খবর জানানোর জন্য রাসূল ﷺ কাকে আযাদ করে দেন?
উত্তর: হযরত আবু রাফে رضي الله عنهকে।
১৭০। প্রশ্ন: হযরত ইব্রাহিম رضي الله عنه কখন ইন্তিকাল করেন?
উত্তর: দশম হিজরীর রবিউল আউয়াল মাসে।
১৭১। প্রশ্ন: হযরত ইব্রাহিম رضي الله عنه কত বছর বয়সে ইন্তেকাল করেন?
উত্তর: ওয়াকিদী রাহমাতুল্লাহি আলাইহি এর মতে, আটার মাস।
১৭২। প্রশ্ন: ইব্রাহিম رضي الله عنهকে কার কবরের পাশে দাফন করা হয়?
উত্তর: উসমান ইবনে মাযউন رضي الله عنه'র পাশে।
১৭৩। প্রশ্ন: রাসূল ﷺ'র পুত্রগণ কি বিবাহ করেছেন?
উত্তর: না, বিবাহ করেন নি; বরং সকল পুত্র দুগ্ধপানের বয়সেই ইন্তেকাল করেন।
১৭৪। প্রশ্ন: রাসূল ﷺ'র বড় মেয়ের নাম কী?
উত্তর: হযরত যয়নাব رضي الله عنها।
১৭৫। প্রশ্ন: হযরত যয়নাব رضي الله عنها কখন জন্ম গ্রহণ করেন?
উত্তর: রাসূলের নবুয়ত প্রকাশের ১০ বছর পূর্বে।
১৭৬। প্রশ্ন: হযরত যয়নাব رضي الله عنها'র স্বামী কে ছিলেন?
উত্তর: খালাত ভাই হযরত আবুল আস ইবনে রবি رضي الله عنه।
১৭৭। প্রশ্ন: হযরত আবুল আস رضي الله عنه কখন ইসলাম গ্রহণ করেন?
উত্তর: সপ্তম হিজরীর মহররম মাসে।
১৭৮। প্রশ্ন: হযরত যয়নাব رضي الله عنها কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: অষ্টম হিজরীতে।
১৭৯। প্রশ্ন: হযরত রুকাইয়া رضي الله عنها কখন জন্ম গ্রহণ করেন?
উত্তর: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের ৭ বছর পূর্বে।

১৮০। প্রশ্ন: হযরত রুকাইয়া رضي الله عنها'র স্বামীর নাম কী?
উত্তর: উতবা ইবনে আবু লাহাব (পরে মুসলিম হন)
১৮১। প্রশ্ন: কার চাপে হযরত উতবা رضي الله عنه রুকাইয়া رضي الله عنهاকে তালাক দেন?
উত্তর: পিতা আবু লাহাবের চাপে।
১৮২। প্রশ্ন: উতবা رضي الله عنه তালাক দেয়ার পর রাসূল ﷺ রুকাইয়াকে কার কাছে বিবাহ দেন?
উত্তর: হযরত উসমান رضي الله عنه'র কাছে।
১৮৩। প্রশ্ন: হযরত রুকাইয়া رضي الله عنها কখন ইন্তেকাল করেন?
উত্তর: দ্বিতীয় হিজরীর রমযান মাসে।
১৮৪। প্রশ্ন: হযরত উম্মে কুলসুম رضي الله عنها কখন জন্ম গ্রহণ করেন?
উত্তর: রাসূলের নবুয়ত প্রকাশের ৬ বছর পূর্বে।
১৮৫। প্রশ্ন: হযরত উম্মে কুলসুম رضي الله عنها এর প্রথম স্বামীর নাম কী?
উত্তর: উতায়বা ইবনে আবু লাহাব
১৮৬। প্রশ্ন: উতায়বা কেন হযরত উম্মে কুলসুম رضي الله عنهاকে তালাক দেয়?
উত্তর: ইসলাম গ্রহণের কারণে।
১৮৭। প্রশ্ন: কে রাসূল ﷺ'র উপর থুথু নিক্ষেপ করেছিল?
উত্তর: পাপিষ্ট উতায়বা ইবনে আবু লাহাব।
১৮৮। প্রশ্ন: রাসূল ﷺ'র বদদোয়ার ফলে উতায়বার পরিণতি কী হয়েছিল?
উত্তর: তাকে (উতায়বাকে) বাঘে খেয়ে ফেলেছে।
১৮৯। প্রশ্ন: হযরত রুকাইয়া رضي الله عنها'র ইন্তেকাল হলে রাসূল ﷺ কাকে উসমান رضي الله عنه'র কাছে বিবাহ দেন?
উত্তর: হযরত উম্মে কুলসুম رضي الله عنها কে।
১৯০। প্রশ্ন: উসমান رضي الله عنه'র সাথে উম্মে কুলসুম رضي الله عنها'র বিবাহ কখন হয়?
উত্তর: তৃতীয় হিজরীর রবিউল আউয়াল মাসে।
১৯১। প্রশ্ন: রাসূল ﷺ'র দুই মেয়েকে বিবাহ করায় উসমান رضي الله عنه'র উপাধি কী হয়?
উত্তর: যুন-নূরাইন (দুই নূরের অধিকারী)
১৯২। প্রশ্ন: হযরত উম্মে কুলসুম رضي الله عنها কখন ইন্তেকাল করেন?
উত্তর: নবম হিজরীর শাবান মাসে।
১৯৩। প্রশ্ন: হযরত ফাতিমা رضي الله عنها কখন জন্ম গ্রহণ করেন?
উত্তর: ৬০৫ খ্রিষ্টাব্দে।
১৯৪। প্রশ্ন: রাসূল ﷺ ফাতিমা رضي الله عنهاকে কার কাছে বিবাহ দেন?
উত্তর: হযরত আলী ইবনে আবু তালিব رضي الله عنه'র কাছে।

১৯৫। প্রশ্ন: রাসূল ﷺ কখন হযরত ফাতিমা ؓকে হযরত আলী ؓ'র সাথে বিবাহ দেন?

উত্তর: ২য় হিজরীর বদর যুদ্ধের পর।

১৯৬। প্রশ্ন: বিবাহের সময় হযরত ফাতিমা ؓ'র বয়স কত ছিল?

উত্তর: প্রায়১৮ বছর।

১৯৭। প্রশ্ন: হযরত ফাতিমা ؓ'র শাশুড়ির নাম কী?

উত্তর: হযরত ফাতেমা বিনতে আসাদ ؓ।

১৯৮। প্রশ্ন: কার মাধ্যমে রাসূল ﷺ'র বংশ ধারা জারি আছে?

উত্তর: হযরত ফাতিমা ؓ'র মাধ্যমে।

১৯৯। প্রশ্ন: হযরত ফাতিমা ؓ কখন ইন্তেকাল করেন?

উত্তর: ১১ হিজরীর ৩ রমযান, শুক্রবার।

২০০। প্রশ্ন: হযরত আলী ؓ কখন শাহাদাত বরণ করেন?

উত্তর: ৪০ হিজরী ১৭ই রমযান।

২০১। প্রশ্ন: ইন্তেকালের সময় হযরত ফাতিমা ؓ'র বয়স কত ছিল?

উত্তর: প্রায় ২৯ বছর।

২০২। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের কতদিন পর হযরত ফাতিমা ؓ'র ইন্তিকাল হয়?

উত্তর: ৬ মাস পর।

২০৩। প্রশ্ন: ফাতিমা নামে রাসূল (সা.) এর কতজন মহিলা সাহাবী ছিলেন?

উত্তর: ২৪ জন।

রাসূল ﷺ'র নাতী-নাতনীদের পরিচয়

২০৪। প্রশ্ন: রাসূল ﷺ'র নাতি-নাতনীদের সংখ্যা মোট কত?

উত্তর: ৮ জন।

২০৫। প্রশ্ন: রাসূল ﷺ'র ছেলেদের বংশে নাতি – নাতনী না থাকার কারণ কী?

উত্তর: কারণ রাসূল ﷺ'র সকল ছেলে দুগ্ধ পান কালেই ইন্তেকাল করেন।

২০৬। প্রশ্ন: রাসূল ﷺ'র কোন মেয়ের গর্ভে সন্তান হয় নি?

উত্তর: হযরত উম্মে কুলসুম ؓ।

২০৭। প্রশ্ন: রাসূল ﷺ'র নাতিদের নাম কী?

উত্তর: (১) হযরত আলী ইবনে আবুল আস ؓ, (২) হযরত আব্দুল্লাহ ইবনে উসমান ؓ, (৩) হযরত মুহসিন ইবনে আলী ؓ, (৪) হযরত হাসান ইবনে আলী ؓ ও (৫) হযরত হুসাইন ইবনে আলী ؓ।

২০৮। প্রশ্ন: রাসূল ﷺ'র নাতনীদের নাম কী?

উত্তর: (১) হযরত উমামা বিনতে আবুল আস ؓ। (২) হযরত যয়নাব বিনতে আলী ؓ। (৩) হযরত উম্মে কুলসুম বিনতে আলী ؓ।

২০৯। প্রশ্ন: আলী ইবনে আবুল আস ؓ ও উমামা বিনতে আবুল আস ؓ'র মায়ের নাম কী?

উত্তর: রাসূল ﷺ'র কন্যা হযরত যয়নাব ؓ।

২১০। প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ইবনে উসমান ؓ'র মায়ের নাম কী?

উত্তর: রাসূল ﷺ'র কন্যা হযরত রুকাইয়া ؓ।

২১১। প্রশ্ন: হযরত ফাতেমা ؓ'র সন্তানদের নাম কী?

উত্তর: (ক) মুহসিন (খ) হাসান (গ) হুসাইন (ঘ) যয়নাব (ঙ) উম্মে কুলসুম।

২১২। প্রশ্ন: মক্কা বিজয়ের দিন রাসূল ﷺ'র উটের পিঠে কে বসা ছিলেন?

উত্তর: হযরত আলী ইবনে আবুল আস ؓ।

২১৩। প্রশ্ন:হযরত আব্দুল্লাহ ইবনে উসমান ؓ কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর: হাবশায় (আবিসিনিয়া)।

২১৪। প্রশ্ন:হযরত আব্দুল্লাহ ইবনে উসমান ؓ কখন ইন্তেকাল করেন?

উত্তর: ৪র্থ হিজরীর জমাদিউল আউয়াল মাসে।

২১৫। প্রশ্ন: ইন্তেকালের সময় হযরত আব্দুল্লাহ ইবনে উসমান ؓ'র বয়স কত হয়েছিল?

উত্তর: ৬ বছর।

২১৬। প্রশ্ন: হযরত ফাতেমা ؓ'র অসিয়ত মোতাবেক হযরত আলী ؓ কাকে বিবাহ করেন?

উত্তর: হযরত যয়নাব ؓ'র মেয়ে উমামা বিনতে আবুল আস ؓকে।

২১৭। প্রশ্ন: হযরত আলী ؓ শহীদ হলে উমামা ؓ কার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন?

উত্তর: আল মুগিরা ইবনে নওফেল ؓ।

২১৮। প্রশ্ন: হযরত ফাতেমা ؓ'র কোন ছেলে বাল্যকালেই ইন্তেকাল করেন?

উত্তর: হযরত মুহসিন রাদ্বিয়াল্লাহু তায়ালা আনহু।

২১৯। প্রশ্ন: হযরত হাসান ؓ'র জন্ম কখন হয়?

উত্তর: তৃতীয় হিজরীর ১৫ই রমযান।

২২০। প্রশ্ন: হযরত হুসাইন ؓ'র জন্ম কখন হয়?

উত্তর: চতুর্থ হিজরীর ৩ শাবান।

২২১। প্রশ্ন: হযরত যয়নাব বিনতে আলী ؓ'র স্বামীর নাম কী?

উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে জাফর ؓ।

২২২। প্রশ্ন: হযরত উম্মে কুলসুম বিনতে আলী ؓ'র স্বামীর নাম কী?

উত্তর: হযরত ওমর ইবনে খাত্তাব ؓ।

২২৩। প্রশ্ন: হযরত ইমাম হুসাইন ؓ কখন শহিদ হন?

উত্তর: ৬১ হিজরীর ১০ই মহররম।

২২৪। প্রশ্ন: হযরত ইমাম হাসান ؓ কখন শহিদ হন?

উত্তর: ৪৯ হিজরীর সফর মাসে।

২২৫। প্রশ্ন: কোন পাপিষ্ঠ হযরত ইমাম হুসাইন ؓ'র মস্তক দেহ থেকে বিচ্ছিন্ন করে দেয়?

উত্তর: শিমার ইবনে সিনান যিল-জোশ।

২২৬। প্রশ্ন: হযরত হাসান ؓ ও হুসাইন ؓ'র দাদার নাম কী?

উত্তর: আবু তালিব ইবনে আব্দুল মুত্তালিব।

২২৭। প্রশ্ন: কারবালার যুদ্ধ কখন হয়?

উত্তর: ৬৮০ খ্রিস্টাব্দে ১০ই অক্টোবর (৬১ হি.)।

২২৮। প্রশ্ন:হযরত আলী আসগর ؓ'র পিতার নাম কী?

উত্তর: হযরত হুসাইন ইবনে আলী ؓ।

২২৯। প্রশ্ন: হযরত মুসলিম ইবনে আকিল ؓ কে ছিলেন?

উত্তর: হযরত আকিল ইবনে আবু তালিব ؓ'র পুত্র।

রাসূল ﷺ'র চাচা ও চাচাত ভাই-বোনদের বিবরণ

২৩০। প্রশ্ন: রাসূল ﷺ'র চাচাদের নাম কী?

উত্তর: তাদের নাম হল-

* হারিস ইবনে আব্দুল মুত্তালিব * যোবাইর ইবনে আব্দুল মুত্তালিব
* মুকাওয়িম ইবনে আব্দুল মুত্তালিব * আবু তালিব ইবনে আব্দুল মুত্তালিব
* হাজল ইবনে আব্দুল মুত্তালিব (মুগিরা) গায়দাক * আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব * আবু লাহাব ইবনে আব্দুল মুত্তালিব (আব্দুল উযযা)
* দিরার ইবনে আব্দুল মুত্তালিব * হামযা ইবনে আব্দুল মুত্তালিব

২৩১। প্রশ্ন: রাসূলের পিতা আব্দুল্লাহ ؓ'র সহোদর ভাই কারা?

উত্তর: যোবাইর ইবনে আব্দুল মুত্তালিব ও আবু তালিব

২৩২। প্রশ্ন: রাসূল ﷺ'র চাচা কয়জন ছিলেন?

উত্তর: ইবনে হিশামের মতে, ৯ জন।

২৩৩। প্রশ্ন: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের পর উনার কতজন চাচা জীবিত ছিলেন?

উত্তর: ৪ জন। তারা হলেন- (ক) আবু তালিব (খ) আবু লাহাব (গ) হযরত হামযা ও ؓ (ঘ) হযরত আব্বাস ؓ

২৩৪। প্রশ্ন: রাসূল ﷺ'র কোন চাচা মুসলিম না হওয়ার পরও ইসলাম ও মুহাম্মদ ﷺকে সর্বাত্মক সাহায্য করেন

উত্তর: চাচা আবু তালিব

২৩৫। প্রশ্ন: রাসূল ﷺ'র বড় চাচার নাম কী?

উত্তর: হারিস ইবনে আব্দুল মুত্তালিব

২৩৬। প্রশ্ন: আবু সুফিয়ান ইবনে হারিস ؓকে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই (হারিসের পুত্র)।

২৩৭। প্রশ্ন: আরওয়া বিনতে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺর চাচাত বোন (হারিসের কন্যা)।

২৩৮। প্রশ্ন: হযরত আবু সুফিয়ান ইবনে হারিস ؓ কখন মুসলিম হন?

উত্তর: মক্কা বিজয়ের প্রাক্কালে।

২৩৯। প্রশ্ন: কে হুনাইনের যুদ্ধে রাসূল ﷺ'র খচ্চরের লাগাম ধরে রেখেছিলেন?

উত্তর: হযরত আবু সুফিয়ান ইবনে হারিস ؓ।

২৪০। প্রশ্ন: হযরত রাবিয়্যা ইবনে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই (হারিসের পুত্র)

২৪১। প্রশ্ন: হযরত হুসাইন ইবনে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই

২৪২। প্রশ্ন: হযরত নওফেল ইবনে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই

২৪৩। প্রশ্ন: হযরত বুহায়না বিনতে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন।

২৪৪। প্রশ্ন: হযরত উবায়দা ইবনে হারিস ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই।

২৪৫। প্রশ্ন: হযরত উবায়দা ইবনে হারিস ؓ কোন যুদ্ধে শহিদ হন?

উত্তর: বদর যুদ্ধে

২৪৬। প্রশ্ন: বদরে হযরত উবায়দা ইবনে হারিস ؓ কার সাথে মল্লযুদ্ধে লিপ্ত হন?

উত্তর: উতবা ইবনে রবিয়া।

২৪৭। প্রশ্ন: সাফিয়া বিনতে যোবাইর ؓকে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন (যোবাইরের কন্যা)।

২৪৮। প্রশ্ন: হযরত দাবাআ বিনতে যোবাইর ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন।

২৪৯। প্রশ্ন: উম্মু যোবাইর বিনতে যোবাইর ؓকে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন (যোবাইরের কন্যা)।

২৫০ । প্রশ্ন: হিলফুল ফুযুল কার নেতৃত্বে গঠিত হয়?

উত্তর: রাসূলের চাচা যোবাইর ইবনে আব্দুল মুত্তালিবের ।

২৫১ । প্রশ্ন: হযরত উম্মে হাকিম বিনতে যোবায়ের ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন (যোবায়েরের কন্যা)

২৫২ । প্রশ্ন: হযরত উম্মে হাকিম বিনতে যোবায়ের ؓ'র স্বামী কে ছিলেন?

উত্তর: চাচাত ভাই রবী ইবনে হারিস ؓ ।

২৫৩ । প্রশ্ন: কে রাসূলের পথে কাঁটা বিছিয়ে দিত?

উত্তর: আবু লাহাবের স্ত্রী উম্মে জামিলা আরওয়া বিনতে হারব ।

২৫৪ । প্রশ্ন: হযরত দুররা বিনতে আবু লাহাব ؓকে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন । (আবু লাহাবের মেয়ে)

২৫৫ । প্রশ্ন: রাসূল ﷺ'র চাচাত বোন খলিদা বিনতে আবু লাহাব ؓ ও উয্যা বিনতে আবু লাহাব ؓ কখন মুসলিম হন?

উত্তর: মক্কা বিজয়ের দিন ।

২৫৬ । প্রশ্ন: হযরত উতবা ইবনে আবু লাহাব ؓ কে ছিলেন?

উত্তর: রাসূলের চাচাত ভাই, (আবু লাহাবের পুত্র) ।

২৫৭ । প্রশ্ন: হযরত মোআত্তাব ইবনে আবু লাহাব ؓ কে?

উত্তর: রাসূলের চাচাত ভাই । (আবু লাহাবের পুত্র)

২৫৮ । প্রশ্ন: ইসলাম গ্রহণের পর দুররা ؓ কার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন?

উত্তর: হযরত দিহইয়া আলকালবী ؓ ।

২৫৯ । প্রশ্ন: উতাইবা ইবনে আবু লাহাবের মৃত্যু কীভাবে হয়েছিল?

উত্তর: তাকে একটি হিংস্র বাঘ খেয়ে ফেলেছিল ।

২৬০ । প্রশ্ন: আবু লাহাবের মৃত্যু কিভাবে হয়েছিল?

উত্তর: এক ধরনের সংক্রামক রোগে তাঁর সমস্ত শরীর পঁচে যায় । দুর্গন্ধের জন্য তার নিকটে কেহ যেত না, বদর যুদ্ধের ১ সপ্তাহ পরে তার মৃত্যু হয় । দুর্গন্ধের জন্য ৩ দিন পর্যন্ত তার লাশ দাফনবিহীন পড়ে থাকে ।

২৬১ । প্রশ্ন: হযরত আসমা বিনতে উমাইস ؓ কোন ৩ জন সাহাবার স্ত্রী হওয়ার সৌভাগ্য লাভ করেন?

উত্তর: জাফর ؓ শহিদ হলে আবু বকর ؓ, উনার ইন্তেকালের পর আলী ؓ ।

২৬২ । প্রশ্ন: রাসূল ﷺ তাঁর কোন চাচার কাছে লালিত-পালিত হন?

উত্তর: আবু তালিব ইবনে আব্দুল মুত্তালিব ।

২৬৩ । প্রশ্ন: আবু তালিবের কত জন সন্তান ছিল?

উত্তর: ৮ জন ।

২৬৪ । প্রশ্ন: আবু তালিবের স্ত্রীর নাম কী?

উত্তর: হযরত ফাতিমা বিনতে আসাদ ؓ ।

২৬৫ । প্রশ্ন: আবু তালিবের বড় ছেলের নাম কী?

উত্তর: তালিব ইবনে আবু তালিব ।

২৬৬ । প্রশ্ন: যুল জানাহাইন (দুই ডানাওয়ালা) কার উপাধি?

উত্তর: জাফর ইবনে আবি তালিব ؓ, রাসূল ﷺ'র চাচাত ভাই ।

২৬৭ । প্রশ্ন: আকিল ইবনে আবু তালিব ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই ।

২৬৮ । প্রশ্ন: রাসূলের চাচাত ভাই হযরত আলী ইবনে আবি তালিব ؓ কার হাতে শহিদ হন?

উত্তর: আব্দুর রহমান ইবনে মুলজিম নামক ঘাতকের হাতে ।

২৬৯ । প্রশ্ন: উম্মে হানি 'ফাখতা' বিনতে আবু তালিব ؓ কে ছিলেন?

উত্তর: রাসূলের চাচাত বোন (আবু তালিবের কন্যা)

২৭০ । প্রশ্ন; কে রাসূল ﷺ'র মুখ লাগানো পানি পান করার জন্য নফল রোজা ভাঙ্গেন?

উত্তর: হযরত উম্মে হানি বিনতে আবি তালিব ؓ ।

২৭১ । প্রশ্ন: হযরত জুমনাহ বিনতে আবু তালিব ؓ কে ছিলেন?

উত্তর: রাসূলের চাচাত বোন (আবু তালিবের কন্যা) ।

২৭২ । প্রশ্ন: হযরত রীতা বিনতে আবু তালিব ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন ।

২৭৩ । প্রশ্ন: হযরত সালমা বিনতে উমাইস ؓ কার স্ত্রী ছিলেন?

উত্তর: হযরত হামযা ইবনে আব্দুল মুত্তালিব ؓ ।

২৭৪ । প্রশ্ন: হযরত উমামা বিনতে হামযা ؓ কে ছিলেন?

উত্তর: রাসূলের চাচাত বোন (হামযার কন্যা)

২৭৫ । প্রশ্ন: ফাতিমা বিনতে হামযা ؓ কে ছিলেন?

উত্তর: রাসূল ﷺ'র চাচাত বোন (হামযার কন্যা) ।

২৭৬ । প্রশ্ন: হযরত উমারা ইবনে হামযা ؓ কে ছিলেন?

উত্তর: রাসূলের চাচাত ভাই (হামযা ؓ'র পুত্র ।

২৭৭ । প্রশ্ন: উহুদে হযরত হামযা ؓ কার হাতে শহিদ হন?

উত্তর: ওয়াহশী ইবনে হারব এর হাতে (পরে মুসলিম হন) ।

২৭৮ । প্রশ্ন: বদর যুদ্ধে হযরত হামযা ইবনে আব্দুল মুত্তালিব কতজন কাফিরকে নিহত করেন?

উত্তর: ৩১ জন । (সুবহানাল্লাহ)

২৭৯ । প্রশ্ন: হযরত হামযা ؓ'র যানাজা কত বার আদায় হয়?

উত্তর: ৭২ বার

২৮০। প্রশ্ন: হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব رضي الله عنه কখন প্রকাশ্যে ইসলাম গ্রহণের ঘোষণা দেন?
উত্তর: মক্কা বিজয়ের প্রাক্কালে।
২৮১। প্রশ্ন: হযরত উম্মুল ফাদল লুবাবা বিনতে হারিস رضي الله عنها কে ছিলেন?
উত্তর: রাসূলের চাচী (আব্বাস رضي الله عنه'র স্ত্রী)
২৮২। প্রশ্ন: হযরত আব্বাস رضي الله عنه কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৩২ হিজরীর রজব মতান্তরে মহররম মাসে।
২৮৩। প্রশ্ন: রঈসুল মুফাসসিরীন হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস رضي الله عنه কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই।
২৮৪। প্রশ্ন: হযরত আব্বাস رضي الله عنه'র যানাযার নামাজ কে পড়ান?
উত্তর: হযরত উসমান ইবনে আফফান رضي الله عنه।
২৮৫। প্রশ্ন: রাসূলের চাচাত ভাই কুসাম ইবনে আব্বাস رضي الله عنه'র মাজার কোথায়?
উত্তর: সমরখন্দ (উজবেকিস্তান)
২৮৬। প্রশ্ন: হযরত ফাদ্বল ইবনে আব্বাস رضي الله عنه কে ছিলেন?
উত্তর: হযরত আব্বাস رضي الله عنه'র বড় পুত্র।
২৮৭। প্রশ্ন: হযরত উম্মুল ফাদল বিনতে হারিস رضي الله عنها'র পুত্রদের নাম কী?
উত্তর: ফাদল, আব্দুল্লাহ, উবায়দুল্লাহ, মাবাদ, কুসাম, আব্দুর রহমান رضي الله عنهم।
২৮৮। প্রশ্ন: আব্দুল্লাহ ইবনে আব্বাস رضي الله عنه জন্মের পর প্রথম কী ভক্ষণ করেন?
উত্তর: রাসূল ﷺ'র থুথু মোবারক।
২৮৯। প্রশ্ন: আব্দুল্লাহ ইবনে আব্বাস رضي الله عنه কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: ৬৮ হিজরীতে তায়েফ নগরীতে।
২৯০। প্রশ্ন: আব্দুর রহমান ইবনে আব্বাস رضي الله عنه কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র চাচাত ভাই।
২৯১। প্রশ্ন: আরওয়া বিনতে মুকাওয়িম رضي الله عنها, হিন্দা বিনতে মুকাওয়িম رضي الله عنها ও উম্মে আমর বিনতে মুকাওয়িম رضي الله عنها কার সন্তান?
উত্তর: রাসূল ﷺ'র চাচা মুকাওয়িম ইবনে আব্দুল মুত্তালিবের।

রাসূল ﷺ'র ফুফু ও ফুফাত ভাই-বোনদের বিবরণ

২৯২। প্রশ্ন: রাসূল ﷺ'র ফুফুগণের নাম কী?
উত্তর: * উম্মে হাকিম (বায়দা) বিনতে আব্দুল মুত্তালিব, * উমায়মা বিনতে আব্দুল মুত্তালিব, * আতিকা বিনতে আব্দুল মুত্তালিব, * আরওয়া বিনতে আব্দুল মুত্তালিব, * বাররাহ বিনতে আব্দুল মুত্তালিব ও * সাফিয়া বিনতে আব্দুল মুত্তালিব رضي الله عنها।

২৯৩। প্রশ্ন: হযরত হাবিবা বিনতে জাহাশ رضي الله عنها কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র ফুফাত বোন (উমায়মার কন্যা)।
২৯৪। প্রশ্ন: রাসূলের ফুফু উমায়মা বিনতে আব্দুল মুত্তালিবের সন্তান কয় জন?
উত্তর: ৬ জন (আব্দুল্লাহ, উবায়দুল্লাহ, যয়নাব, আবু আহমদ, হাবিবা, হামনা)।
২৯৫। প্রশ্ন: হযরত জয়নাব বিনতে জাহাশ رضي الله عنها কে ছিলেন?
উত্তর: রাসূলের স্ত্রী (এবং ফুফু উমায়মার কন্যা)
২৯৬। প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ইবনে জাহাশ رضي الله عنهকে ছিলেন?
উত্তর: উমায়মার পুত্র (রাসূল ﷺ'র ফুফাত ভাই)।
২৯৭। প্রশ্ন: উহুদে হযরত আব্দুল্লাহ ইবনে জাহাশকে কে শহিদ করে?
উত্তর: আকনাস ইবনে শারিক।
২৯৮। প্রশ্ন: উমায়মার পুত্র উবায়দুল্লাহ ইবনে জাহাশ কখন খ্রিস্টান হয়?
উত্তর: আবিসিনিয়ায় হিজরতের পর।
২৯৯। প্রশ্ন: উম্মে হাবিবা "রমলা" বিনতে আবু সুফিয়ান প্রথমে কার স্ত্রী ছিল?
উত্তর: উবায়দুল্লাহ ইবনে জাহাশের।
৩০০। প্রশ্ন: রাসূল কখন উম্মে হাবিবাকে বিবাহ করেন?
উত্তর: উবায়দুল্লাহ খ্রিস্টান হয়ে উম্মে হাবিবাকে তালাক দেয়ার পর।
৩০১। প্রশ্ন: উমায়মার কন্যা হামনা বিনতে জাহাশের স্বামী কে ছিলেন?
উত্তর: হযরত মুসআব ইবনে উমাইর رضي الله عنه।
৩০২। প্রশ্ন: উহুদে মুসআব শহিদ হলে হামনা কার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন?
উত্তর: হযরত তালহা ইবনে উবায়দুল্লাহ رضي الله عنه।
৩০৩। প্রশ্ন: হযরত আবু আহমদ ইবনে জাহাশ رضي الله عنهকে ছিলেন?
উত্তর: রাসূলের ফুফাত ভাই (উমায়মার পুত্র)
৩০৪। প্রশ্ন: রাসূলের ফুফু কতজন ছিলেন?
উত্তর: ৬ জন
৩০৫। প্রশ্ন: রাসূলের কোন ফুফুর ইসলাম গ্রহণের ব্যাপারে মতভেদ নেই?
উত্তর: হযরত সাফিয়া বিনতে আব্দুল মুত্তালিব رضي الله عنها।
৩০৬। প্রশ্ন: হযরত যোবাইর ইবনুল আওয়াম رضي الله عنهকে ছিলেন?
উত্তর: রাসূলের ফুফাত ভাই (সাফিয়ার পুত্র)
৩০৭। প্রশ্ন: কোন মহিলা সাহাবী প্রথম একজন ইহুদি গুপ্তচরকে হত্যা করেন?
উত্তর: হযরত সাফিয়া رضي الله عنها।
৩০৮। প্রশ্ন: সাফিয়া رضي الله عنها'র স্বামীর নাম কী?
উত্তর: আওয়াম ইবনে খুয়াইলিদ (খাদিজা رضي الله عنها'র ভাই)

৩০৯ । প্রশ্ন: হযরত আসমা বিনতে আবু বকর رضي الله عنها কে ছিলেন?
উত্তর: যুবাইর ইবনুল আওয়াম رضي الله عنه'র স্ত্রী ।
৩১০ । প্রশ্ন: যোবাইর ইবনুল আওয়ামের সহোদরা ভাই কারা?
উত্তর: সাইব رضي الله عنه ও আব্দুল কাবা (আব্দুর রহমান) رضي الله عنه ।
৩১১ । প্রশ্ন: কার মতে আতিকা বিনতে আব্দুল মুত্তালিব ইসলাম গ্রহণ করেন?
উত্তর: সীরাত বিশেষজ্ঞ মোহাম্মদ ইবনে সাদ ও ইবনে হাজার আসকালানী رحمهما الله ।
৩১২ । প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ইবনে আবু উমাইয়া رضي الله عنه কে ছিলেন?
উত্তর: আতিকার পুত্র (রাসূল ﷺ'র ফুফাত ভাই) ।
৩১৩ । প্রশ্ন: কুরাইবা বিনতে আবি উমাইয়্যা رضي الله عنها কে ছিলেন?
উত্তর: রাসূল (সা.) এর ফুফাত বোন (আতিকার মেয়ে) ।
৩১৪ । প্রশ্ন: হযরত আব্দুল্লাহ ইবনে আবু উমাইয়া رضي الله عنه কোন যুদ্ধে শহিদ হন?
উত্তর: তায়েফ যুদ্ধে তীর বিদ্ধ হয়ে ।
৩১৫ । প্রশ্ন: যোবাইর ইবনুল আওয়াম رضي الله عنه কার হাতে শহিদ হন?
উত্তর: ইবনে জারমুয এর হাতে ।
৩১৬ । প্রশ্ন: মক্কা বিজয়ের দিন আলী رضي الله عنه কোন দু'জন লোককে হত্যা করতে অগ্রসর হলে উম্মে হানী رضي الله عنها তাদেরকে আশ্রয় দেন?
উত্তর: হারিস ইবনে হিশাম ও রাসূলের ফুফাত ভাই যুহাইর ইবনে আবি উমাইয়াকে (পরে মুসলিম হন) ।
৩১৭ । প্রশ্ন: মুসলিমদের উপর থেকে ৩ বছরের বয়কট প্রত্যাহারকারীদের অন্যতম কে?
উত্তর: আতিকার পুত্র যোবাইর ইবনে আবু উমাইয়া رضي الله عنه (রাসূলের ফুফাত ভাই)
৩১৮ । প্রশ্ন: কে সপ্নে বদরে মুসলিমদের হাতে কুরাইশদের পরাজয়ের ইঙ্গিত পান?
উত্তর: আতিকা বিনতে আব্দুল মুত্তালিব ।
৩১৯ । প্রশ্ন: কার মতে আরওয়া বিনতে আব্দুল মুত্তালিব ইসলাম গ্রহণ করেন?
উত্তর: তাবাকাত প্রণেতা মোহাম্মদ ইবনে সাদ ও ইবনে হাজার আসকালানী رحمهما الله ।
৩২০ প্রশ্ন: হযরত তুলায়ব ইবনে উমাইর رضي الله عنه কে ছিলেন?
উত্তর: রাসূলের ফুফাত ভাই (আরওয়ার পুত্র)
৩২১ । প্রশ্ন: রাসূলের ফুফু উম্মে হাকিম (বায়দা) কখন মারা যান?
উত্তর: রাসূলের নবুয়ত প্রকাশের কিছুদিন পূর্বে (৬১০ সালে)
৩২২ । প্রশ্ন: আরওয়া বিনতে কুরাইয رضي الله عنها কে ছিলেন?
উত্তর: রাসূলের ফুফাত বোন (বায়দার কন্যা)
৩২৩ । প্রশ্ন: খলিফা ওসমান ইবনে আফফানের মায়ের নাম কী?
উত্তর: আরওয়া বিনতে কুরাইয رضي الله عنها ।

৩২৪ প্রশ্ন: বাররাহ বিনতে আব্দুল মোত্তালিব কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র ফুফু ।
৩২৫ । প্রশ্ন: হযরত আবু সালামা 'আব্দুল্লাহ' ইবনে আব্দুল আসাদ رضي الله عنه'র মায়ের নাম কী?
উত্তর: বাররাহ বিনতে আব্দুল মুত্তালিব (রাসূল ﷺ'র ফুফু)
৩২৬ । প্রশ্ন: আবু সালামা رضي الله عنه কীভাবে শহিদ হন?
উত্তর: উহুদ যুদ্ধে তীরবিদ্ধ হওয়ার মাসখানেক পর শাহাদাত বরণ করেন ।
৩২৭ । প্রশ্ন: আবু সালামা শহিদ হলে উনার স্ত্রী উম্মে সালামাকে কে বিবাহ করেন?
উত্তর: ৪ সন্তানসহ রাসূল ﷺ বিবাহ করে আশ্রয় দেন ।
৩২৮ । প্রশ্ন: আবু সিবরাহ ইবনে আবু রুহম رضي الله عنه কে ছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র ফুফাত ভাই (বাররাহ এর পুত্র) ।

পবিত্র কাবা পুনঃনির্মাণে রাসূল ﷺ'র অংশগ্রহণ

৩২৯ । প্রশ্ন: কুরাইশদের কাবা পুনঃনির্মাণের সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ৩৫ বছর ।
৩৩০ । প্রশ্ন: রাসূল ﷺ কততম পুনঃ নির্মাণে অংশ নেন?
উত্তর: অষ্টম পুনঃ নির্মাণে ।
৩৩১ । প্রশ্ন: রাসূল ﷺ'র আমলে কাবা শরীফের উচ্চতা কয় হাত ছিল?
উত্তর: ১৮ হাত ।
৩৩২ । প্রশ্ন: কাবা পুনঃনির্মাণে রাসূল ﷺ কিভাবে কুরাইশদের সাহায্য করেন?
উত্তর: ইট ও পাথর স্থানান্তরের মাধ্যমে ।
৩৩৩ । প্রশ্ন:এই পর্যন্ত কাবা শরিফ কত বার সংস্কার হয়েছে?
উত্তর: ১২ বার ।
৩৩৪ । প্রশ্ন: কাবা শরিফ প্রথম কারা নির্মাণ করেন?
উত্তর: ফেরেস্তারা ।
৩৩৫ । প্রশ্ন: কাবা পুনঃনির্মাণে কোন বিষয়টি নিয়ে কুরাইশদের মাঝে বিরোধ দেখা দেয়?
উত্তর: হাজরে আসওয়াদ স্থাপন নিয়ে ।
৩৩৬ । প্রশ্ন: হাজরে আসওয়াদ স্থাপন নিয়ে কোন্দল কত দিন পর্যন্ত চলতে থাকে?
উত্তর: ৪ দিন ।
৩৩৭ । প্রশ্ন: "আগামীকাল কাবায় যে প্রথম ঢুকবে, সেই হাজরে আসওয়াদের ফয়সালা করবে ।" এ কথাটি কে বলেছিল?
উত্তর: আবু উমাইয়া ইবনে মুগিরা ।

৩৩৮। প্রশ্ন: পরদিন ভোরে প্রথম কাকে কাবা শরিফে দেখা যায়?
উত্তর: রাসূল ﷺ কে।
৩৩৯। প্রশ্ন: উৎসুক কুরাইশরা রাসূল ﷺকে দেখার পর কী বলেছিল?
উত্তর: আল-আমিন (বিশ্বস্থ) এসেছেন।
৩৪০। প্রশ্ন: হাজরে আসওয়াদকে একটি চাদরে রাখার পর রাসূল ﷺ গোত্র-পতিদের কী বললেন?
উত্তর: মনোনীত প্রতিনিধিরা চাদরের চার কোনা ধরে নির্ধারিত স্থানে নিয়ে আসুন।
৩৪১। প্রশ্ন: সর্বশেষ কে হাজরে আসওয়াদ যথাস্থানে বসিয়ে দেন?
উত্তর: হযরত মুহাম্মদ ﷺ।
৩৪২। প্রশ্ন: কার বিচক্ষণতার কারণে কুরাইশরা সংঘর্ষ এড়াতে পেরেছে?
উত্তর: রাসূল ﷺ'র
৩৪৩। প্রশ্ন: কাবার আশ-পাশ থেকে কে প্রথম ঘর-বাড়ি সরিয়ে দেন?
উত্তর: হযরত ওমর রা.।
৩৪৪। প্রশ্ন: রাসূল ﷺ'র আদেশে কে প্রথম কাবা শরিফে আযান দেন?
উত্তর: বিলাল ইবনে রবিয়া রা.।
৩৪৫। প্রশ্ন :রাসূল ﷺ জান্নাতে কার পায়ের আওয়াজ শুনতে পান?
উত্তর: হযরত বিলাল রা.।
৩৪৬। প্রশ্ন: স্বর্ণ দ্বারা কে প্রথম কাবার দরজায় প্রলেপ দেন?
উত্তর: রাসূল ﷺ'র দাদা আব্দুল মুত্তালিব।

রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশ ও ইসলাম প্রচার

৩৪৭। প্রশ্ন: রাসূল ﷺ'র কত বছর বয়সে নবুয়ত প্রকাশিত হয়?
উত্তর: ৪০ বছর বয়সে। (শামায়েলে তিরমিযি)
৩৪৮। প্রশ্ন: ওহি নাযিলের পর কে প্রথম রাসূল ﷺ কে নবী হিসাবে চিনতে পারেন?
উত্তর: হযরত খাদিজা রা.'র চাচাত ভাই ওয়ারাকা ইবনে নওফেল
৩৪৯। প্রশ্ন: রাসূল ﷺ'র তৃতীয় বার সিনা চাক বা বক্ষ বিদীর্ণ কখন হয়?
উত্তর: নবুয়ত প্রকাশের সময়, ৪০ বছর বয়সে।
৩৫০। প্রশ্ন: রাসূল ﷺ'র কাছে কে প্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত খাদিজা বিনতে খুয়াইলিদ রা.।
৩৫১। প্রশ্ন: রাসূল ﷺ'র মোহরে নবুয়ত কোথায় ছিল?
উত্তর: কাঁধের মাঝখানে, যা কবুতরের ডিমের সমান বড় ছিল
৩৫২। প্রশ্ন: রাসূল ﷺ কত বছর গোপনে ইসলাম প্রচার করেন?
উত্তর: ৩ বছর।

৩৫৩। প্রশ্ন: নবুয়ত প্রকাশের পূর্বে রাসূল ﷺ কোন গুহায় আল্লাহর ধ্যানে মগ্ন থাকতেন?
উত্তর: হেরা গুহায়।
৩৫৪। প্রশ্ন: বালকদের মধ্যে কে প্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত আলী রা.।
৩৫৫। প্রশ্ন: ক্রীতদাসদের মধ্যে কে প্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত যায়িদ ইবনে হারিসা রা.।
৩৫৬। প্রশ্ন: বয়স্কদের মধ্যে কে প্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: ইসলামের প্রথম খলিফা হযরত আবু বকর রা.।
৩৫৭। প্রশ্ন: রাসূল ﷺ'র চাচা হামযা রা. কখন ইসলাম গ্রহন করেন?
উত্তর: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের ৬ষ্ঠ বছর যিলহজ্ব মাসে।
৩৫৮। প্রশ্ন: হযরত ওমর রা., হযরত হামযা রা.'র কত দিন পর মুসলিম হন?
উত্তর: ৩ দিন পর।
৩৫৯। প্রশ্ন: হযরত ওমর রা. নিজের ইসলাম গ্রহণের খবর প্রথম কাকে জানান?
উত্তর: মামা আবু জেহেলকে।
৩৬০। প্রশ্ন: ওমর রা.নিজের ইসলাম গ্রহণের খবর আবু জেহেলকে জানানোর কারণ কী?
উত্তর: ভাগিনার ইসলাম গ্রহণের খবর শুনে সে যেন কষ্ট পায়।
৩৬১। প্রশ্ন: হযরত ওমর রা.কততম মুসলমান?
উত্তর: ৪০ তম।
৩৬২। প্রশ্ন: রাসূল ﷺ কার ইসলাম গ্রহণের জন্য আল্লাহর কাছে দোয়া করেন?
উত্তর: হযরত ওমর রা. অথবা আবু জেহেল থেকে যে কোন একজন।
৩৬৩। প্রশ্ন: কার ইসলাম গ্রহণের ফলে মুসলমানরা প্রকাশ্যে নামাজ আদায় করেন?
উত্তর: হযরত ওমর রা.'র।
৩৬৪। প্রশ্ন: কারগৃহে রাসূল ﷺ মুসলিমদের ইসলামের মাসআলা-মাসায়েল শিক্ষা দিতেন?
উত্তর: হযরত আরকাম ইবনে আবিল আরকাম রা.।
৩৬৫। প্রশ্ন: আরকাম রা.'র বাড়ি কোথায় ছিল?
উত্তর: সাফা-মারওয়া পাহাড়ের পাদদেশে।
৩৬৬। প্রশ্ন: ইসলাম পরিত্যাগ করার শর্তে কে রাসূল ﷺকে নারী, বাড়ি ও সম্পদের লোভ দেখায়?
উত্তর: উতবা ইবনে রবিয়া।
৩৬৭। প্রশ্ন: ইসলাম পরিত্যাগ করার শর্তে লোভ দেখানোর পর রাসূল ﷺ কী বলেন?
উত্তর: "আমার ডান হাতে সূর্য এবং বাম হাতে চন্দ্র এনে দিলেও ইসলাম ছাড়বনা।"

৩৬৮। প্রশ্ন: ইসলাম গ্রহণের কারণে কাফিররা প্রথম কাকে শহীদ করে?
উত্তর: হযরত সুমাইয়া বিনতে খুববাত ﵂কে।
৩৬৯। প্রশ্ন: কুরাইশদের পরামর্শগৃহ 'দারুন নাদওয়া' কার বাড়ি ছিল?
উত্তর: কুসাই ইবনে কিলাব।
৩৭০। প্রশ্ন: কাফিররা কোথায় বসে ইসলাম ও রাসূল ﷺ'র বিরুদ্ধে ষড়যন্ত্র করত।
উত্তর: দারুন নাদওয়ায় বসে।
৩৭১। প্রশ্ন: নামাজের মধ্যে কে রাসূল ﷺকে হত্যার উদ্দেশ্যে গলা চেপে ধরেছিল?
উত্তর: ওকবা ইবনে আবু মুঈত।

রাসূল ﷺ কর্তৃক সাহাবীদের আবিসিনিয়ায় হিজরতের নির্দেশ

৩৭২। প্রশ্ন: রাসূল ﷺ কখন মুসলিমদের আবিসিনিয়ায় হিজরত করার নির্দেশ দেন?
উত্তর: ৬১৫ সালের রজব মাসে।
৩৭৩। প্রশ্ন: 'সাহিবুল হিজরাতাইন' কাদের বলা হয়?
উত্তর: যারা আবিসিনিয়া ও মদিনা উভয় যায়গায় হিজরত করেছেন।
৩৭৪। প্রশ্ন: আবিসিনিয়ার বর্তমান নাম কী?
উত্তর: ইথিওপিয়া, রাজধানী- আদ্দিস আবাবা।
৩৭৫। প্রশ্ন: আবিসিনিয়ায় প্রথম কতজন মুসলিম হিজরত করেন?
উত্তর: ১৬জন। ১২জন পুরুষ ও ৪ জন নারী।
৩৭৬। প্রশ্ন: দ্বিতীয় পর্যায়ে কত জন মুসলিম আবিসিনিয়ায় হিজরত করেন?
উত্তর: ৮৩ জন পুরুষ ও ১৮জন নারী।
৩৭৭। প্রশ্ন: আবিসিনিয়ায় কে মুসলমানদের নিরাপত্তা প্রদান করেন?
উত্তর: আবিসিনিয়ার বাদশাহ আসহামা নাজ্জাশী।
৩৭৮। প্রশ্ন: বাদশাহ নাজ্জাশীর আসল নাম কী?
উত্তর: আসহামা ইবনে আল জাবার।
৩৭৯। প্রশ্ন: বাদশাহ আসহামা নাজ্জাশী কখন ইন্তেকাল করেন?
উত্তর: নবম হিজরীর রমযান মাসে (৬৩০ খ্রিঃ)।
৩৮০। প্রশ্ন: রাসূল ﷺ কোন মুসলিম বাদশাহর গায়েবানা যানাজা আদায় করেছেন?
উত্তর: আসহামা নাজ্জাশী ﵀'র।
৩৮১। প্রশ্ন: কার কণ্ঠে সুরা মরিয়ম তেলাওয়াত শুনে নাজ্জাশী কেঁদেছিলেন?
উত্তর: হযরত জাফর ইবনে আবু তালিব ﵁'র।

৩৮২। প্রশ্ন: আবিসিনিয়ায় হিজরতের পর সাহাবাদের ঘরে সর্বপ্রথম ভূমিষ্ট সন্তানের নাম কী?
উত্তর: মুহাম্মদ ইবনে আবু হুযায়ফা ইবনে উতবা ﵁।
৩৮৩। প্রশ্ন: মুহাম্মদ ইবনে আবু হুযায়ফা ﵁'র মায়ের নাম কী?
উত্তর: সাহলা বিনতে সুহাইল ﵂।
৩৮৪। প্রশ্ন: রাসূল ﷺ'র কোন মেয়ে আবিসিনিয়ায় হিজরত করেন?
উত্তর: হযরত রুকাইয়া ﵂।
৩৮৫। প্রশ্ন: আবিসিনিয়ায় হিজরতকারি মুসলিমদের ফেরত আনার জন্য কুরাইশরা কাকে পাঠায়?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে রবিয়্যা ও হযরত আমর ইবনুল আস ﵄কে (পরবর্তীতে মুসলিম হন)।
৩৮৬। প্রশ্ন: নাজ্জাশীর কাছ থেকে মুসলিমদের ফেরত আনতে না পেরে কুরাইশরা কী সিদ্ধান্ত নেয়?
উত্তর: মুসলমানদের সামাজিকভাবে বয়কট করার।
৩৮৭। প্রশ্ন: কে প্রথম সস্ত্রীক আবিসিনিয়ায় হিজরত করেন?
উত্তর: হযরত আবু সালামা ﵁, মতান্তরে উসমান ﵁।
৩৮৮। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা ﵂ কখন উনার স্বামীকে তালাক দেন?
উত্তর: স্বামী উবায়দুল্লাহ আবিসিনিয়ায় পৌছে মুরতাদ হয়ে যাওয়ার পর।
৩৮৯। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা ﵂ ও রাসূল ﷺ'র মধ্যকার বিবাহের মহর কে রাসূল ﷺ'র পক্ষ থেকে আদায় করেন?
উত্তর: আবিসিনিয়ার বাদশাহ আসহামা নাজ্জাশী।

রাসূল ﷺ ও আবু তালিব পরিবারকে বয়কট

৩৯০। প্রশ্ন: কুরাইশরা কতদিন রাসূল ﷺ ও আবু তালিব পরিবারকে বয়কটের মাধ্যমে অবরুদ্ধ করে রাখে?
উত্তর: ৩ বছর (৬১৭ – ৬১৯ পর্যন্ত)
৩৯১। প্রশ্ন: কুরাইশরা আবু তালিবের পরিবারকে বয়কট করার কারণ কী?
উত্তর: রাসূল ﷺকে পরিত্যাগ না করার কারণে।
৩৯২। প্রশ্ন: আবু তালিব পরিবারকে বয়কট করার চুক্তিনামা কে লিখেছিল?
উত্তর: বোগাইজ ইবনে আমের।
৩৯৩। প্রশ্ন: কার বদদোয়ার ফলে বোগাইজের হাত অবশ হয়ে যায়?
উত্তর: রাসূল ﷺ'র।
৩৯৪। প্রশ্ন: বয়কটকালীন কে রাসূল ﷺ ও খাদিজা ﵂'র জন্য লুকিয়ে খাবার পাঠাতেন?
উত্তর: খাদিজা ﵂'র ভাইপো হাকিম ইবনে হিযাম।

৩৯৫। প্রশ্ন: আবু তালিবের পরিবারের কাছে খাবার পাঠাতে কে বাধা দিত?
উত্তর: আবু জেহেল ইবনে হিশাম।
৩৯৬। প্রশ্ন: বয়কটকালীন কে রাসূল ﷺ'র নিরাপত্তা নিয়ে উদ্বেগ – উৎকণ্ঠায় দিন কাটাতেন?
উত্তর: আবু তালিব।
৩৯৭। প্রশ্ন: কুরাইশদের বয়কট প্রত্যাহারে কাদের অবদান সবচেয়ে বেশি ছিল?
উত্তর: রাসূল ﷺ'র ফুফাত ভাই যুবাইর ইবনে আবু উমাইয়া, হযরত হাকিম ইবনে হাযাম ও আবুল বুখতারী প্রমুখের।
৩৯৮। প্রশ্ন: বয়কটের চুক্তিনামা সম্পর্কে রাসূল ﷺ কী ভবিষ্যদ্বাণী করেছিলেন?
উত্তর: চুক্তিনামার আল্লাহ নামটি ছাড়া বাকি শব্দগুলো উঁই পোকা খেয়ে ফেলেছে।
৩৯৯। প্রশ্ন: মুতয়িম ইবনে আদি কখন চুক্তিনামা ছিড়ে বয়কট প্রত্যাহারের ঘোষণা দেন?
উত্তর: রাসূল ﷺ'র কথা মত যখন দেখা গেল সত্যিই চুক্তি নামা উঁই পোকা খেয়ে ফেলেছে।
৪০০। প্রশ্ন: বয়কটের চুক্তিনামা কখন ছিন্ন করা হয়?
উত্তর: নবুয়ত প্রকাশের দশম বছর মহররম মাসে।
৪০১। প্রশ্ন: বয়কট থেকে মুক্ত হওয়ার পর দাওস গোত্রের কোন ব্যক্তি রাসূল ﷺ'র কাছে ইসলাম গ্রহণ করে?
উত্তর: হযরত তুফায়ল ইবনে আমর দাওসী ؓ।

আমুল হুযন বা দুঃখের বছর

৪০২। প্রশ্ন: রাসূল ﷺ'র জন্য কোন বছরটি আমুল হুযন বা দুঃখের বছর ছিল?
উত্তর: ৬২০ সাল (নবুয়ত প্রকাশের দশম বছর)।
৪০৩। প্রশ্ন: ৬২০ সালকে 'আমুল হুযন' বলার কারণ কী?
উত্তর: ৬২০ সালে আবু তালিব ও খাদিজা ؓ ইন্তেকাল করার কারণে রাসূল ﷺ কিছুটা দুঃখিত ও মর্মাহত হন।
৪০৪। প্রশ্ন: কে রাসূল ﷺকে মৃত্যুর আগ পর্যন্ত কাফিরদের নির্যাতনের হাত থেকে আগলে রাখেন?
উত্তর: আবু তালিব ইবনে আব্দুল মুত্তালিব।
৪০৫। প্রশ্ন: রাসূল ﷺ'র চাচা আবু তালিব কখন মারা যান?
উত্তর: ৬২০ সালের রজব মতান্তরে রমযান মাসে।
৪০৬। প্রশ্ন: কার মতে আবু তালিব মৃত্যুর পূর্বমূহুর্তে কালিমা পড়ে মুসলিম হন?
উত্তর: শীয়া মতাবলম্বিদের।

৪০৭। প্রশ্ন: মৃত্যুকালে আবু তালিবের বয়স কত হয়েছিল?
উত্তর: ৮০ বছর।
৪০৮। প্রশ্ন: ইসলাম গ্রহণ না করেও কে কখনো ইসলামের বিরোধীতা করেন নি?
উত্তর: রাসূল ﷺ'র চাচা আবু তালিব।
৪০৯। প্রশ্ন: রাসূল ﷺ'র সহধর্মীনী হযরত খাদিজা ؓ কখন ইন্তেকাল করেন?
উত্তর: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের দশম বছর রমযান মাসে (৬২০ খ্রি.)।
৪১০। প্রশ্ন: আবু তালিবের মৃত্যুর কতদিন পর খাদিজা ؓ'র ইন্তেকাল হয়?
উত্তর: ৩ দিন মতান্তরে ২ মাস পর।
৪১১। প্রশ্ন: কুরাইশদের বয়কট থেকে মুক্ত হওয়ার কতদিন পর আবু তালিব ও খাদিজা ؓ ইন্তেকাল করেন?
উত্তর: ৬ মাস পর।
৪১২। প্রশ্ন: ইন্তেকালের সময় হযরত খাদিজা ؓ'র বয়স কত হয়েছিল?
উত্তর: ৬৫ বছর।
৪১৩। প্রশ্ন: রাসূল ﷺ একমাত্র তাঁর কোন স্ত্রীর কবরে নেমেছিলেন?
উত্তর: খাদিজা বিনতে খুয়াইলিদ ؓ।
৪১৪। প্রশ্ন: জিবরাইল আল্লাহর পক্ষ থেকে রাসূল ﷺ'র মাধ্যমে কাকে সালাম জানান?
উত্তর: খাদিজা বিনতে খুয়াইলিদ ؓকে।
৪১৫। প্রশ্ন: আবু তালিবের মৃত্যুর পর রাসূল ﷺ কোন গোত্রের কাছে ইসলাম প্রচারের জন্য যান?
উত্তর: তায়েফের বনু সাকিফ গোত্রে।
৪১৬। প্রশ্ন: ইসলাম প্রচারের জন্য রাসূল (সা.) কতদিন তায়েফে অবস্থান করেন?
উত্তর: ১০দিন।
৪১৭। প্রশ্ন: বনু সাকিফ ইসলাম গ্রহণ না করে উল্টো রাসূলের সাথে কী আচরণ করে?
উত্তর: রাসূল ﷺকে মানসিক ও শারীরিক কষ্ট দেয়।
৪১৮। প্রশ্ন: তায়েফ থেকে ফেরার পথে কত জন জিন নাখলায় রাসূল ﷺ'র কুরআন তেলাওয়াত শুনে মুসলিম হয়?
উত্তর: নাসিবাইনের ৭ জন জিন।
৪১৯। প্রশ্ন: রাসূল ﷺ'র দুনিয়ার জিন্দেগীতে অধিক কষ্টকর ঘটনা কোনটি?
উত্তর: তায়েফবাসীদের অত্যাচার।

রাসূল ﷺ'র মিরাজ

৪২০। প্রশ্ন: 'ইসরা' কাকে বলে?
উত্তর: মসজিদে হারাম থেকে মসজিদে আকসা পর্যন্ত রাসূল ﷺ'র গমনকে 'ইসরা' বলে।

৪২১। প্রশ্ন: 'মিরাজ' কাকে বলে?
উত্তর: মসজিদে আকসা থেকে আসমানসমূহের দিকে রাসূল ﷺ'র উর্ধ্বগমনকে 'মিরাজ' বলা হয়।

৪২২। প্রশ্ন: রাসূল ﷺ'র স্বশরীরে জাগ্রত অবস্থায় মিরাজ কখন সংগঠিত হয়?
উত্তর: নবুয়ত প্রকাশের একাদশ মতান্তরে দ্বাদশ সালে ২৬ শে রজব দিবাগত রাত।

৪২৩। প্রশ্ন: স্বপ্নযোগে রাসূল ﷺ'র মিরাজ কতবার হয়েছে?
উত্তর: ৩৩ বার।

৪২৪। প্রশ্ন: রাসূল ﷺ'র স্বশরীরে মিরাজকে সত্য হিসেবে কে প্রথম ঘোষণা দেন?
উত্তর: হযরত আবু বকর সিদ্দিক রাঃ।

৪২৫। প্রশ্ন: রাসূল ﷺ'র তৃতীয় বার সিনা চাক বা বক্ষ বিদীর্ণ কখন হয়?
উত্তর: মিরাজ রজনীতে।

৪২৬। প্রশ্ন: রাসূল ﷺ'র মিরাজ যাত্রা কার গৃহ থেকে শুরু হয়?
উত্তর: উম্মে হানি বিনতে আবু তালিব রাঃ।

৪২৭। প্রশ্ন: মিরাজে মক্কা থেকে বায়তুল মুকাদ্দাস পর্যন্ত রাসূল ﷺ'র বাহন কী ছিল?
উত্তর: বোরাক।

৪২৮। প্রশ্ন: মিরাজ রজনীতে কোথায় রাসূল ﷺ সকল নবীদের নামাজের জামাতে ইমামতি করেন?
উত্তর: বায়তুল মোকাদ্দাস মসজিদে (ফিলিস্তিন)।

৪২৯। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ প্রথম আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত আদম আলাইহিস সালাম।

৪৩০। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ দ্বিতীয় আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত ইয়াহইয়া আলাইহিস সালাম ও হযরত ঈসা আলাইহিস সালাম'র।

৪৩১। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ তৃতীয় আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত ইউসুফ আলাইহিস সালাম এর।

৪৩২। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ চতুর্থ আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত ইদরিস আলাইহিস সালাম এর।

৪৩৩। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ পঞ্চম আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত হারুন ইবনে ইমরান আলাইহিস সালাম এর।

৪৩৪। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ ষষ্ঠ আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত মুসা ইবনে ইমরান আলাইহিস সালাম এর

৪৩৫। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ সপ্তম আসমানে কোন নবীর দেখা পান?
উত্তর: হযরত ইব্রাহিম আলাইহিস সালাম এর।

৪৩৬। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ কোন সাহাবীর জন্য সাঁজানো স্ত্রী দেখেছিলেন?
উত্তর: হযরত যায়েদ ইবনে হারিসা রাঃ।

৪৩৭। প্রশ্ন: ফিরিস্তাদের মসজিদ বায়তুল মামুরের অবস্থান কোথায়?
উত্তর: কাবা শরিফের সোজা উপরে সপ্তম আকাশে

৪৩৮। প্রশ্ন: কার পরামর্শে রাসূল ﷺ আল্লাহর কাছে নামাজের ওয়াক্ত কমানোর আর্জি করেছিলেন?
উত্তর: হযরত মুসা আলাইহিস সালাম।

৪৩৯। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ পরকিয়ায় আসক্ত পুরুষের কোন ধরনের শাস্তি দেখেছিলেন?
উত্তর: তাদের সামনে সুস্বাদু খাবার থাকা সত্ত্বেও পচাঁ ও দুর্গন্ধযুক্ত খাবার খাচ্ছে।

৪৪০। প্রশ্ন: মিরাজে রাসূল ﷺ সুদখোরদের কোন ধরনের শাস্তি দেখেছেন?
উত্তর: দোযখীরা সুদখোরদের পায়ের তলে পিষ্ট করছে।

আকাবার শপথ ও রাসূল ﷺকে মদিনায় আমন্ত্রণ

৪৪১। প্রশ্ন: নবুয়তের দশম বর্ষে হজ্বে এসে কতজন মদিনাবাসী মুসলমান হয়?
উত্তর: ৬ জন।

৪৪২। প্রশ্ন: খাযরাজ গোত্রের প্রথম মুসলমান কে?
উত্তর: হযরত রাফে ইবনে মালিক রাঃ।

৪৪৩। প্রশ্ন: আকাবা নামক স্থানের অবস্থান কোথায়?
উত্তর: মক্কা ও মদীনার মধ্যবর্তী জায়গায়, মক্কা থেকে ২ মাইল দূরে।

৪৪৪। প্রশ্ন: আকাবার প্রথম শপথে কতজন লোক অংশ নেয়?
উত্তর: ১২ জন।

৪৪৫। প্রশ্ন: আকাবার প্রথম শপথে অংশ নেয়া মুসলিমদের সাথে রাসূল ﷺ কাকে মুবাল্লিগ হিসাবে পাঠান?
উত্তর: হযরত মুসয়াব ইবনে উমাইর রাঃকে।

৪৪৬। প্রশ্ন: আকাবার দ্বিতীয় শপথে কতজন মদিনাবাসী অংশ নেয়?
উত্তর: ৭৩ জন পুরুষ ও ২ জন নারী।

৪৪৭। প্রশ্ন: আকাবার দ্বিতীয় শপথে অংশ নেয়া ২ জন নারীর নাম কী?
উত্তর: হযরত উম্মু উমারা 'নাসীবা' বিনতে কাব ও হযরত উম্মু মানী 'আসমা' বিনতে আমর রাঃ।

৪৪৮। প্রশ্ন: হযরত উম্মু উমারা রাঃ'র ছেলে হযরত হাবিব ইবনে জায়েদ রাঃকার হাতে বন্দি হন?
উত্তর: ভন্ড নবী মুসায়লামা ইবনে হাবিবের হাতে।

৪৪৯। প্রশ্ন: মুসায়লামা কেন হযরত হাবিব ইবনে জায়েদ ﷺকে হত্যা করে?

উত্তর: মুসায়লামাকে নবী হিসাবে স্বীকৃতি না দেয়ার কারণে।

৪৫০। প্রশ্ন: মুসায়লামা কার হাতে নিহত হয়?

উত্তর: হযরত হাবিব ইবনে জায়েদের ভাই হযরত আব্দুল্লাহ ইবনে জায়িদ ﷺ ও হযরত ওয়াহশী রাদ্বিয়াল্লাহু আনহু এর হাতে।

৪৫১। প্রশ্ন: দ্বিতীয় আকাবায় কে প্রথম রাসূল (সা.)'র কাছে বাইআত হন?

উত্তর: বারা ইবনে মারুর ﷺ মতান্তরে আবু উমামা ইবনে যুরারা ﷺ।

৪৫২। প্রশ্ন: আকাবার দ্বিতীয় শপথের পর রাসূল ﷺ কতজন গোত্রপতিকে নকিব (দলনেতা) নিযুক্ত করেন?

উত্তর: ১২ জন গোত্রপতিকে।

৪৫৩। প্রশ্ন: আকাবার শপথ অনুষ্ঠানে কে রাসূল ﷺকে নিরাপত্তা দিতেন?

উত্তর: চাচা হযরত আব্বাস ﷺ।

৪৫৪। প্রশ্ন: কে আকাবার শপথের ঘটনা চিৎকার করে মুশরিকদের জানিয়ে দেয়?

উত্তর: আকাবার শয়তান আযেব ইবনে উযাইব।

৪৫৫। প্রশ্ন: দ্বিতীয় আকাবা শপথে অংশ নেয়া কোন মদিনাবাসীকে মুশরিকরা আটক করে?

উত্তর: হযরত সাদ ইবনে উবাদা ﷺকে।

৪৫৬। প্রশ্ন: কার প্রচেষ্টায় সাদ ইবনে উবাদা ﷺকে মুশরিকরা ছেড়ে দেয়?

উত্তর: মাতায়াস ইবনে আদী ও হারেস ইবনে হারব।

৪৫৭। প্রশ্ন: কাদের আমন্ত্রণ পেয়ে রাসূল ﷺ মদিনায় হিজরতের ইচ্ছা পোষণ করেন?

উত্তর: আকাবার শপথে অংশ নেয়া মদিনাবাসীদের।

দ্বিতীয় অধ্যায়
রাসূল ﷺ'র মাদানী জীবন

রাসূল ﷺ ও সাহাবীদের মদিনায় হিজরত

৪৫৮। প্রশ্ন: রাসূল ﷺ নিজ জন্মস্থান মক্কায় কতদিন বসবাস করেন?

উত্তর: প্রায় ৫৩ বছর।

৪৫৯। প্রশ্ন: মদিনায় হিজরতের পূর্বে কারা রাসূল ﷺকে হত্যার উদ্দেশ্যে তাঁর বাসভবন ঘেরাও করে?

উত্তর: মক্কার কুরাইশরা।

৪৬০। প্রশ্ন: কতজন কুরাইশ রাসূল ﷺ'র বাড়ি ঘেরাও করে?

উত্তর: ১১ জন মতান্তরে ১৪ জনের কথা সীরাত গ্রন্থে বর্ণিত হয়েছে।

৪৬১। প্রশ্ন: ঘেরাওকালীন সময়ে রাসূল উনার বিছানায় কাকে রেখে আসেন?

উত্তর: হযরত আলী ﷺ।

৪৬২। প্রশ্ন: কাফিররা রাসূল ﷺকে ঘেরাও করলে তিনি কীভাবে বেরিয়ে আসেন?

উত্তর: একমুষ্টি ধুলো নিক্ষেপ করে।

৪৬৩। প্রশ্ন: রাসূল ﷺ কুরআনের কোন আয়াত পড়ে ধুলো নিক্ষেপ করলে কাফিররা অন্ধ হয়ে যায়।

উত্তর: সুরা ইয়াসিনের ৯ নং আয়াত।

৪৬৪। প্রশ্ন: মক্কা থেকে মদিনায় হিজরতের সময় রাসূল ﷺ'র বাহন কী ছিল?

উত্তর: কাসওয়া নামক উট।

৪৬৫। প্রশ্ন: মদিনায় হিজরতের সময় রাসূল ﷺ'র সাথে কে ছিলেন?

উত্তর: হযরত আবু বকর ﷺও উনার আযাদকৃত দাস আমের ইবনে ফুহাইরা ﷺ।

৪৬৬। প্রশ্ন: মদিনার রাস্তা দেখিয়ে নেয়ার জন্য হযরত আবু বকর কাকে ভাড়া করেন?

উত্তর: আব্দুল্লাহ ইবনে উরায়কাত।

৪৬৭। প্রশ্ন: মদিনায় হিজরতের প্রাক্কালে রাসূল ﷺ কার গৃহে অবস্থান করেন?

উত্তর: হযরত আতিকা বিনতে খালিদ ﷺ।

৪৬৮। প্রশ্ন: হিজরতের সময় রাসূল ﷺকে ধরিয়ে দেয়ার বিনিময়ে কুরাইশরা কতটি উটের লোভ দেখায়?

উত্তর: ১০০টি উট।

৪৬৯। প্রশ্ন: উট পাওয়ার লোভে কে রাসূল ﷺকে ধরার জন্য বের হন?

উত্তর: সুরাকা ইবনে মালেক (পরে মুসলিম হন)।

৪৭০। প্রশ্ন: কার বদদোয়ার ফলে সুরাকা ﷺ'র বাহন অবশ হয়ে যায়?
উত্তর: রাসূল ﷺ'র।
৪৭১। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় হিজরতের সময় তাঁর সাথে কতজন সাথী ছিলেন?
উত্তর: রাসূল ﷺসহ ৪জন।
৪৭২। প্রশ্ন: সওর পর্বতের গুহায় রাসূল ﷺ কত দিন অবস্থান করেন?
উত্তর: ৩ দিন।
৪৭৩। প্রশ্ন: সওর গুহায় হযরত আবু বকর ﷺকে সাপ দংশন করলে কীভাবে সুস্থ হন?
উত্তর: রাসূল ﷺ'র থুথু লাগানোর পর।
৪৭৪। প্রশ্ন: কুরাইশদের বনু মাখযুম গোত্রের প্রথম মুহাজির কে?
উত্তর: হযরত আবু সালামা ইবনে আব্দুল আসাদ ﷺ।
৪৭৫। প্রশ্ন: সওর গুহায় কে রাসূল ﷺ ও হযরত আবু বকরের জন্য খাবার নিয়ে যেতেন?
উত্তর: হযরত আসমা বিনতে আবু বকর ﷺ।
৪৭৬। প্রশ্ন: মদিনায় হিজরতের সময় রাসূল ﷺ কোবায় কতদিন অবস্থান করেন?
উত্তর: ৪ দিন।
৪৭৭। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় হিজরতের পূর্বে উহার নাম কী ছিল?
উত্তর: ইয়াছরিব।
৪৭৮। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় হিজরত করার পর কত দিন হযরত আলী ﷺ মক্কায় অবস্থান করেন?
উত্তর: ৩ দিন মক্কায় অবস্থান করে রাসূল ﷺ'র আমানত লোকদের কাছে ফিরিয়ে দেন।
৪৭৯। প্রশ্ন: মদিনায় মুহাজিরদের ঘরে ভূমিষ্ট প্রথম সন্তান কে?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে যুবাইর ﷺ।
৪৮০। প্রশ্ন: মদিনায় পৌছার পর রাসূল ﷺ কার গৃহে অবস্থান করেন?
উত্তর: হযরত আবু আইয়ুব 'খালিদ' ইবনে যায়িদ ﷺ।
৪৮১। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় হিজরতের পর কোন সাহাবী প্রথম ইন্তেকাল করেন?
উত্তর: হযরত কুলসুম ইবনে হিদম ﷺ।
৪৮২। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় হিজরতের পর আনসারদের ঘরে জন্মগ্রহণকারী প্রথম শিশু কে?
উত্তর: হযরত নুমান ইবনে বশির ﷺ।
৪৮৩। প্রশ্ন: 'আনসার' কাদেরকে বলা হয়?
উত্তর: যে সকল মদিনাবাসী মুহাজিরদের আশ্রয় ও সহযোগিতা করেন।
৪৮৪। প্রশ্ন: 'মুহাজির' কাদেরকে বলা হয়?
উত্তর: রাসূল ﷺ'র নির্দেশে যে সকল মক্কাবাসী মদিনায় হিজরত করেন।

৪৮৫। প্রশ্ন: রাসূল ﷺ আনসারদের কোন গোত্রকে সর্বোত্তম বলেছেন?
উত্তর: বনূ আবদুল আশহাল।
৪৮৬। প্রশ্ন: হিজরী সাল কত খ্রিষ্টাব্দ থেকে গণনা করা হয়?
উত্তর: ৬২২ খ্রিষ্টাব্দের ২৭ শে সেপ্টেম্বর থেকে।
৪৮৭। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় কতদিন বসবাস করেন?
উত্তর: ১০ বছর।

মসজিদে নববী প্রতিষ্ঠা ও মদিনার সনদ প্রণয়ন

৪৮৮। প্রশ্ন: তাকওয়ার উপর নির্মিত প্রথম মসজিদ কোনটি?
উত্তর: মসজিদে নববী। (সূনানে নাসাঈ শরীফ)
৪৮৯। প্রশ্ন: মদিনার কোন স্থানে মসজিদে নববীর ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়?
উত্তর: মদিনায় হিজরতে পর রাসূল ﷺ'র উট সর্বশেষ যে স্থানে বসে পড়েছিল।
৪৯০। প্রশ্ন: মসজিদে নববীর পূর্বে প্রথম রাসূল ﷺ কোন মসজিদ নির্মাণ করেন?
উত্তর: কুবা মসজিদ।
৪৯১। প্রশ্ন: মসজিদে নববীর যায়গার মালিক কে ছিল?
উত্তর: সাহল ইবনে আমর ও সুহাইল ইবনে আমর ভ্রাতৃদ্বয়।
৪৯২। প্রশ্ন: রাসূল ﷺ কর্তৃক নির্মিত মসজিদে নববীর আয়তন কত ছিল?
উত্তর: উত্তর-দক্ষিণে প্রস্থ ছিল ৫৪ হাত, পূর্ব-পশ্চিমে দৈর্ঘ্য ছিল ৬০ হাত।
৪৯৩। প্রশ্ন: মসজিদে নববী নির্মাণের সময় কে দুটি ইট বহন করতেন?
উত্তর: হযরত আম্মার ইবনে ইয়াসির ﷺ।
৪৯৪। প্রশ্ন: হযরত আম্মার ﷺ দুটি ইট বহনের রহস্য কী?
উত্তর: একটি নিজের পক্ষ থেকে অন্যটি রাসূল ﷺ'র পক্ষ থেকে।
৪৯৫। প্রশ্ন: মসজিদে নববীতে রাসূল ﷺ কখন মিম্বর স্থাপন করেন?
উত্তর: অষ্টম হিজরীতে।
৪৯৬। প্রশ্ন: রাসূল ﷺ নির্মিত মিম্বরের আয়তন কত ছিল?
উত্তর: দৈর্ঘ্য ২ গজ, প্রস্থ ১ গজ।
৪৯৭। প্রশ্ন: রাসূল ﷺ নির্মিত মসজিদে নববীতে কতটি দরজা ছিল?
উত্তর: ৩টি।
৪৯৮। প্রশ্ন: আওস-খাযরাজ গোত্র ও বিভিন্ন ধর্মের লোকদের সাথে সম্ভাব বজায় রাখার জন্য রাসূল ﷺ কী প্রণয়ন করেন?
উত্তর: মদিনার সনদ।
৪৯৯। প্রশ্ন: মদিনার সনদের ধারা কতটি ছিল?
উত্তর: ৪৭টি মতান্তরে ৫৩টি।

৫০০। প্রশ্ন: মদিনা সনদ প্রণয়নের মাধ্যমে কোন ৩টি ইহুদি গোত্র শান্তিপূর্ণভাবে মদিনায় বসবাসের সুযোগ পায়?
উত্তর: বনু নযির, বনু কুরাইযা, বনু কাইনুকা।
৫০১। প্রশ্ন: পৃথিবীর ইতিহাসে প্রথম লিখিত সংবিধান কোনটি?
উত্তর: মদিনা সনদ।
৫০২। প্রশ্ন: মদিনা সনদ প্রণয়নের ফলে কোন দুই গোত্রের দীর্ঘদিনের যুদ্ধ বন্ধ হয়?
উত্তর: আওস ও খাযরাজ।
৫০৩। প্রশ্ন: মদিনা সনদের শর্ত কে প্রথম ভঙ্গ করে?
উত্তর: ইহুদি গোত্র বনু কায়নুকা।
৫০৪। প্রশ্ন: মদিনা সনদের মাধ্যমে কে রাষ্ট্রপ্রধানের স্বীকৃতি পান?
উত্তর: রাসূল ﷺ।

মদিনা থেকে রাসূল ﷺ'র যুদ্ধাভিযান

৫০৫। প্রশ্ন: গাযওয়া কাকে বলে?
উত্তর: যে যুদ্ধে স্বয়ং রাসূল ﷺ অংশ নিয়েছেন।
৫০৬। প্রশ্ন: সারিয়্যা কাকে বলে?
উত্তর: যে যুদ্ধে রাসূল ﷺ অংশ নেননি, বরং মনোনীত সেনাপতি পাঠিয়েছেন করেছেন।
৫০৭। প্রশ্ন: রাসূল ﷺ'র গাযওয়ার সংখ্যা কতটি?
উত্তর: ১৯টি। (বুখারী শরীফ)
৫০৮। প্রশ্ন: রাসূল ﷺ'র সারিয়্যার সংখ্যা কতটি?
উত্তর: ২৪ টি মতান্তরে ৩৮টি।
৫০৯। প্রশ্ন: ইবনে ইসহাকের মতে রাসূল ﷺ'র গাযওয়ার সংখ্যা কতটি?
উত্তর: ২৭ টি।
৫১০। প্রশ্ন: কতটি অভিযানে রাসূল ﷺ কাফিরদের সাথে লড়াই করেছেন?
উত্তর: ৯টি যুদ্ধে
৫১১। প্রশ্ন: মুসলমানদের হাতে প্রথম কোন কাফির নিহত হয়?
উত্তর: আমর ইবনে হাদরামী
৫১২। প্রশ্ন: রাসূল ﷺ'র নেতৃত্বে প্রথম কোন যুদ্ধ সংগঠিত হয়?
উত্তর: আবওয়া বা ওদ্দান যুদ্ধ (কিন্তু লড়াই হয়নি)।
৫১৩। প্রশ্ন: আবওয়া যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর সফর মাসে।
৫১৪। প্রশ্ন: 'গাযওয়ায়ে বুওয়াত' কখন সংগঠিত হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর রবিউল আউয়াল মাসে।

৫১৫। প্রশ্ন: 'গাযওয়ায়ে উশায়রা' কখন সংগঠিত হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর জমাদিউল আউয়াল মাসে।
৫১৬। প্রশ্ন: গাযওয়ায়ে সাফওয়ান বা প্রথম বদর কখন সংগঠিত হয়?
উত্তর: ২য় হিজরীর জমাদিউস সানী মাসে
৫১৭। প্রশ্ন: 'গাযওয়ায়ে বদর' কখন সংগঠিত হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর ১৭ই রমযান।
৫১৮। প্রশ্ন: 'গাযওয়ায়ে সাবিক' কখন সংগঠিত হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর যিলহজ্ব মাসে
৫১৯। প্রশ্ন: 'গাযওয়ায়ে সাবিক' কেন সংগঠিত হয়?
উত্তর: ইহুদি কর্তৃক একজন মুসলিম নারীকে উলঙ্গ ও একজন মুসলিম পুরুষকে হত্যা করার কারণে।
৫২০। প্রশ্ন: গাতফান গোত্রের বিরুদ্ধে গাযওয়ায়ে যাতুর রিকা কখন সংগঠিত হয়?
উত্তর; ৪র্থ হিজরীর জমাদিউল আউয়াল মাসে।
৫২১। প্রশ্ন: 'গাযওয়ায়ে জুমাতুল জান্দাল' কখন সংগঠিত হয়?
উত্তর: ৫ম হিজরীর রবিউল আউয়াল মাসে।
৫২২। প্রশ্ন: 'গাযওয়ায়ে যি-কারাদ' কখন সংগঠিত হয়?
উত্তর: ৬ষ্ট হিজরীর জমাদিউস সানী মাসে।
৫২৩। প্রশ্ন: রাসূল ﷺ কর্তৃক যি-কারাদ অভিযানে বের হওয়ার কারণ কী?
উত্তর: বনূ গাতফানের কতিপয় লোক কর্তৃক রাসূল ﷺ'র উট লুণ্ঠনের কারণে।
৫২৪। প্রশ্ন: রাজির দুঃখজনক ঘটনা কখন সংগঠিত হয়?
উত্তর: ৪র্থ হিজরীর সফর মাসে।
৫২৫। প্রশ্ন: রাসূল ﷺ আযল ও কারা গোত্রের কতিপয় ব্যক্তির অনুরোধে কতজন মুবাল্লিগ পাঠান?
উত্তর: ১০ জন।
৫২৬। প্রশ্ন: রাজির ঘটনায় আযল ও কারা গোত্রে প্রেরিত কতজন সাহাবী শহিদ হন?
উত্তর: ৮ জন, অন্য ২ জনকে বন্দি করে বিক্রি করা হলে কাফিররা তাদেরকেও শহিদ করে।
৫২৭। প্রশ্ন: বীরে মাউনার দুঃখজনক ঘটনা কখন সংগঠিত হয়?
উত্তর: ৪র্থ হিজরীর সফর মাসে।
৫২৮। প্রশ্ন: আবু বারা মালিকের চাহিদার প্রেক্ষিতে রাসূল ﷺ কতজন মুবাল্লিগ তাঁর সাথে পাঠান?
উত্তর: ৪০ জন।
৫২৯। প্রশ্ন: বীরে মাউনা নামক স্থানে কার নেতৃত্বে মুসলিম মুবাল্লিগদের উপর গোপন হামলা হয়?
উত্তর: আমর ইবনে তুফাইল এর নেতৃত্বে।

৫৩০। প্রশ্ন: বীরে মাউনার দুঃখজনক ঘটনায় কতজন মুবাল্লিগ শহিদ হন?
উত্তর: ৩৯ জন।
৫৩১। প্রশ্ন: 'গাযওয়ায়ে বনু নাযির' কখন সংগঠিত হয়?
উত্তর: চতুর্থ হিজরীর রবিউল আউয়াল মাসে।
৫৩২। প্রশ্ন: বনু নাযির গোত্রকে কেন মদিনা থেকে বহিষ্কার করা হয়?
উত্তর: রাসূল ﷺকে হত্যা করার ষড়যন্ত্রের জন্য।
৫৩৩। প্রশ্ন: 'গাযওয়ায়ে বনু লিওয়ান' কখন সংগঠিত হয়?
উত্তর: ৬ষ্ঠ হিজরীর জমাদিউল আউয়াল মাসে।
৫৩৪। প্রশ্ন: রাসূল ﷺ কর্তৃক বনু লিওয়ানের অভিযান চালানোর কারণ কী
উত্তর: খুবাইব ﵁ ও তাঁর সঙ্গীদের ফেরত চাওয়া।
৫৩৫। প্রশ্ন: যুদ্ধের ময়দানে রাসূল ﷺ সাহাবীদের কী উপদেশ দিতেন?
উত্তর: (১) আক্রান্ত না হওয়া পর্যন্ত আক্রমণ করবে না, (২) নারীদের কখনো হত্যা করবে না, (৩) শিশুদের হত্যা করবে না, (৪) বৃদ্ধ পুরুষ/ মহিলাকে হত্যা করবে না, (৫) শত্রুপক্ষ সন্ধিতে রাজি থাকলে যুদ্ধ করবে না, এ জন্যই হুদায়বিয়ার সন্ধিকে কুরআনে 'সুস্পষ্ট বিজয়' হিসেবে উল্লেখ করা হয়েছে। (৬) শস্যক্ষেত্র ও ফল বাগান ধ্বংস করবে না, (৭) বে-সামরিক লোকদের হত্যা করবে না, (যদিও সে অমুসলিম হয়)।
এ ছাড়া মক্কা বিজয়কালে রাসূল ﷺ ঘোষণা করেন, কোন আহত লোককে হত্যা করবে না, পলায়নরতকে ধাওয়া করবে না, যুদ্ধ বন্দীকে হ্যা করবে না, দূতকে হত্যা করবে না।
৫৩৬। প্রশ্ন: রাসূল ﷺ প্রেরিত প্রথম সারিয়া কোনটি?
উত্তর: হযরত হামযা ﵁'র নেতৃত্বে ৩০ জনের প্রেরিত দল।
৫৩৭। প্রশ্ন: হযরত হামযা ﵁'র নেতৃত্বে প্রথম সারিয়া কখন হয়?
উত্তর: প্রথম হিজরীর রমযান মাসে।

বদর যুদ্ধের বিবরণ

৫৩৮। প্রশ্ন: বদর যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: ২য় হিজরীর ১৭ রমযান (৬২৪ খ্রি)
৫৩৯। প্রশ্ন: বদর যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ৩১৩ জন।
৫৪০। প্রশ্ন: বদর যুদ্ধে কাফিরদের সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: প্রায় ১০০০ জন
৫৪১। প্রশ্ন: বদর যুদ্ধে মুসলমানদের পতাকাবাহী কে ছিলেন?
উত্তর: হযরত মুসয়াব ইবনে উমাইর ﵁।

৫৪২। প্রশ্ন: বদর যুদ্ধে রাসূল ﷺ'র চাচা হামযা ইবনে আব্দুল মুত্তালিব কত জন কাফিরকে হত্যা করেন?
উত্তর: ৩১ জন।
৫৪৩। প্রশ্ন: বদর যুদ্ধে কাফিরদের (কুরাইশ) পরাজয় কে স্বপ্নে দেখেছিলেন?
উত্তর: আতিকা বিনতে আব্দুল মুত্তালিব।
৫৪৪। প্রশ্ন: বদর যুদ্ধে কাফিরদের কোন ব্যক্তি প্রথম নিহত হয়?
উত্তর: আসওয়াদ ইবনে আব্দুল আসাদ
৫৪৫। প্রশ্ন: বদর যুদ্ধে মুসলিমদের মধ্যে কে প্রথম শহিদ হন?
উত্তর: হযরত মাহজা ইয়ামনী ﵁।
৫৪৬। প্রশ্ন: হযরত মাহজা ইয়ামনী ﵁কে ছিলেন?
উত্তর: হযরত ওমর ﵁'র আযাদকৃত দাস।
৫৪৭। প্রশ্ন: মুসলমানদের পক্ষে কোন যুদ্ধে ফেরেস্তরা সরাসরি অংশ নেন?
উত্তর: বদর যুদ্ধে।
৫৪৮। প্রশ্ন: বদর যুদ্ধে যাওয়ার পূর্বে রাসূল ﷺ কাকে মদিনার অস্থায়ী শাসক বানান?
উত্তর: হযরত আবু লুবাব ইবনে আব্দুল মানযার ﵁কে।
৫৪৯। প্রশ্ন: বদর যুদ্ধে মুহাজির সাহাবীর সংখ্যা কত ছিল?
উত্তর: ৭৬ জন মতান্তরে ৮৩ জন। (আল্লাহ সর্বজ্ঞাত)
৫৫০। প্রশ্ন: বদর যুদ্ধে কাফির নেতা আবুলাহাব নিজের পরিবর্তে কাকে পাঠায়?
উত্তর: আস ইবনে হিশামকে।
৫৫১। প্রশ্ন: বদর যুদ্ধে আবু জাহিল কার হাতে নিহত হয়?
উত্তর: মুয়াজ ইবনে আফরা ও মুয়াওয়িজ ইবনে আফরা ভ্রাতৃদ্বয়ের হাতে।
৫৫২। প্রশ্ন: বদর যুদ্ধের দিনকে কুরআনে কি নামে আখ্যায়িত করা হয়েছে?
উত্তর: ইয়াওমুল ফুরকান।
৫৫৩। প্রশ্ন: বদর যুদ্ধে আনসার সাহাবীদের মধ্যে প্রথম শহিদ কে?
উত্তর: আল হারেসা ইবনে মুরাকা ﵁।
৫৫৪। প্রশ্ন: বদর যুদ্ধ শুরুর পূর্বমুহূর্তে কে কাফিরদের ত্যাগ করে রাসূলের সাথে যোগ দেন?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে মুহায়ল ﵁।
৫৫৫। প্রশ্ন: বদর যুদ্ধে কত জন কাফির নিহত হয়?
উত্তর: ৭০ জন।
৫৫৬। প্রশ্ন: বদর যুদ্ধে কত জন কাফির বন্দি হয়?
উত্তর: ৭০ জন।
৫৫৭। প্রশ্ন: বদর যুদ্ধে কত জন মুসলিম শাহাদাত বরণ করেন?
উত্তর: ১৪ জন।

৫৫৮। প্রশ্ন: বদর যুদ্ধ কী বারে সংগঠিত হয়?
উত্তর: শুক্রবারে।
৫৫৯। প্রশ্ন: উমাইর ইবনে ওয়াহাব رضي الله عنه কখন ইসলাম গ্রহণ করেন?
উত্তর: বদর যুদ্ধের পর।
৫৬০। প্রশ্ন: বদর যুদ্ধের পর কাফিরদের মৃতদেহ কোন কূপে নিক্ষেপ করা হয়?
উত্তর: কালীব নামক কূপ।

উহুদ যুদ্ধের বিবরণ

৫৬১। প্রশ্ন: উহুদ যুদ্ধে কার ঝুলন্ত চোখের পুতুলি রাসূল ﷺ নিজ হাতে বসিয়ে ভাল করে দেন?
উত্তর: হযরত কাতাদা ইবনে নুমান رضي الله عنه'র।
৫৬২। প্রশ্ন: উহুদ যুদ্ধে কে উবাই ইবনে খালফকে হত্যা করেন?
উত্তর: রাসূল ﷺ।
৫৬৩। প্রশ্ন: উহুদ যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: তৃতীয় হিজরীর ১৫ই শাওয়াল ৬২৫ খ্রি.
৫৬৪। প্রশ্ন: উহুদ যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ৭০০ জন।
৫৬৫। প্রশ্ন: মুসলিম ১০০০ সৈন্যর মধ্যে মুনাফিক আব্দুল্লাহ ইবনে উবাই কত জন সৈন্য নিয়ে দল ত্যাগ করে?
উত্তর: ৩০০ জন।
৫৬৬। প্রশ্ন: উহুদ যুদ্ধে কাফিরদের সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ৩০০০ জন।
৫৬৭। প্রশ্ন: উহুদ যুদ্ধের মুসলমানদের পতাকাবাহী কে ছিলেন?
উত্তর: হযরত মুসআব ইবনে উমাইর رضي الله عنهকে।
৫৬৮। প্রশ্ন: উহুদ যুদ্দে হযরত মুসআব رضي الله عنه কার হাতে শহিদ হন?
উত্তর: আব্দুল্লাহ ইবনে কিমিয়া লাইসী এর হাতে।
৫৬৯। প্রশ্ন: উহুদে মুসআব رضي الله عنه শহিদ হলে কে মুসলিমদের পতাকা বহন করেন?
উত্তর: আলী ইবনে আবি তালিব رضي الله عنه।
৫৭০। প্রশ্ন: উহুদ যুদ্ধে যাওয়ার পূর্বে রাসূল ﷺ কাকে মদিনার অস্থায়ী শাসক বানান?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতুম رضي الله عنهকে।
৫৭১। প্রশ্ন: উহুদ যুদ্ধে হযরত হানযালা ইবনে আবু আমির رضي الله عنهকার হাতে শহিদ হন?
উত্তর: শাদ্দাদ ইবনে আসওয়াদ এর হাতে।
৫৭২। প্রশ্ন: উহুদ যুদ্ধের কোন শহিদকে ফেরেস্তারা গোসল দেন?
উত্তর: হযরত হানযালা ইবনে আবু আমির رضي الله عنهকে।

৫৭৩। প্রশ্ন: হযরত হানযালা ইবনে আবু আমিরের নব-বধুর নাম কী ছিল?
উত্তর: হযরত জামিলা বিনতে আব্দুল্লাহ ইবনে উবাই رضي الله عنها।
৫৭৪। প্রশ্ন: উহুদ যুদ্ধে কোন সাহাবীকে রাসূল ﷺ তরবারি দান করেন?
উত্তর: হযরত আবু দুজানা ইবনে খারাশা رضي الله عنهকে।
৫৭৫। প্রশ্ন: উহুদ যুদ্ধে রাসূল ﷺ'র চাচা হামযা رضي الله عنه কার হাতে শহিদ হন?
উত্তর: ওয়াহশী ইবনে হারব (পরে মুসলিম হন)।
৫৭৬। প্রশ্ন: উহুদ যুদ্ধে কে রাসূল ﷺ'র চাচা হযরত হামযার কলিজা ছিড়ে ফেলে?
উত্তর: আবু সুফিয়ানের স্ত্রী হিন্দা বিনতে উতবা (পরে মুসলিম হন)।
৫৭৭। প্রশ্ন: উহুদ যুদ্ধে কার পাথরের আঘাতে রাসূল ﷺ'র দাঁত মোবারক শহিদ হয়?
উত্তর: উতবা ইবনে আবু ওয়াক্কাসের।
৫৭৮। প্রশ্ন: উহুদ যুদ্ধে রাসূল ﷺ'র শরীরের প্রবাহিত রক্ত মোবারক কে পান করেন?
উত্তর: হযরত মালিক ইবনে সিনান رضي الله عنه।
৫৭৯। প্রশ্ন: হযরত মালিক رضي الله عنه রক্ত পান করার পর রাসূল ﷺ কী বলেছিলেন?
উত্তর: "আমার রক্ত যার রক্তের সাথে মিশ্রিত হয়, দোযখের আগুন তাকে স্পর্শ করতে পারবে না"।
৫৮০। প্রশ্ন: উহুদ যুদ্ধে রাসূল ﷺ কাকে ৫০ জন মুসলিম তীরন্দাজ বাহিনীর সেনাপতি বানান?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে যোবায়ের رضي الله عنهকে।
৫৮১। প্রশ্ন: রাসূল ﷺ কাকে উহুদ যুদ্ধে জীবন্ত শহিদ হিসেবে আখ্যায়িত করেন?
উত্তর: হযরত তালহা ইবনে উবায়দুল্লাহ رضي الله عنهকে।
৫৮২। প্রশ্ন: উহুদ যুদ্ধে রাসূল (সা.) এর কয়টি দাঁত মোবারক শহিদ হয়?
উত্তর: অধিকাংশের মতে, একটি দাঁত শহিদ হয়।
৫৮৩। প্রশ্ন: কে উহুদ যুদ্ধে আহতাবস্থায় রাসূল ﷺকে পর্বতের টিলায় তুলেন?
উত্তর: হযরত তালহা ইবনে উবায়দুল্লাহ رضي الله عنه।
৫৮৪। প্রশ্ন: উহুদ যুদ্ধে কত জন কাফির নিহত হয়?
উত্তর: ২২ জন মতান্তরে ২৩ জন।
৫৮৫। প্রশ্ন: উহুদ যুদ্ধে কতজন মুসলিম শহিদ হন?
উত্তর: ৭০ জন।
৫৮৬। প্রশ্ন: উহুদ যুদ্ধের শেষ পর্যায়ে মুসলমানদের সামরিক বিপর্যয়ের কারণ কী?
উত্তর: কাফিররা যুদ্ধের মাঠ থেকে পলায়নের পর মুসলমানরা নিজেদের বিজয়ী ভেবে গনিমত (যুদ্ধের পরিত্যক্ত সম্পদ) সংগ্রহে লিপ্ত হলে, সেনাপতি খালিদ পিছন দিক থেকে আচমকা হামলা করে ছত্রভঙ্গ করে দেন।
৫৮৭। প্রশ্ন: সেনাপতি খালিদ বিন ওয়ালিদ رضي الله عنه কখন মুসলিম হন?
উত্তর: হুদায়বিয়ার সন্ধির পর।

খন্দক যুদ্ধের বিবরণ

৫৮৮। প্রশ্ন: খন্দক যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: প্রসিদ্ধ মত হল- ৫ম হিজরীর শাওয়াল মাসে (৬২৭ খ্রি.)।
৫৮৯। প্রশ্ন: বুখারী শরীফের বর্ণনা মতে, খন্দক যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: চতুর্থ হিজরীর শাওয়াল মাসে।
৫৯০। প্রশ্ন: খন্দক যুদ্ধের অপর নাম কী?
উত্তর: আহযাব বা সম্মিলিত বাহিনীর যুদ্ধ।
৫৯১। প্রশ্ন: খন্দক যুদ্ধে রাসূল ﷺ কার পরামর্শে পরিখা খনন করান?
উত্তর: হযরত সালমান ফারসী ﷺ'র।
৫৯২। প্রশ্ন: কোন যুদ্ধে রাসূল ﷺ নিজে মাটি বহন করেন?
উত্তর: খন্দক যুদ্ধে।
৫৯৩। প্রশ্ন: খন্দক যুদ্ধে কাফির সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ১০০০০ জন।
৫৯৪। প্রশ্ন: খন্দক যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ৩০০০ জন।
৫৯৫। প্রশ্ন: খন্দকে সাহাবীরা পরস্পরকে চিনার জন্য কী ধ্বনি উচ্চারণ করতেন?
উত্তর: হুম লা ইউনছারুন।
৫৯৬। প্রশ্ন: খন্দক যুদ্ধে কাফিররা কতদিন মদিনা অবরোধ করে ব্যর্থ হয়ে ফিরে যায়?
উত্তর: প্রায় ১ মাস।
৫৯৭। প্রশ্ন: হযরত সাদ ইবনে মুয়াজ ﷺ কোন যুদ্ধে শহিদ হন?
উত্তর: খন্দক যুদ্ধে আহত হওয়ার মাসখানেক পর।
৫৯৮। প্রশ্ন: খন্দক যুদ্ধে হযরত আলী ﷺ কাকে মল্লযুদ্ধে নিহত করেন?
উত্তর: আমর ইবনে আব্দে উদকে।
৫৯৯। প্রশ্ন: খন্দক যুদ্ধে রাসূল ﷺ'র কোন ওয়াক্তের নামাজ কাযা হয়?
উত্তর: আছরের নামাজ।
৬০০। প্রশ্ন: খন্দক যুদ্ধে কত জন কাফির নিহত হয়?
উত্তর: ১০ জন মতান্তরে ৩ জন।
৬০১। প্রশ্ন: খন্দক যুদ্ধে কত জন মুসলিম শহিদ হন?
উত্তর: ৬ জন।
৬০২। প্রশ্ন: কার লাশের খাটিয়া ফেরেস্তারা বহন করেছিলেন?
উত্তর: হযরত সাদ ইবনে মুয়াজ ﷺ'র।

বনু কুরাইযা অভিযান

৬০৩। প্রশ্ন: বনু কুরাইযা অভিযান কখন সংগঠিত হয়?
উত্তর: ৫ম হিজরীর যিলকদ মাসে (৬২৭ খ্রি.)।
৬০৪। প্রশ্ন: রাসূল ﷺ বনু কুরাইযা গোত্রকে অবরুদ্ধ করার কারণ কী?
উত্তর: বনু কুরাইযা গোত্র রাসুলের সাথে সন্ধি চুক্তি ভঙ্গ করে খন্দকে কাফিরদের সাহায্য করার কারণে।
৬০৫। প্রশ্ন: রাসূল ﷺ কত দিন বনু কুরাইযা গোত্রকে অবরোধ করে রাখেন?
উত্তর: ২৫ দিন।
৬০৬। প্রশ্ন: বনু কুরাইযাকে আত্মসর্ম্পনের জন্য রাসূল ﷺ কাকে পাঠান?
উত্তর: আবু লুবাবা ইবনে আব্দুল মুনযির ﷺ কে।
৬০৭। প্রশ্ন: বনু কুরাইযার প্রতি দয়াপরবশ হয়ে আবু লুবাবা কোন গোপন তথ্য ফাঁস করে দেন?
উত্তর: ইঙ্গিতে বুঝিয়ে দেন আত্মসমর্পন করলে গলাকাঁটা হবে।
৬০৮। প্রশ্ন: রাসূল ﷺ'র আমানত রক্ষা করতে না পারায় আবু লুবাবা অনুতপ্ত হয়ে কী করলেন?
উত্তর: ৬দিন পর্যন্ত নিজেকে মসজিদের খুঁটির সাথে বেঁধে তাওবা করেন।
৬০৯। প্রশ্ন: আবু লুবাবা ﷺ'র তওবা কবুল করে আল্লাহ কোন আয়াত নাযিল করেন?
উত্তর: সূরা তাওবার ১০২ নং আয়াত।
৬১০। প্রশ্ন: বনু কুরাইযা কাকে নিজেদের জন্য বিচারক মানল?
উত্তর: হযরত সাদ ইবনে মুয়াজ ﷺ কে।
৬১১। প্রশ্ন: বিশ্বাসঘাতক বনু কুরাইযার ব্যাপারে হযরত সাদ ইবনে মুয়াজ ﷺ কী রায় দিলেন?
উত্তর: বনু কুরাইযার নারী, শিশু ও বৃদ্ধদের জন্য ক্ষমা ঘোষণা করলেন, সকল যোদ্ধাদের হত্যার আদেশ দেন।
৬১২। প্রশ্ন: বনু কুরাইযার এক মহিলার নিক্ষিপ্ত যাঁতায় কোন সাহাবী শহিদ হন?
উত্তর: হযরত খাল্লাদ ইবনে সুয়াইদ ﷺ।
৬১৩। প্রশ্ন: বনু কুরাইযার বন্দী মহিলাদের মধ্যে হতে রাসূল ﷺ কাকে বাঁদি হিসাবে নেন?
উত্তর: হযরত রায়হানা বিনতে আমর ﷺ।

বনু মোস্তালিকার যুদ্ধ

৬১৪। প্রশ্ন: বনু মোস্তালিকার যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: ওয়াকিদী ﷺ এর মতে, ৫ম হিজরীর ২ শাবান, ইবনে ইসহাকের মতে, ৬ষ্ঠ হিজরীর শাবান মাসে।

৬১৫। প্রশ্ন: বনু মোস্তালিকা কোন গোত্রের শাখা?
উত্তর: বনু খোজায়া গোত্রের।
৬১৬। প্রশ্ন: বনু মুস্তালিকা যুদ্ধের আরেকটি নাম কী?
উত্তর: মুরাটসী যুদ্ধ।
৬১৭। প্রশ্ন: বনু মোস্তালিকা যুদ্ধে মুহাজিরদের পতাকা কার হাতে ছিল?
উত্তর: হযরত আবু বকর ﷺ'র হাতে।
৬১৮। প্রশ্ন: বনু মুস্তালিকা অভিযানে মুসলিম বাহিনীর সংখ্যা কত ছিল?
উত্তর: ৭০০ জন।
৬১৯। প্রশ্ন: বনু মোস্তালিকা অভিযানের সময় রাসূল ﷺ কাকে মদিনার অস্থায়ী শাসক নিয়োগ করেন?
উত্তর: হযরত আবু যর গিফারী ﷺকে।
৬২০। প্রশ্ন: কোন যুদ্ধে মুনাফিকরা আয়েশা ﷺ'র প্রতি ব্যভিচারের মিথ্যা অপবাদ রটায়?
উত্তর: বনু মোস্তালিকা যুদ্ধ থেকে ফেরার পর।
৬২১। প্রশ্ন: মুনাফিকরা কাকে জড়িয়ে আয়েশা ﷺ'র প্রতি মিথ্যা অপবাদ দেয়?
উত্তর: হযরত সাফওয়ান ইবনে মুআত্তাল ﷺকে।
৬২২। প্রশ্ন: আয়েশা ﷺ'র চরিত্রের পবিত্রতা ঘোষণা করে আল্লাহ কুরানের কোন আয়াত নাযিল করেন?
উত্তর: সূর নূর এর ১১ নং আয়াত।
৬২৩। প্রশ্ন: বনু মুস্তালিকায় মুসলিমদের হাতে ভুলক্রমে কোন সাহাবী শহিদ হন?
উত্তর: হযরত হিশাম ইবনে সাবাবা ﷺ।
৬২৪। প্রশ্ন: বনু মুস্তালিকায় কত জন কাফির নিহত হয়?
উত্তর: ১০ জন।
৬২৫। প্রশ্ন: বুন মুস্তালিকায় কত জন সাহাবী শহিদ হন?
উত্তর: ১ জন (এক)।
৬২৬। প্রশ্ন: বনু মুস্তালিকা যুদ্ধে কাফিরদের সেনাপতি কে?
উত্তর: হারিস ইবনে আবু যিরার।
৬২৭। প্রশ্ন: বনু মুস্তালিকা যুদ্ধের পর, কোন নারীকে রাসূল ﷺ বিবাহ করার কারণে, সাহাবীরা মুস্তালিকার ১০০ বন্দিকে মুক্ত করে দেন?
উত্তর: সেনাপতি হারেসের কন্যা হযরত জুয়াইরিয়া বিনতে হারিস ﷺকে।

রাসূল ﷺ'র ওমরা পালনে বাধা ও হুদায়বিয়ার সন্ধি

৬২৮। প্রশ্ন: ৬ষ্ঠ হিজরীতে রাসূল ﷺ ওমরা পালন করতে বের হয়ে কুরাইশদের দ্বারা বাধাপ্রাপ্ত হয়ে কোথায় অবস্থান করেন?
উত্তর: হুদায়বিয়া নামক একটি কূপের পাশে।

৬২৯। প্রশ্ন: ওমরা পালনে রওয়ানার পূর্বে রাসূল ﷺ কাকে মদিনার অস্থায়ী শাসক বানান?
উত্তর: হযরত নামিলা ইবনে আব্দুল্লাহ ﷺকে।
৬৩০। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে কত জন সাহাবী ওমরা পালনের জন্য বের হন?
উত্তর: ১৪০০ জন।
৬৩১। প্রশ্ন: ৬ষ্ঠ হিজরীতে ওমরা পালনের জন্য রাসূল ﷺ কোন উটের পিঠে সওয়ার হন?
উত্তর: সালাবা নামক উট।
৬৩২। প্রশ্ন: "যুদ্ধের জন্য আসি নাই ওমরা করতে এসেছি" -এ কথা জানানোর জন্য রাসূল ﷺ কুরাইশদের কাছে কাকে পাঠান?
উত্তর: ইসলামের তৃতীয় খলিফা হযরত ওসমান ﷺকে।
৬৩৩। প্রশ্ন: হযরত ওসমান ﷺকে কারা দীর্ঘক্ষণ বন্দি করে রাখে?
উত্তর: মক্কার কাফিররা।
৬৩৪। প্রশ্ন: হযরত ওসমান ﷺকে মুক্ত করার জন্য সাহাবীরা কী করেন?
উত্তর: যুদ্ধের শপথ নেন।
৬৩৫। প্রশ্ন: রাসূল ﷺ'র হাতের উপর হাত রেখে সাহাবীদের বাইয়াতের নাম কী?
উত্তর: বাইয়াতে রিদওয়ান।
৬৩৬। প্রশ্ন: বাইয়াতে রিদওয়ানে কে প্রথম বাইয়াত হন?
উত্তর: হযরত আবু সিনান আল আসাদী ﷺ।
৬৩৭। প্রশ্ন: মুসলিমদের যুদ্ধ প্রস্তুতির কথা শুনে কুরাইশরা কাকে সন্ধি করার জন্য পাঠায়?
উত্তর: সুহাইল ইবনে আমরকে।
৬৩৮। প্রশ্ন: হুদায়বিয়ার সন্ধি চুক্তির লেখক কে ছিলেন?
উত্তর: হযরত আলী ইবনে আবি তালিব ﷺ।
৬৩৯। প্রশ্ন: হুদায়বিয়ার সন্ধি কখন সংগঠিত হয়?
উত্তর: ৬ষ্ঠ হিজরীর যিলকদ মাসে (৬২৮ খ্রি.)।
৬৪০। প্রশ্ন: হুদায়বিয়ার সন্ধিতে কত বছরের যুদ্ধ বিরতির কথা উল্লেখ ছিল?
উত্তর: ১০ বছরের।
৬৪১। প্রশ্ন: হুদায়বিয়ার সন্ধিকে কুরানে কি নামে আখ্যায়িত করা হয়েছে?
উত্তর: ফাতহুম মুবিন বা সুস্পষ্ট বিজয়।
৬৪২। প্রশ্ন: হুদায়বিয়ায় বাধা প্রাপ্ত হওয়ার পর রাসূল ﷺ কখন কাযা ওমরা আদায় করেন?
উত্তর: ৭ম হিজরীর যিলকদ মাসে।

৬৪৩। প্রশ্ন: হুদায়বিয়ার সন্ধির পর কোন দুজন বীর সেনাপতি মুসলিম হন?

উত্তর: হযরত খালিদ বিন ওয়ালিদ ؓ ও আমর ইবনুল আস ؓ।

রাসূল ﷺ কর্তৃক বিভিন্ন দেশে দূত প্রেরণ

৬৪৪। প্রশ্ন: ইসলামের দাওয়াত দিয়ে রাসূল ﷺ কখন বিভিন্ন দেশে দূত পাঠান?

উত্তর: হুদায়বিয়ার সন্ধির পর (৬২৮ খ্রি.)।

৬৪৫। প্রশ্ন: বসরার গভর্নর শুরাহবিল ইবনে আমরের কাছে রাসূল ﷺ কাকে দূত হিসাবে পাঠান?

উত্তর: হযরত হারিস ইবনে উমাইর ؓ কে।

৬৪৬। প্রশ্ন: কে রাসূল ﷺ'র প্রেরিত দূত হারিস ؓ কে শহিদ করে দেয়?

উত্তর: শুরাহবিল ইবনে আমর।

৬৪৭। প্রশ্ন: রাসূল ﷺ আব্দুল্লাহ ইবনে হুযাফা ؓ কে কার কাছে দূত হিসাবে পাঠান?

উত্তর: ইরান সম্রাট খসরু পারভেজ ইবনে হুরমুজের কাছে।

৬৪৮। প্রশ্ন: কোন সম্রাট রাসূল ﷺ প্রেরিত পত্র ছিড়ে ফেলে?

উত্তর: খসরু পারভেজ ইবনে হুরমুজ।

৬৪৯। প্রশ্ন: খসরু পারভেজ রাসূল ﷺ'র পত্র ছিড়ার পর রাসূল ﷺ কী ভবিষ্যদ্বানী করেন।

উত্তর: "সে (খসরু) ও তার রাজ্য ছিন্ন-বিচ্ছিন্ন হবে"।

৬৫০। প্রশ্ন: খসরু পারভেজ কার হাতে নিহত হয়েছিল?

উত্তর: তার আপন পুত্র শিরওয়ার হাতে।

৬৫১। প্রশ্ন: ইরান (পারস্য) কখন মুসলিমদের হাতে বিজিত হয়?

উত্তর: দ্বিতীয় খলিফা হযরত ওমর ؓ'র খিলাফতকালে।

৬৫২। প্রশ্ন: রাসূল ﷺ দাহিয়াতুল কালবী ؓ কে কার কাছে দূত হিসেবে পাঠান?

উত্তর: রোম-সম্রাট হিরাক্লিয়াসের কাছে।

৬৫৩। প্রশ্ন: রাসূল ﷺ সম্পর্কে হিরাক্লিয়াসের উত্তম ধারণা থাকা সত্ত্বেও মুসলিম না হওয়ার কারণ কি?

উত্তর: প্রজাদের বিদ্রোহের ভয় ও রাজ্য হাত ছাড়া হওয়ার আশংকা।

৬৫৪। প্রশ্ন: রাসূল ﷺ মিশরের বাদশাহ মুকাওকিস (জোবাইর) এর কাছে কাকে দূত হিসাবে পাঠান?

উত্তর: বদরী সাহাবী হাতেব ইবনে আবু বালতাআ ؓ কে।

৬৫৫। প্রশ্ন: দূত প্রেরণের পর বাদশাহ মুকাওকিস রাসূল ﷺ'র জন্য কী হাদিয়া পাঠায়?

উত্তর: ৩ জন সেবক ও দুলদুল নামক একটি খচ্চর।

৬৫৬। প্রশ্ন: মুকাওকিস প্রেরিত সেবক-সেবিকাদের নাম কী?

উত্তর: মারিয়া বিনতে শামঊন, শিরীন বিনতে শামঊন ও মাবুর কিবতী।

৬৫৭। প্রশ্ন: রাসূল ﷺ বাঁদি হিসাবে কাকে নিজের জন্য গ্রহণ করেন?

উত্তর: হযরত মারিয়া বিনতে শামঊন ؓ কে।

৬৫৮। প্রশ্ন: হযরত শিরীন বিনতে শামঊন ؓ কে রাসূল ﷺ কোন সাহাবীকে দান করেন?

উত্তর: হাসসান ইবনে সাবিত ؓ কে।

৬৫৯। প্রশ্ন: ইসলামের দাওয়াত দিয়ে রাসূল ﷺ কাকে আবিসিনিয়ার বাদশাহ আসহামা নাজ্জাশীর কাছে পাঠান?

উত্তর: হযরত আমর ইবনে উমাইয়া ؓ কে।

৬৬০। প্রশ্ন: বাদশাহ আসহামা নাজ্জাশী কখন ইসলাম গ্রহণ করেন?

উত্তর: সপ্তম হিজরীতে।

৬৬১। প্রশ্ন: বাহরাইনের শাসক মুনযির ইবনে আদির কাছে কাকে রাসূল ﷺ দূত হিসাবে পাঠান?

উত্তর: হযরত আলা ইবনে হাযরামী ؓ কে।

খায়বর যুদ্ধ

৬৬২। প্রশ্ন: খায়বর যুদ্ধ কখন সংগঠিত হয়?

উত্তর: সপ্তম হিজরীর মহররম মাসে (৬২৯ খ্রি.)।

৬৬৩। প্রশ্ন: খায়বরে ইহুদীদের কতটি দুর্গ ছিল?

উত্তর: ৮টি।

৬৬৪। প্রশ্ন: খায়বরে রাসূল ﷺ ইহুদিদের কতদিন পর্যন্ত অবরোধ করে রাখেন?

উত্তর: ১০ মতান্তরে ১২ দিন।

৬৬৫। প্রশ্ন: খায়বরে মুসলমানরা ইহুদিদের কোন দুর্গ প্রথম জয় করেন?

উত্তর: নায়েম দুর্গ।

৬৬৬। প্রশ্ন: খায়বরে ইহুদীদের কামুস দুর্গের পতন কার হাতে হয়?

উত্তর: ইসলামের চতুর্থ খলিফা হযরত আলী ؓ'র হাতে।

৬৬৭। প্রশ্ন: খায়বর যুদ্ধের প্রাক্কালে আলী ؓ'র চক্ষুপীড়া কীভাবে সুস্থ হয়?

উত্তর: রাসূল ﷺ'র মুখের বরকতময় লালা লাগানোর পর।

৬৬৮। প্রশ্ন: খায়বরে ইহুদি নেতা মারহাব কার হাতে নিহত হয়?

উত্তর: হযরত মোহাম্মদ ইবনে মাসলামা ؓ'র।

৬৬৯। প্রশ্ন: খায়বরের যুদ্ধে কত জন ইহুদী নিহত হয়?
উত্তর: ৯৩ জন।
৬৭০। প্রশ্ন: খায়বরে কত জন মুসলিম শাহাদাত বরণ করেন?
উত্তর: ১৫ জন।
৬৭১। প্রশ্ন: জাফর ইবনে আবু তালিব কখন হাবশা থেকে মদিনায় আগমন করেন?
উত্তর: খায়বর বিজয়ের দিন
৬৭২। প্রশ্ন: কোন যুদ্ধে হযরত আলী ؓ 'আসাদুল্লাহ' উপাধি ও 'জুলফিকার' তরবারি উপহার পান?
উত্তর: খায়বর যুদ্ধে।
৬৭৩। প্রশ্ন: খায়বর থেকে প্রত্যাবর্তনের সময় রাসূল ﷺ'র কোন ওয়াক্তের নামাজ কাযা হয়?
উত্তর: ফজরের নামাজ।
৬৭৪। প্রশ্ন: খায়বর বিজয়ের পর কোন মহিলা বিষমিশ্রিত ভুনা বকরী খাওয়ানোর মাধ্যমে রাসূল ﷺকে শহীদ করার চেষ্টা করে?
উত্তর: সালাম ইবনে মিশকামের স্ত্রী যয়নাব বিনতে হারিস।
৬৭৫। প্রশ্ন: খায়বরে হযরত বিশর ইবনে বারা ؓকীভাবে শহিদ হন?
উত্তর: ষড়যন্ত্রকারী যয়নাবের বিষমিশ্রিত ভুনা বকরী খেয়ে।
৬৭৬। প্রশ্ন: খায়বরে মুসলিমদের হাতে সাফিয়া বিনতে হুয়াই ؓ বন্দি হলে কে স্ত্রী হিসেবে গ্রহণ করে আশ্রয় দেন?
উত্তর: রাসূল ﷺ।
৬৭৭। প্রশ্ন: খায়বর বিজয়ের পর রাসূল ﷺ তথায় কাকে প্রশাসক নিয়োগ করেন?
উত্তর: হযরত সাওয়াদ ইবনে গাযিয়া ؓকে।

মূতার যুদ্ধ (সারিয়্যা)

৬৭৮। প্রশ্ন: মূতার যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: ৮ম হিজরীর জমাদিউল আউয়াল মাসে (৬২৯ খ্রি.)।
৬৭৯। প্রশ্ন: মূতার যুদ্ধের অন্যতম কারণ কী?
উত্তর: শোরাহবিল কর্তৃক মুসলিম দূত হযরত হারিস ؓকে হত্যা।
৬৮০। প্রশ্ন: মূতা কীসের নাম?
উত্তর: জর্ডানের বালকা এলাকার একটি জনপদ।
৬৮১। প্রশ্ন: রাসূল ﷺ মূতা অভিযান কার বিরুদ্ধে প্রেরণ করেন?
উত্তর: রোম সম্রাট হিরাক্লিয়াসের বাহিনীর বিরুদ্ধে।

৬৮২। প্রশ্ন: মূতার যুদ্ধে মুসলিমদের সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: ৩০০০ জন।
৬৮৩। প্রশ্ন: মূতার যুদ্ধে কাফির (রোমান) সৈন্য সংখ্যা কত ছিল?
উত্তর: লক্ষাধিক।
৬৮৪। প্রশ্ন: মূতার যুদ্ধে পরপর কতজন মুসলিম সেনাপতি শহিদ হন?
উত্তর: ৩ জন।
৬৮৫। প্রশ্ন: মূতার যুদ্ধ শুরু হওয়ার পূর্বে রাসূল ﷺ কোন ৩ জন সেনাপতি শহিদ হওয়ার কথা ভবিষ্যদ্বাণী করেন?
উত্তর: হযরত জাফর ইবনে আবু তালিব ؓ, যায়েদ ইবনে হারিসা ؓ এবং আব্দুল্লাহ ইবনে রাওয়াহা ؓ।
৬৮৬। প্রশ্ন: মূতার যুদ্ধে কার নেতৃত্বে মুসলিমরা কাফিরদের হটিয়ে দেন?
উত্তর: সেনাপতি হযরত খালিদ বিন ওয়ালিদ ؓ'র নেতৃত্বে।
৬৮৭। প্রশ্ন: মূতার যুদ্ধে কাফির পক্ষের সেনাপতি কে ছিল?
উত্তর: শোরাহবিল ইবনে আমর
৬৮৮। প্রশ্ন: মূতার যুদ্ধে হযরত খালিদ বিন ওয়ালিদ ؓ'র হাতে কয়টি তরবারি ভেঙ্গে যায়?
উত্তর: ৯টি
৬৮৯। প্রশ্ন: মূতার যুদ্ধে বীরত্বের জন্য খালিদ ؓ রাসূল ﷺ কর্তৃক কী উপাধি পান?
উত্তর: সাইফুল্লাহ (আল্লাহর তরবারি)।
৬৯০। প্রশ্ন: মূতার যুদ্ধে কত জন মুসলিম শহিদ হন?
উত্তর: ১২ জন।
৬৯১। প্রশ্ন: মূতার যুদ্ধে কত জন কাফির নিহত হয়?
উত্তর: সহস্রাধিক।
৬৯২। প্রশ্ন: মূতা যুদ্ধের পর রাসূল ﷺ কার নেতৃত্বে "যাতে ছালাছেল" অভিযান প্রেরণ করেন?
উত্তর: হযরত আমর ইবনুল আস ؓ'র নেতৃত্বে।

মক্কা বিজয়

৬৯৩। প্রশ্ন: রাসূল ﷺ কখন মক্কা বিজয় করেন?
উত্তর: ৮ম হিজরীর ১৭ই রমযান (৬৩০ খ্রি.)।
৬৯৪। প্রশ্ন: মক্কা অভিযানে রওয়ানা হওয়ার সময় রাসূল ﷺ কাকে মদিনার অস্থায়ী শাসক নিয়োগ করেন?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে উম্মে মাকতুম ؓকে।

৬৯৫। প্রশ্ন: মক্কা ঘেরাও করার পর রাসূল ﷺ কী ঘোষণা করলেন?
উত্তর: "আজ ক্ষমাপ্রাপ্ত হওয়ার দিন, যারা মসজিদে, আবু সুফিয়ানের ঘরে ও নিজ নিজ গৃহে অবস্থান করবে তারা নিরাপত্তা লাভ করবে।"

৬৯৬। প্রশ্ন: ক্ষমা প্রাপ্ত হওয়ার পরও কারা মুসলিম বাহিনীর সাথে সংঘর্ষে লিপ্ত হয়?
উত্তর: সাফওয়ান, সুহাইল ও ইকরামা প্রমুখ মক্কাবাসী।

৬৯৭। প্রশ্ন: মক্কা অভিযানে বিক্ষিপ্ত সংঘর্ষে কত জন কাফির নিহত হয়?
উত্তর: ১২ জন, মতান্তরে ৭০ জন।

৬৯৮। প্রশ্ন: মক্কা অভিযানে বিক্ষিপ্ত সংঘর্ষে কোন ৩ জন মুসলিম শহিদ হন?
উত্তর: হযরত কুরজ ইবনে জাবের ﷺ, হযরত কুনাইস ইবনে খালেদ ﷺএবং হযরত সালামা ইবনে মায়লা ﷺ।

৬৯৯। প্রশ্ন: মক্কা বিজয়ের সময় রাসূল ﷺ'র সাথে কত জন সাহাবী ছিলেন?
উত্তর: ১০০০০ জন, মতান্তরে ১২০০০ জন।

৭০০। প্রশ্ন: মক্কা বিজয়ের পর রাসূল ﷺ কাকে মক্কার মুয়াল্লিম ও মুফতি নিয়োগ করেন?
উত্তর: হযরত মুয়াজ ইবনে জাবাল ﷺকে।

৭০১। প্রশ্ন: রাসূল ﷺ'র মক্কা অভিযানের কারণ কী?
উত্তর: মক্কার কুরাইশরা হুদায়বিয়ার যুদ্ধ বিরতি চুক্তি লঙ্ঘন করে রাসূল ﷺ'র মিত্র বনু খোরায়যার উপর আক্রমণ করার কারণে।

৭০২। প্রশ্ন: মক্কা বিজয় করার পর রাসূল (সা.) কতদিন মক্কায় অবস্থান করেন?
উত্তর: ১৫ দিন মতান্তরে ১৯ দিন।

৭০৩। প্রশ্ন: কোন সাহাবী এক মহিলার মাধ্যমে মক্কা অভিযানের খবর কুরাইশদের জানানোর চেষ্টা করেন।
উত্তর: বদরী সাহাবী হযরত হাতেব ইবনে বালতাআ ﷺ।

৭০৪। প্রশ্ন: হাতেব ﷺ রাসূল ﷺ'র মক্কা অভিযানের খবর কুরাইশদের জানানোর কারণ কী?
উত্তর: কুরাইশদের কাছে তাঁর সন্তান ও স্ত্রী থাকার কারণে।

৭০৫। প্রশ্ন: মহিলা পাঠিয়ে চিঠির মাধ্যমে মক্কা অভিযানের খবর কুরাইশদের জানানোর চেষ্টা কীভাবে ফাঁস হয়?
উত্তর: আল্লাহ তাঁর রাসূল ﷺকে জানিয়ে দেন।

৭০৬। প্রশ্ন: মক্কা বিজয়ের পর রাসূল ﷺ কাবার চাবি কার হাতে বহাল রাখেন?
উত্তর: হযরত ওসমান ইবনে তালহা ﷺ, (মক্কা বিজয়ের পর মুসলিম হন)।

৭০৭। প্রশ্ন: জঘন্য অপরাধের কারণে কতজন ব্যক্তি ব্যতিত বাকি সকল মক্কাবাসীকে রাসূল ﷺ ক্ষমা করে দেন?
উত্তর: চারজন মতান্তরে পাঁচজন।

৭০৮। প্রশ্ন: মক্কা বিজয়ের পর রাসূল ﷺ আব্দুল্লাহ ইবনে খালা ও মিকয়াস ইবনে হুবাবাকে কেন হত্যার আদেশ দেন?
উত্তর: উভয়েই মুসলিম হওয়ার পর দুজন সাহাবাকে হত্যা করে মুরতাদ (ইসলাম ত্যাগ) হয়ে যায়।

৭০৯। প্রশ্ন: কোন দুজন গুরুতর অপরাধীকে রাসূল ﷺ মক্কা বিজয়ের পর ক্ষমা করে দেন?
উত্তর: রাসূলের চাচা হামযা ﷺ'র হত্যাকারী ওয়াহ্শী ইবনে হারব ও হিন্দা বিনতে উতবাকে (যে মহিলা হামযার কলিজা চিবিয়ে ফেলে দেয়)।

৭১০। প্রশ্ন: মক্কা বিজয়ের পর কোন বিখ্যাত ব্যক্তিবর্গ মুসলিম হন?
উত্তর: (১) হযরত ইকরামা ইবনে আবু জেহেল ﷺ, (২) হযরত আবু সুফিয়ান ইবনে হারব ﷺ, (৩) হযরত আবু কুহাফা ﷺ (আবু বকর ﷺ'র পিতা), (৪) হযরত হারিস ইবনে হিশাম ﷺ, (৫) হযরত আত্তাব ইবনে উসাইদ ﷺ, (৬) হযরত সাফইয়ান ইবনে উমাইয়া ﷺ, (৭) হযরত ওয়াহ্শী ইবনে হারব ﷺ, (৮) হযরত হিন্দা বিনতে উতবা ﷺ (আবু সুফিয়ানের স্ত্রী), (৯) হযরত উম্মে হাকাম বিনতে হারিস ﷺ (ইকরামার স্ত্রী) এবং (১০) ফাখতা বিনতে ওয়ালিদ (রা.) (সাফওয়ানের স্ত্রী)।

হাওয়াজিন বা হুনাইনের যুদ্ধ

৭১১। প্রশ্ন: হুনাইনের যুদ্ধ কখন সংগঠিত হয়?
উত্তর: ৮ম হিজরীর শাওয়াল মাসে (৬৩০ খ্রি.)।

৭১২। প্রশ্ন: হুনাইনের যুদ্ধের জন্য রাসূল ﷺ কার কাছ থেকে কিছু যুদ্ধাস্ত্র ধার নেন?
উত্তর: হযরত সাফওয়ান ইবনে উমাইয়া ﷺ'র কাছ থেকে

৭১৩। প্রশ্ন: সাফওয়ান ﷺরাসূল ﷺ'র কোন আদর্শ দেখে মুসলিম হন?
উত্তর: হুনাইনে ধার নেওয়া আমানত (যুদ্ধাস্ত্র) ফিরিয়ে দেয়ার দৃষ্টান্ত দেখে

৭১৪। প্রশ্ন: হুনাইনের যুদ্ধের সময় রাসূল কাকে মক্কার শাসক নিয়োগ করেন?
উত্তর: আত্তাব ইবনে উসাইদ ﷺকে

৭১৫। প্রশ্ন: হুনাইন যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কতজন ছিল?
উত্তর: ১২০০০ জন।

৭১৬। প্রশ্ন: হুনাইন যুদ্ধে কাফিরদের সৈন্য সংখ্যা কত ছিল?

উত্তর: ২০০০০ জন।

৭১৭। প্রশ্ন: হুনাইন যুদ্ধে রাসূল ﷺ'র বাহনের নাম কী ছিল?

উত্তর: দুলদুল নামক খচ্চর।

৭১৮। প্রশ্ন: হুনাইন যুদ্ধে কাফিরদের সেনাপতি কে ছিল?

উত্তর: মালিক ইবনে আওফ।

৭১৯। প্রশ্ন: হুনাইন যুদ্ধে কত জন কাফির নিহত হয়?

উত্তর: ৭০ জন।

৭২০। প্রশ্ন: হুনাইন যুদ্ধে কত জন মুসলিম শহিদ হন?

উত্তর: ৪ জন মতান্তরে ৫ জন

৭২১। প্রশ্ন: হুনাইনে কত জন কাফির মুসলিমদের হাতে বন্দী হয়?

উত্তর: ৬০০০ জন (ছয় হাজার)।

৭২২। প্রশ্ন: হুনাইন যুদ্ধে তালহা ইবনে সাহল ﷺ কতজন কাফিরকে হত্যা করেন?

উত্তর: ২০ জন।

৭২৩। প্রশ্ন: রাসূল ﷺ কাকে হাওয়াজিন গোত্রের ভিতরে ঢুকে তথ্য সংগ্রহের জন্য পাঠান?

উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে আবু হাদরাদ ﷺকে।

৭২৪। প্রশ্ন: হুনাইনে রাসূল ﷺ'র কোন দুধ বোন বন্দী হন?

উত্তর: হযরত শায়মা বিনতে হারিস ﷺ।

৭২৫। প্রশ্ন: শায়মা ﷺকে রাসূল ﷺ কীভাবে দুধ বোন হিসেবে চিনতে পারেন?

উত্তর: হযরত শায়মার শরীরে রাসূল ﷺ'র ছোট বেলার কামড় দেখে।

৭২৬। প্রশ্ন: হযরত শায়মা ﷺকে মুক্তি দিয়ে রাসূল ﷺ কী উপহার দেন?

উত্তর: ২ জন বাঁদি ও পরিমাণমত অর্থকড়ি।

তায়েফ যুদ্ধ

৭২৭। প্রশ্ন: তায়েফ যুদ্ধ কখন সংগঠিত হয়?

উত্তর: অষ্টম হিজরীর শাওয়াল মাসের শেষ দিকে (৬৩০ খ্রি.)।

৭২৮। প্রশ্ন: তায়েফ যুদ্ধ কাদের বিরুদ্ধে হয়েছিল?

উত্তর: বনু সাকিফ ও হাওয়াজিন গোত্রের বিরুদ্ধে।

৭২৯। প্রশ্ন: রাসূল ﷺ তায়েফবাসীকে কত দিন অবরোধ করে রাখেন?

উত্তর: ২০ দিন মতান্তরে ১৭ দিন।

৭৩০। প্রশ্ন: বনু সাকিফের কত জন লোক প্রাচীর ডিঙ্গিয়ে এসে রাসূল ﷺ'র কাছে ইসলাম কবুল করে?

উত্তর: ২৩ জন মতান্তরে ৩০ জন।

৭৩১। প্রশ্ন: সর্বপ্রথম কোন যুদ্ধে রাসূল ﷺ কামান ব্যবহার করেন?

উত্তর: তায়েফ যুদ্ধে।

৭৩২। প্রশ্ন: তায়েফে কার পরামর্শে রাসূল ﷺ কামান ব্যবহার করেন?

উত্তর: ইরান অধিবাসী হযরত সালমান ফারসী ﷺ'র।

৭৩৩। প্রশ্ন: তায়েফ যুদ্ধে কত জন মুসলিম শহিদ হন?

উত্তর: ১২ জন।

৭৩৪। প্রশ্ন: তায়েফ অবরোধকালে রাসূল ﷺ'র কোন স্ত্রীগণ রাসূল ﷺ'র সঙ্গী হন?

উত্তর: হযরত যয়নাব ﷺ ও হযরত উম্মু সালামা ﷺ।

৭৩৫। প্রশ্ন: তায়েফ যুদ্ধে কোন ধরনের সংঘর্ষ হয়?

উত্তর: শুধু দূর থেকে তীর নিক্ষেপের ঘটনা ঘটে।

৭৩৬। প্রশ্ন: আব্দুল্লাহ ইবনে আবু বকর ﷺকোন যুদ্ধে শহিদ হন?

উত্তর: তায়েফ যুদ্ধে।

৭৩৭। প্রশ্ন: তায়েফ অবরোধ থেকে ফেরার পর রাসূল ﷺ কোন যায়গায় এসে উমরা করার নিয়ত করেন?

উত্তর: জিইররানা নামক স্থানে।

৭৩৮। প্রশ্ন: তায়েফে সম্মুখ যুদ্ধ সংগঠিত না হওয়ার কারণ কী?

উত্তর: তায়েফের বনু সাকিফের লোকেরা দুর্গ থেকে বের না হওয়ার কারণে।

৭৩৯। প্রশ্ন: তায়েফ অবরোধ প্রত্যাহার করে ফিরে আসার পথে হাওয়াজিন গোত্রের কতজন লোক রাসূল ﷺ'র কাছে এসে মুসলিম হয়?

উত্তর: ১৪জন মতান্তরে ৯জন নেতৃস্থানীয় ব্যক্তি।

তাবুক যুদ্ধ ও তৎসংশ্লিষ্ট ঘটনা

৭৪০। প্রশ্ন: তাবুক যুদ্ধ কখন সংগঠিত হয়?

উত্তর: ৯ম হিজরীর রজব মাসে (৬৩০ খ্রি.)।

৭৪১। প্রশ্ন: রাসূল ﷺ'র উপস্থিতিতে সর্বশেষ যুদ্ধ কোনটি?

উত্তর: তাবুক যুদ্ধ।

৭৪২। প্রশ্ন: তাবুক যুদ্ধের অপর নাম কি?

উত্তর: গাযওয়াতুল উসরাহ বা কষ্টের যুদ্ধ।

৭৪৩। প্রশ্ন: তাবুক যুদ্ধে রওয়ানা হবার সময় রাসূল ﷺ কাকে মদিনায় রেখে যান?

উত্তর: হযরত আলী ﷺকে।

৭৪৪ । প্রশ্ন: মদিনা থেকে তাবুকের দূরত্ব কত?

উত্তর: মদিনা থেকে ৪০০ মাইল দূরে সিরিয়া সীমান্তে ।

৭৪৫ । প্রশ্ন: তাবুক যুদ্ধে মুসলিম সৈন্য সংখ্যা কত ছিল?

উত্তর: ৩০০০০ জন ।

৭৪৬ । প্রশ্ন: তাবুক যুদ্ধে কাফিরদের সৈন্য সংখ্যা কত ছিল?

উত্তর: ১ লক্ষাধিক

৭৪৭ । প্রশ্ন: রাসূল ﷺ কত দিন তাবুক যুদ্ধের ময়দানে অবস্থান করেন?

উত্তর: ২০ দিন

৭৪৮ । প্রশ্ন: তাবুক যুদ্ধে জয়ী হয়ে রাসূল ﷺ কখন মদিনায় ফিরে আসেন?

উত্তর: ৯ম হিজরীর রমযান মাসে ।

৭৪৯ । প্রশ্ন: কোন যুদ্ধে রাসূল ﷺ সাহাবীদের সামুদ জাতির ধ্বংসাবশেষ দেখান?

উত্তর: তাবুক যুদ্ধে ।

৭৫০ । প্রশ্ন: তাবুক যুদ্ধে হযরত ওসমান ﷺকত টাকা দান করেন?

উত্তর: ১০০০ দিরহাম

৭৫১ । প্রশ্ন: কোন ৩ জন সাহাবী আলস্যের কারণে তাবুক যুদ্ধে যেতে না পারায় অনুতপ্ত হয়ে ক্ষমা চান?

উত্তর: হযরত কাব ইবনে মালিক ﷺ, হযরত হেলাল ইবনে উমাইয়া ﷺ ও হযরত মারারা ইবনে বারিয়া ﷺ ।

৭৫২ । প্রশ্ন: হযরত কাব, হযরত হেলাল, হযরত মারারা ﷺকে বয়কট করার কত দিন পর আল্লাহ তাদের তাওবা কবুল করেন?

উত্তর: ৫০ দিন পর ।

৭৫৩ । প্রশ্ন: কত হিজরীতে চতুর্দিক হতে গোত্র প্রতিনিধি দলে দলে এসে মুসলিম হয়?

উত্তর: নবম হিজরীতে (তাবুক যুদ্ধে জয়ী হওয়ার পর)

৭৫৪ । প্রশ্ন: বনু সাকিফ গোত্রের প্রতিনিধিরা রাসূলের কাছে কখন আসে?

উত্তর: ৯ম হিজরীর রমযান মাসে ।

৭৫৫ । প্রশ্ন: বনু সাকিফ ইসলাম কবুল করলে রাসূল ﷺ কাকে তাদের ইমাম নিয়োগ করেন?

উত্তর: হযরত ওসমান ইবনে আবুল আস ﷺকে ।

৭৫৬ । প্রশ্ন: নবম হিজরীকে কোন নামে ডাকা হয়?

উত্তর: সানাতুল ওফুদ (প্রতিনিধি আগমনের বছর) ।

৭৫৭ । প্রশ্ন: মসজিদে যিরার (ক্ষতিকর মসজিদ) রাসূল কখন ভাঙ্গার আদেশ দেন?

উত্তর: তাবুক যুদ্ধ থেকে ফেরার পথে ।

৭৫৮ । প্রশ্ন: রাসূল ﷺ কাকে মসজিদে যিরার ভাঙ্গার আদেশ দেন?

উত্তর: হযরত মালেক ইবনে দাখশাম ও হযরত মাআন ইবনে আদী ﷺকে ।

৭৫৯ । প্রশ্ন: মসজিদে যিরার নির্মাণে কতজন লোক অংশ নেয়?

উত্তর: ১২ জন ।

৭৬০ । প্রশ্ন: মসজিদে যিরার নির্মাণের উদ্দেশ্য কি ছিল?

উত্তর: ইসলাম ও রাসূল ﷺ'র ক্ষতি করা

৭৬১ । প্রশ্ন: মসজিদে যিরার নির্মাণে কাদের অবদান বেশী ছিল?

উত্তর: মুনাফিক আবু আমের, আব্বাদ ইবনে হানিফ, ওয়াদি ইবনে সাবিত ।

৭৬২ । প্রশ্ন: তাবুক থেকে ফেরার পর রাসূল ﷺ দুমাতুল জান্দাল এর শাসক উকায়দির বিরুদ্ধে অভিযান কার নেতৃত্বে পাঠান?

উত্তর: হযরত খালিদ বিন ওয়ালিদ ﷺ'র নেতৃত্বে ।

৭৬৩ । প্রশ্ন: হযরত খালিদ ﷺ'র হাতে উকায়দি বন্দি হলে কীভাবে মুক্তি পায়?

উত্তর: রাসূল ﷺকে জিযিয়া কর প্রদানের শর্তে ।

৭৬৪ । প্রশ্ন: কোন যুদ্ধের ব্যয়ভার বহনের জন্য হযরত আবু বকর ﷺ তাঁর সমস্ত সম্পদ দান করেন?

উত্তর: তাবুক যুদ্ধের ।

৭৬৫ । প্রশ্ন: তাবুক থেকে ফেরার পর কতটি প্রতিনিধি দল রাসূলের কাছে এসে ইসলাম কবুল করে?

উত্তর: ৭০টি মতান্তরে ১০০ টি ।

৭৬৬ । প্রশ্ন: তাবুক থেকে ফেরার পর রাসূল ﷺ কার গায়েবানা যানাযা আদায় করেন?

উত্তর: আবিসিনিয়ার বাদশাহ আসহামা নাজ্জাশীর ।

৭৬৭ । প্রশ্ন: রাসূল ﷺ'র কন্যা উম্মে কুলসুম ﷺ কখন ইন্তেকাল করেন?

উত্তর: ৯ম হিজরীর শাবান মাসে ।

রাসূল ﷺ'র বিদায় হজ্ব

৭৬৮ । প্রশ্ন: রাসূল ﷺ'র বিদায় হজ্ব কখন সংগঠিত হয়?

উত্তর: দশম হিজরীর যিলহজ্ব মাসে

৭৬৯ । প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ কোন মীকাত থেকে ইহরাম বাঁধেন?

উত্তর: যুল-হুলায়ফা থেকে ।

৭৭০ । প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ'র বাহনের নাম কী ছিল?

উত্তর: কাসওয়া নামক উট ।

৭৭১। প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ'র সাথে কত জন সাহাবী ছিলেন?
উত্তর: এক লক্ষ চব্বিশ হাজার মতান্তরে নব্বই হাজার জন।
৭৭২। প্রশ্ন: রাসূল ﷺ'র বিদায় হজ্বে আরাফার দিন কী বার ছিল?
উত্তর: শুক্রবার।
৭৭৩। প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ কোন প্রকারের হজ্ব করেন?
উত্তর: ক্বিরান হজ্ব।
৭৭৪। প্রশ্ন: হজ্ব কখন ফরজ হয়?
উত্তর: নবম হিজরীতে মতান্তরে ষষ্ঠ হিজরীতে।
৭৭৫। প্রশ্ন: জাবের ইবনে আব্দুল্লাহ ﷺ'র বর্ণনা মতে রাসূল ﷺ কত বার হজ্ব আদায় করেছেন?
উত্তর: ৩ বার।
৭৭৬। প্রশ্ন: রাসূল ﷺ কত বার উমরা পালন করেছেন?
উত্তর: ৪ বার
৭৭৭। প্রশ্ন: রাসূল ﷺ'র সাহাবীদের সাথে বিদায় হজ্বে রওয়ানা হওয়ার পর কে যুল-হুলায়ফায় একজন সন্তান প্রসব করেন?
উত্তর: হযরত আবু বকর ﷺ'র স্ত্রী আসমা বিনতে উমাইস ﷺ।
৭৭৮। প্রশ্ন: বিদায় হজ্বের প্রাক্কালে হযরত আসমা ﷺ'র গর্ভে জন্মগ্রহণকারী শিশুর নাম কী?
উত্তর: হযরত মোহাম্মদ ইবনে আবু বকর ﷺ।
৭৭৯। প্রশ্ন: হযরত আলী ﷺ কোন দেশ থেকে এসে রাসূলের সাথে বিদায় হজ্বে যোগ দেন?
উত্তর: ইয়ামেন থেকে।
৭৮০। প্রশ্ন: নবম হিজরীতে রাসূল ﷺ কাকে আমিরুল হুজ্জাজ বানিয়ে সাহাবাদের হজ্বে পাঠান?
উত্তর: হযরত আবু বকর ﷺকে।
৭৮১। প্রশ্ন: নবম হিজরীতে আবু বকরের নেতৃত্বে কত জন সাহাবী হজ্ব করেন?
উত্তর: ৩০০ জন।
৭৮২। প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ কতটি উট নিজ হাতে জবাই করেন?
উত্তর: ৬৩টি
৭৮৩। প্রশ্ন: রাসূল ﷺ কোন কূপের পানি দাঁড়িয়ে পান করেন?
উত্তর: যমযম কূপের।
৭৮৪। প্রশ্ন: আরাফায় রাসূল ﷺ কোন দুই ওয়াক্তের নামাজ এক সাথে আদায় করেন।
উত্তর: যোহর ও আছর নামাজ (দুই ইকামতে)।

৭৮৫। প্রশ্ন: মুযদালিফায় রওয়ানা হওয়ার সময় রাসূল ﷺ নিজের উটের পিঠে কাকে বসান?
উত্তর: উসামা ইবনে যায়েদ ﷺকে।
৭৮৬। প্রশ্ন: মুযদালিফায় পৌছে রাসূল ﷺ কোন দুই ওয়াক্তের নামাজ এক সাথে আদায় করেন?
উত্তর: মাগরিব ও এশার নামাজ (দুই ইকামতে)।
৭৮৭। প্রশ্ন: মিনায় রওয়ানা হওয়ার সময় রাসূল ﷺ নিজ উটের পিছনে কাকে বসান?
উত্তর: হযরত ফযল ইবনে আব্বাস ﷺকে।
৭৮৮। প্রশ্ন: ইসলামের পূর্ণাঙ্গতা ঘোষণা করে আরাফার দিন আল্লাহ কুরআনের কোন আয়াত নাযিল করেন?
উত্তর: সূরা মায়িদার ৩নং আয়াত।
৭৮৯। প্রশ্ন: বিদায় হজ্বের কতদিন পর রাসূল ﷺ ইন্তেকাল করেন?
উত্তর: একাশি দিন পর।
৭৯০। প্রশ্ন: বিদায় হজ্বের ভাষণে রাসূল ﷺ প্রথম কার সুদী কারবার রহিত করেন?
উত্তর: রাসূল ﷺ'র চাচা হযরত আব্বাস ইবনে আব্দুল মুত্তালিব ﷺ'র।

রাসূল ﷺ'র সম্মানিত স্ত্রীদের বিবরণ

৭৯১। প্রশ্ন: রাসূল ﷺ'র সম্মানিত স্ত্রী কতজন ছিলেন?
উত্তর: অধিকাংশের মতে, ১১ জন।
৭৯২। প্রশ্ন: রাসূল ﷺ'র কুরাইশ বংশীয় স্ত্রী কতজন ছিলেন?
উত্তর: ৬ জন।
৭৯৩। প্রশ্ন: রাসূল ﷺ'র একাধিক বিবাহের কারণ কী?
উত্তর: বিধবা ও তালাক প্রাপ্তাদের আশ্রয় দান, বিভিন্ন গোত্রে বিবাহ করে ইসলামের শক্তি বৃদ্ধি করা, অধিক স্ত্রীদের মাধ্যমে উম্মতদের শরিয়তের নিয়ম-কানুন শিক্ষা দেয়া, তাছাড়া অনেক মহিলা সাহাবী রাসূল ﷺকে স্বামী হিসাবে পাওয়ার আগ্রহ প্রকাশ করলে, রাসূল ﷺ আল্লাহর মাধ্যমে আদিষ্ট হয়ে তাদেরকে বিবাহ করেন।
৭৯৪। প্রশ্ন: স্বয়ং আল্লাহ তায়ালা কুরআনে ঘোষণা করে রাসূল ﷺ'র সাথে কার বিবাহ দেন?
উত্তর: হযরত যয়নাব বিনতে জাহাশ ﷺ'র সাথে।
৭৯৫। প্রশ্ন: হযরদ দাউদ আলাইহিস সালাম'র স্ত্রীদের সংখ্যা কত ছিল?
উত্তর: ৯৯ জন।

৭৯৬। প্রশ্ন: হযরত সুলায়মান আলাইহিস সালাম'র স্ত্রীদের সংখ্যা কত ছিল?
উত্তর: ৩০০ জন।
৭৯৭। প্রশ্ন: কোন দুজন নবী বিবাহ করেন নি?
উত্তর: হযরত ঈসা আলাইহিস সালাম ও হযরত ইয়াহইয়া আলাইহিস সালাম।
৭৯৮। প্রশ্ন: রাসূল ﷺ খাওলা রা.'র অনুরোধে দ্বিতীয় বিবাহ কত বছর বয়সে করেন?
উত্তর: ৫১ বছর।
৭৯৯। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের সময় তাঁর কত জন স্ত্রী জীবিত ছিলেন?
উত্তর: ৯ জন।
৮০০। প্রশ্ন: রাসূল ﷺ দুনিয়ায় থাকাকালীন তাঁর কোন দুজন স্ত্রী ইন্তেকাল করেন?
উত্তর: হযরত খাদিজা বিনতে খুয়াইলিদ রা. ও যয়নাব বিনতে খুযাইমা রা.।
৮০১। প্রশ্ন: রাসূল ﷺ'র একমাত্র কুমারী (অবিবাহিত) স্ত্রীর নাম কী?
উত্তর: হযরত আয়েশা বিনতে আবু বকর রা. (বাকি সবাই বিবাহিত অথবা তালাক প্রাপ্তা)
৮০২। প্রশ্ন: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের পূর্বে হযরত খাদিজা রা. কোন ধর্ম অনুসরণ করতেন?
উত্তর: দ্বীনে হানিফ (একত্ববাদে বিশ্বাসী)।
৮০৩। প্রশ্ন: হযরত খাদিজা রা. কখন ইসলাম গ্রহণ করেন?
উত্তর: রাসূল ﷺ'র নবুয়ত প্রকাশের একেবারে শুরুর দিকে।
৮০৪। প্রশ্ন: রাসূল ﷺ'র পূণ্যবতী স্ত্রীগণের নাম কী?
উত্তর: তাঁদের নাম হল-
১। হযরত খাদিজা বিনতে খুয়াইলিদ রা., ২। হযরত সাওদা বিনতে যামআ রা., ৩। হযরত আয়িশা বিনতে আবু বকর রা., ৪। হযরত হাফসা বিনতে উমার ইবনুল খাত্তাব রা., ৫। হযরত যয়নাব বিনতে খুযায়মা রা., ৬। হযরত উম্মু সালমা বিনতে আবি উমাইয়্যা রা., ৭। হযরত যয়নাব বিনতে জাহাশ রা., ৮। হযরত জুয়াইরিভয়া বিনতে হারিস রা., ৯। হযরত উম্মে হাবিবা বিনতে আবু সুফিয়ান রা., ১০। হযরত সাফিয়া বিনতে হুয়াই রা. ও ১১। হযরত মায়মুনা বিনতে হারিস রা.।
কেউ কেউ রাসূল ﷺ'র বাঁদি হযরত মারিয়া বিনতে শামউন রা.কে রাসূল ﷺ'র স্ত্রীদের মধ্যে অন্তর্ভূক্ত করেছেন।
৮০৫। প্রশ্ন: রাসূল ﷺ প্রথম কাকে বিবাহ করেন?
উত্তর: হযরত খাদিজা রা.কে।

৮০৬। প্রশ্ন: খাদিজার ইন্তেকাল হলে একাকীত্ব দূর করার জন্য কে রাসূল ﷺকে পুনরায় বিবাহ করতে অনুরোধ করেন?
উত্তর: উসমান ইবনে মাযউন রা.'র স্ত্রী খাওলা বিনতে হাকিম রা.।
৮০৭। প্রশ্ন: হযরত খাওলা রা.'র মধ্যস্থতায় রাসূল ﷺ কাকে বিবাহ করেন?
উত্তর: হযরত সাওদা বিনতে জামআ রা.।
৮০৮। প্রশ্ন: হযরত সাওদা বিনতে যামআ রা.কে বিবাহের সময় রাসূল ﷺ'র বয়স কত ছিল?
উত্তর: ৫১ বছর।
৮০৯। প্রশ্ন: হযরত সাওদা রা.'র পূর্ব স্বামী সাকরান ইবনে আমর রা. কখন ইন্তেকাল করেন?
উত্তর: মদিনায় হিজরতের পূর্বে।
৮১০। প্রশ্ন: রাসূল ﷺ'সাথে বিবাহের সময় সাওদা রা.'র বয়স কত ছিল?
উত্তর: প্রায় ৫০ বছর।
৮১১। প্রশ্ন: হযরত সাওদা রা. কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৫৪ হিজরী মতান্তরে ৫৫ হিজরীতে।
৮১২। প্রশ্ন: রাসূল ﷺ কখন আয়িশা রা.কে বিবাহ করেন?
উত্তর: হিজরতের ৩ বছর পূর্বে।
৮১৩। প্রশ্ন: রাসূল ﷺ কখন আয়িশা রা.কে নিজ ঘরে আনেন?
উত্তর: প্রথম হিজরীর শাওয়াল মাসে।
৮১৪। প্রশ্ন: রাসূল ﷺ'র গৃহে যাওয়ার সময় আয়িশা রা.'র বয়স কত ছিল?
উত্তর: ১০ বছর মতান্তরে ৯ বছর।
৮১৫। প্রশ্ন: হযরত আয়িশা রা.'র মায়ের নাম কী?
উত্তর: হযরত উম্মে রুম্মান বিনতে আমির রা.।
৮১৬। প্রশ্ন: রাসূল ﷺ উনার কোন স্ত্রীর গৃহে থাকাকালীন অহি নাযিল হত?
উত্তর: আয়িশা রা.'র
৮১৭। প্রশ্ন: মহিলা সাহাবীদের মধ্যে কে সর্বাধিক হাদিস বর্ণনা করেছেন?
উত্তর: আয়িশা রা. ২২১০টি হাদিস।
৮১৮। প্রশ্ন: রাসূল ﷺ এর ইন্তেকালের সময় আয়েশা রা.'র বয়স কত ছিল?
উত্তর: ১৮ বছর।
৮১৯। প্রশ্ন: হযরত আয়িশা রা. কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৫৮ হিজরীর ১৭ই রমযান।

৮২০। প্রশ্ন: আয়িশা (রা)'র যানাযার নামাজ কে পড়ান?
উত্তর: হযরত আবু হুরাইরা (রা)।
৮২১। প্রশ্ন: রাসূল ﷺ হাফসা বিনতে উমার (রা)কে কখন বিবাহ করেন?
উত্তর: তৃতীয় হিজরীতে।
৮২২। প্রশ্ন: হযরত হাফসা (রা)'র পূর্ব স্বামী খুনায়স ইবনে হুযাফা (রা) কীভাবে শহিদ হন?
উত্তর: বদর যুদ্ধে আঘাত প্রাপ্ত হওয়ার পর।
৮২৩। প্রশ্ন: খুনায়স (রা) বদরে শহিদ হলে কে হাফসা (রা)কে নিয়ে চিন্তিত হয়ে পড়েন?
উত্তর: হাফসা (রা)'র পিতা হযরত ওমর ইবনুল খাত্তাব (রা)।
৮২৪। প্রশ্ন: রাসূল ﷺ বিধবা হাফসা (রা)কে স্ত্রীর মর্যাদা দেয়ার কারণ কী?
উত্তর: হযরত ওমর (রা)'র চিন্তা দূর করার জন্য।
৮২৫। প্রশ্ন: হযরত হাফসা (রা) কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৪৫ হিজরীর শাবান মাসে।
৮২৬। প্রশ্ন: রাসূল ﷺ যয়নাব বিনতে খুযায়মা (রা)কে কত হিজরীতে বিবাহ করেন?
উত্তর: তৃতীয় হিজরীর রমযান মাসে।
৮২৭। প্রশ্ন: হযরত যয়নাব বিনতে খুযায়মা (রা)'র পূর্ব স্বামী কে ছিলেন?
উত্তর: আব্দুল্লাহ ইবনে জাহাশ (রা)।
৮২৮। প্রশ্ন: রাসূল ﷺ কখন যয়নাব (রা)কে স্ত্রী হিসেবে গ্রহণ করে আশ্রয় দেন?
উত্তর: রাসূল ﷺ'র ফুফাত ভাই ও যয়নাবের স্বামী আব্দুল্লাহ (রা) উহুদ যুদ্ধে শহিদ হওয়ার পর।
৮২৯। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে বিবাহের কতদিন পর হযরত যয়নাব বিনতে খুযাইমা (রা) ইন্তেকাল করেন?
উত্তর: ৮ মাস পর।
৮৩০। প্রশ্ন: হযরত উম্মু সালামা বিনতে আবি উমাইয়া (রা)কে কত হিজরীতে রাসূল ﷺ বিবাহ করেন?
উত্তর: ৪র্থ হিজরীর শাওয়াল মাসে।
৯৩১। প্রশ্ন: হযরত উম্মু সালামা (রা)'র পূর্ব স্বামী আব্দুল্লাহ ইবনে আব্দুল আসাদ (রা) কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: উহুদ যুদ্ধে আঘাত প্রাপ্ত হয়ে ৪র্থ হিজরীর জমাদিউস সানী মাসে।
৮৩২। প্রশ্ন: স্বামীহারা হযরত উম্মু সালামা (রা)'র দুঃখ কখন দূরিভূত হয়?
উত্তর: রাসূল ﷺকে স্বামী হিসেবে পাওয়ার পর।
৮৩৩। প্রশ্ন: হযরত উম্মু সালামা (রা) কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৬০ হিজরী মতান্তরে ৬৩ হিজরীতে।

৮৩৪। প্রশ্ন: কুরআন নাযিল করে কোন মহিলাকে স্বয়ং আল্লাহ তায়ালা রাসূল ﷺ'র কাছে বিবাহ দেন?
উত্তর: হযরত যয়নাব বিনতে জাহাশ (রা)কে।
৮৩৫। প্রশ্ন: হযরত যয়নাব বিনতে জাহাশ (রা)'র পূর্ব স্বামীর নাম কী?
উত্তর: হযরত যায়েদ ইবনে হারিসা (রা)।
৮৩৬। প্রশ্ন: হযরত যায়েদ (রা) তালাক দেওয়ার পর রাসূল ﷺ কখন যয়নাব বিনতে জাহাশ (রা)কে বিবাহ করেন?
উত্তর: পঞ্চম হিজরীর যিলকদ মাসে।
৮৩৭। প্রশ্ন: কুরআনের কোন আয়াত নাযিল করে আল্লাহ যয়নাব (রা) ও রাসূল ﷺ এর বিবাহের কথা ঘোষণা করেন?
উত্তর: সূরা আহযাবের ৩৭ নং আয়াতে।
৮৩৮। প্রশ্ন: হযরত যয়নাব বিনতে জাহাশ (রা) কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: ২০ হিজরীতে।
৮৩৯। প্রশ্ন: জুয়াইরিয়া বিনতে হারিস (রা)কে কখন রাসূল ﷺ বিবাহ করেন?
উত্তর: ৬ষ্ঠ হিজরীর শাবান মাসে।
৮৪০। প্রশ্ন: হযরত জুয়াইরিয়া (রা)'র পূর্ব স্বামীর নাম কি?
উত্তর: মালিক ইবনে সাফওয়ান।
৮৪১। প্রশ্ন: হযরত জুয়াইরিয়া (রা) বনু মুস্তালিকা যুদ্ধে দাসী হিসাবে বন্দী হলে কে স্ত্রীর মর্যাদা প্রদান করেন?
উত্তর: রাসূল ﷺ।
৮৪২। প্রশ্ন: মুস্তালিকা গোত্রের নারীদের নেত্রী কে ছিলেন?
উত্তর: হযরত জুয়াইরিয়া (রা)।
৮৪৩। প্রশ্ন: হযরত জুয়াইরিয়া (রা)কে রাসূল ﷺ বিবাহ করায় সাহাবীরা মুস্তালিক গোত্রের কতজন বন্দীকে মুক্ত করে দেন?
উত্তর: ৬০০ জনকে।
৮৪৪। প্রশ্ন: হযরত জুয়াইরিয়া (রা) কখন ইন্তেকাল করেন?
উত্তর: ৫০ হিজরীর রবিউল আউয়াল মাসে।
৮৪৫। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা বিনতে আবু সুফিয়ান (রা)কে রাসূল ﷺ কত হিজরীতে বিবাহ করেন?
উত্তর: সপ্তম হিজরীতে
৮৪৬। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা (রা)'র পূর্ব স্বামীর নাম কী?
উত্তর: উবায়দুল্লাহ ইবনে জাহাশ (সে মুরতাদ হলে উম্মে হাবীবা তালাক দেন)।

৮৪৭। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা ؓ কেন উবায়দুল্লাহকে তালাক দেন?
উত্তর: সে হাবশায় পৌছে খ্রিষ্টান (মুরতাদ) হওয়ার কারণে।
৮৪৮। প্রশ্ন: ইসলাম গ্রহণের কারণে উম্মে হাবিবা মাতা-পিতা ও স্বামী থেকে একাকীত্ব হয়ে গেলে কে স্ত্রী হিসাবে আশ্রয় দেন?
উত্তর: রাসূল ﷺ।
৮৪৯। প্রশ্ন: হযরত উম্মে হাবিবা ؓ কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: ৪২ হিজরী মতান্তরে ৪৪ হিজরীতে।
৮৫০। প্রশ্ন: কল্যাণ লাভের জন্য উম্মে হাবিবা ؓ কাকে রাসূলের সাথে বিবাহ দিতে চেয়েছিলেন?
উত্তর: নিজ বোন আযযাহ বিনতে আবু সুফিয়ান ؓকে।
৮৫১। প্রশ্ন: সাফিয়া বিনতে হুয়াই ؓকে রাসূল ﷺ কত হিজরীতে বিবাহ করেন?
উত্তর: খায়বর বিজয়ের পর (৭ম হিজরীতে)।
৮৫২। প্রশ্ন: রাসূল ﷺ কখন সাফিয়া ؓকে স্ত্রী হিসাবে গ্রহণ করে আশ্রয় দেন?
উত্তর: খায়বর যুদ্ধে সাফিয়া ؓ উনার স্বামী, পিতা ও ভাইকে হারিয়ে অসহায়ত্ববোধ করলে।
৮৫৩। প্রশ্ন: হযরত সাফিয়া ؓ'র পূর্ব স্বামীর নাম কী?
উত্তর: কিনানা ইবনে আবিল হুকাইক।
৮৫৪। প্রশ্ন: কিনানার স্ত্রী থাকাকালে হযরত সাফিয়া ؓ কার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার স্বপ্ন দেখেছিলেন?
উত্তর: রাসূল ﷺ'র সাথে।
৮৫৫। প্রশ্ন: হযরত সাফিয়া ؓ'র মুখে আঘাতের দাগ থাকার কারণ কী?
উত্তর: স্বপ্নে রাসূল ﷺকে বিবাহের কথা শুনে কিনানা রাগ করে মুখে থাবা দেয়ার কারণে।
৮৫৬। প্রশ্ন: রাসূল ﷺ সর্বশেষ মায়মুনা ؓকে কত হিজরীতে বিবাহ করেন?
উত্তর: সপ্তম হিজরীর যিলকদ মাসে।
৮৫৭। প্রশ্ন: হযরত মায়মুনা বিনতে হারিস ؓ'র পূর্ব স্বামীর নাম কী?
উত্তর: মাসউদ ইবনে আমর।
৮৫৮। প্রশ্ন: মাসউদ তালাক দিলে মায়মুনা ؓকে স্ত্রী হিসাবে কে আশ্রয় দেন?
উত্তর: রাসূল ﷺ।
৮৫৯। প্রশ্ন: হযরত মায়মুনা ؓ কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: ৫১ হিজরীতে।
৮৬০। প্রশ্ন: হযরত মায়মুনা ؓ'র যানাযা কে পড়ান?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস ؓ।

রাসূল ﷺ'র মাদানী জীবনে ইসলামের যে সকল বিধি-বিধান অবতীর্ণ হয়

৮৬১। প্রশ্ন: রাসূল ﷺ'র ইচ্ছায় কখন আল্লাহ কিবলা পরিবর্তন করে দেন?
উত্তর: ২য় হিজরীর শাবান মাসে
৮৬২। প্রশ্ন: কোন মসজিদে নামাজ আদায়ের সময় কিবলা পরিবর্তন হয়?
উত্তর: মসজিদে বনু সালামা।
৮৬৩। প্রশ্ন: জিহাদ কখন ফরজ হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর শাবান মাসে।
৮৬৪। প্রশ্ন: ইসলামে প্রথম কিসাস গ্রহণ করা হয় কখন?
উত্তর: তায়েফ যুদ্ধের প্রাক্কালে (৬৩০ খ্রি.)।
৮৬৫। প্রশ্ন: যাকাত কখন ফরজ হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীতে।
৮৬৬। প্রশ্ন: রাসূল ﷺ কখন প্রথম সালাতুল খাওফ (ভয়ের নামাজ) আদায় করেন?
উত্তর: ৪র্থ হিজরীর জমাদিউল আউয়াল মাসে
৮৬৭। প্রশ্ন: মদ খাওয়া কখন হারাম হয়?
উত্তর: চতুর্থ হিজরীতে।
৮৬৮। প্রশ্ন: রাসূল ﷺ কখন প্রথম জুমার নামাজ পড়েন?
উত্তর: প্রথম হিজরীর রবিউল আউয়াল মাসে।
৮৬৯। প্রশ্ন: রাসূল ﷺ'র সাথে প্রথম জুমার জামাতে কতজন মুসল্লি অংশ নেয়?
উত্তর: প্রায় ১০৬ জন।
৮৭০। প্রশ্ন: নারী-পুরুষের পর্দার বিধান কখন নাযিল হয়?
উত্তর: পঞ্চম হিজরীতে।
৮৭১। প্রশ্ন: যানাযার নামাজ কখন প্রবর্তিত হয়?
উত্তর: প্রথম হিজরীতে।
৮৭২। প্রশ্ন: তায়াম্মুমের বিধান কখন নাযিল হয়?
উত্তর: পঞ্চম হিজরীর শাবান মাসে।
৮৭৩। প্রশ্ন: রমযানের রোযা কখন ফরজ হয়?
উত্তর: দ্বিতীয় হিজরীর শাবান মাসে।
৮৭৪। প্রশ্ন: আযান কখন প্রবর্তিত হয়?
উত্তর: জমহুরের মতে, প্রথম হিজরীতে।

রাসূল ﷺ'র উপর অবতীর্ণ কুরআন

৮৭৫। প্রশ্ন: রমযানের কত তারিখে রাসূল ﷺ'র উপর প্রথম ওহি নাযিল হয়?
উত্তর: ২৭শে রমযান মতান্তরে ২১শে রমযান।
৮৭৬। প্রশ্ন: সাইয়িদুল কুররা কাকে বলা হয়?
উত্তর: হযরত উবাই ইবনে কাব ﷺকে।
৮৭৭। প্রশ্ন: কোন সূরা শুনে হযরত ওমর ﷺইসলামের প্রতি আকৃষ্ট হন?
উত্তর: সূরা ত্বহা।
৮৭৮। প্রশ্ন: রাসূল ﷺ'র উপর সর্ব প্রথম কোথায় ওহী নাযিল হয়?
উত্তর: হেরা গুহায়।
৮৭৯। প্রশ্ন: কোন কাফির বলেছিল, "কোরআন মানুষের বানানো গল্প"?
উত্তর: নযর ইবনে হারিস।
৮৮০। প্রশ্ন: কত বছর বয়সে রাসূল ﷺ'র ওপর কোরআন নাযিল হয়?
উত্তর: ৪০ বছর ৬ মাস ১৫ দিন।
৮৮১। প্রশ্ন: ইসলামের পরিপূর্ণতা ঘোষণা করে কোন আয়াত অবতীর্ণ হয়?
উত্তর: সূরা মায়িদার ৩নং আয়াত।
৮৮২। প্রশ্ন: পবিত্র কোরআনে মুহাম্মদ শব্দটি কয়বার এসেছে?
উত্তর: ৪ বার
৮৮৩। প্রশ্ন: রাসূল ﷺ'র ওপর অবতীর্ণ প্রথম আয়াত কোনটি?
উত্তর: সূরা আলাকের প্রথম পাঁচ আয়াত।
৮৮৪। প্রশ্ন: রাসূল ﷺ'র ওপর প্রথম অবতীর্ণ শব্দ কোনটি?
উত্তর: ইকরা (পড়ুন)।
৮৮৫। প্রশ্ন: কোন ভাগ্যবান নারীর গৃহে কোরআন নাযিল হয়?
উত্তর: হযরত আয়িশা ﷺ এর গৃহে।
৮৮৬। প্রশ্ন: হযরত আয়িশা ﷺ এর চরিত্রের পবিত্রতা ঘোষণা করে আল্লাহ কোন আয়াত নাযিল করেন?
উত্তর: সূরা নুরের ১১ নং আয়াত।
৮৮৭। প্রশ্ন: সূরা আলাকের ৫ নং আয়াত নাযিল হওয়ার পর কত দিন ওহী নাযিল বন্ধ ছিল?
উত্তর: প্রায় ৩ বছর।
৮৮৮। প্রশ্ন: কোরআনে উল্লেখিত একমাত্র সাহাবী কে?
উত্তর: যায়েদ ইবনে হারেসা ﷺ (সূরা আহযাবের ৩৭ নং আয়াতে)।

৮৮৯। প্রশ্ন: রাসূল ﷺ মক্কা থাকাকালীন কতটি সূরা অবতীর্ণ হয়?
উত্তর: ৯২ টি।
৮৯০। প্রশ্ন: রাসূল ﷺ মদিনায় থাকাকালীন কতটি সূরা অবতীর্ণ হয়?
উত্তর: ২২ টি।
৮৯১। প্রশ্ন: কোরআন শব্দটি পবিত্র কোরআনে কতবার এসেছে?
উত্তর: ৬৯/৭০ বার।
৮৯২। প্রশ্ন: সম্পূর্ণ কোরআন কত বছরে রাসূল ﷺ'র ওপরে নাযিল হয়েছে?
উত্তর: ২৩ বছরে।
৮৯৩। প্রশ্ন: রাসূল ﷺ কোন চারজন সাহাবী থেকে কুরআন শিক্ষার জন্য বলেছেন?
উত্তর: (১) আব্দুল্লাহ ইবনে মাসউদ ﷺ (২) উবাই ইবনে কা'ব ﷺ (৩) মুয়াজ ইবনে জাবাল ﷺ ও স্যালিম ﷺ থেকে।

রাসূল ﷺ'র ইন্তেকাল

৮৯৪। প্রশ্ন: রাসূল ﷺ কখন ইন্তেকাল করেন?
উত্তর: একাদশ হিজরীর ১২ ই রবিউল আউয়াল (৬৩২ সালে)।
৮৯৫। প্রশ্ন: রাসূল ﷺ উনার কোন স্ত্রীর গৃহে ইন্তেকাল করেন?
উত্তর: হযরত আয়েশা ﷺ'র।
৮৯৬। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের সময় উনার কত জন স্ত্রী জীবিত ছিলেন?
উত্তর: ৯ জন।
৮৯৭। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের সময় উনার কত জন সন্তান জীবিত ছিলেন?
উত্তর: একমাত্র ফাতেমা ﷺ।
৮৯৮। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের সময় কয়টি চুল সাদা হয়েছিল?
উত্তর: ২০টি, মতান্তরে ১৭টি।
৮৯৯। প্রশ্ন: বিদায় হজ্বে রাসূল ﷺ নিজ হাতে কতটি উট জবেহ করেন?
উত্তর: ৬৩টি
৯০০। প্রশ্ন: রাসূল ﷺকে যাদু করেছিল কোন ব্যক্তি?
উত্তর: লবিদ ইবনে আসাম
৯০১। প্রশ্ন: ইন্তেকালের সময় রাসূল ﷺ'র বয়স কত হয়েছিল?
উত্তর: চন্দ্র মাসের হিসেব অনুযায়ী ৬৩ বছর। (মুসলিম শরিফ)
৯০২। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের পর কে তাঁকে চুমু দেন?
উত্তর: হযরত আবু বকর ﷺ।

৯০৩। প্রশ্ন: ইন্তেকালের পূর্বে অসুস্থ থাকাকালীন রাসূল ﷺ কাকে ইমামতির দায়িত্ব দেন?

উত্তর: হযরত আবু বকর رضي الله عنه কে।

৯০৪। প্রশ্ন: রাসূল ﷺ অসুস্থ থাকাকালীন হযরত আবু বকর رضي الله عنه কত ওয়াক্ত নামাজে ইমামতি করেন?

উত্তর: ১৯ ওয়াক্ত মতান্তরে ১৭ ওয়াক্ত।

৯০৫। প্রশ্ন: রাসূল ﷺ'র ইন্তেকালের পূর্ব মুহূর্তে কোন দুজন লোক নবুয়ত দাবি করেছিল?

উত্তর: মুসায়লামা ইবনে হাবিব ও আসওয়াদ ইবনে কাব আনসী।

৯০৬। প্রশ্ন: ইন্তেকালের পর কারা রাসূল ﷺকে বিদায়ী গোসল দেন?

উত্তর: হযরত আলী رضي الله عنه, হযরত আব্বাস رضي الله عنه হযরত কুসাম رضي الله عنه, হযরত ফযল رضي الله عنهএবং হযরত শাকরান رضي الله عنه।

৯০৭। প্রশ্ন: কে রাসূল ﷺ'র জন্য কবর খনন করেছিলেন?

উত্তর: হযরত আবু তালহা ইবনে সাহল رضي الله عنه।

৯০৮। প্রশ্ন: রাসূল ﷺ'র জন্য কোন ধরনের কবর খনন করা হয়েছিল?

উত্তর: লাহদ (বগলী কবর)

৯০৯। প্রশ্ন: মক্কাবাসীদের জন্য কে সিন্দুক কবর খনন করতেন?

উত্তর: হযরত আবু উবায়দা ইবনুল জাররাহ رضي الله عنه।

৯১০। প্রশ্ন: রাসূল ﷺ'র কবরে কারা নেমেছিলেন?

উত্তর: হযরত আলী رضي الله عنه, হযরত ফযল رضي الله عنه, হযরত কুসাম رضي الله عنه ও হযরত শাকরান رضي الله عنه।

৯১১। প্রশ্ন: কোন সৌভাগ্যবান ক্রীতদাস রাসূল ﷺ'র বিদায়ী গোসল ও কাফন-দাফনে অংশ নেন?

উত্তর: রাসূল ﷺ'র আযাদকৃত দাস হযরত শাকরান সালিহ رضي الله عنه।

৯১২। প্রশ্ন: প্রশ্ন: রাসূল ﷺ'র শেষ গোসলের পানি কোথা থেকে সংগ্রহ করা হয়?

উত্তর: কুবার 'সাদ বিন খাইসামা গারস' নামক কূপ থেকে।

৯১৩। প্রশ্ন: রাসূল ﷺ'র পরিবার বর্গের বাহিরে এক মাত্র কোন সাহাবী রাসূল ﷺ'র বিদায়ী গোসল ও দাফন-কাফনে অংশ নেন?

উত্তর: হযরত আওস ইবনে খাওলা رضي الله عنه।

৯১৪। প্রশ্ন: রাসূল ﷺ'র দাফন কখন হয়?

উত্তর: মঙ্গলবার দিবাগত রাতে (মধ্যরাতে)।

৯১৫। প্রশ্ন: কার ইমাম বিহীন যানাযা পড়া হয়েছে?

উত্তর: রাসূল ﷺ'র।

৯১৬। প্রশ্ন: রাসূল ﷺ'র যানাযা কিভাবে আদায় করা হয়?

উত্তর: দুরুদ ও দোয়ার মাধ্যমে একা একা

৯১৭। প্রশ্ন: রাসূল ﷺ'র যানাযা প্রথম কে পড়েন?

উত্তর: জিবরাইল আলাইহিস সালাম।

৯১৮। প্রশ্ন: যানাযা শেষে কে প্রথম রাসূল ﷺ'র রওজা যিয়ারত করেন?

উত্তর: হযরত ফাতিমা رضي الله عنها।

৯১৯। প্রশ্ন: কে রাসূল ﷺ'র কবরে কাতিফা (মখমলের চাদর) বিছিয়ে দিয়েছিলেন?

উত্তর: হযরত শুকরান সালিহ رضي الله عنه।

৯২০। প্রশ্ন: রাসূল ﷺকে হায়াতুন্নবী (জিন্দানবী) বলার কারণ কী?

উত্তর: রাসূল ﷺকে কবরে রাখার পর রুহকে উনার দেহের মধ্যে ফিরিয়ে দেয়া হয়। (বায়হাকী শরিফ)

৯২১। প্রশ্ন: দিনের কোন মুহূর্তে রাসূল ﷺ ইন্তেকাল করেন?

উত্তর: দিনের প্রথম ভাগে, সূর্য যখন উত্তপ্ত হয়।

রাসূল ﷺ'র সাহচর্যে ও রাসূল ﷺ কর্তৃক সাহাবীদের বিভিন্ন উপাধি

৯২২। প্রশ্ন: রাসূল ﷺ কাকে "হায়দার" উপাধি দেন?

উত্তর: হযরত আলী رضي الله عنهকে।

৯২৩। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'সিদ্দিক' উপাধি দেন?

উত্তর: হযরত আবু বকর رضي الله عنهকে।

৯২৪। প্রশ্ন: রাসূল ﷺ কাকে "শাহিদা" উপাধি দেন?

উত্তর: উম্মুল ওয়ারাকা বিনতে নওফেল رضي الله عنهاকে

৯২৫। প্রশ্ন: রাসূল ﷺ কাকে "আবু হাফস" নামে আখ্যায়িত করেন।

উত্তর: হযরত ওমর رضي الله عنهকে।

৯২৬। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'ফারুক' উপাধি দেন?

উত্তর: হযরত ওমর رضي الله عنهকে।

৯২৭। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'আবু তোরাব' নামে ডাকেন?

উত্তর: হযরত আলী رضي الله عنهকে।

৯২৮। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'সাইয়েদুশ শুহাদা' উপাধি দেন?

উত্তর: হযরত হামযা رضي الله عنهকে।

৯২৯। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'সাইফুল্লাহ' উপাধি দেন?
উত্তর: হযরত খালিদ বিন ওয়ালিদ (রা.)কে।
৯৩০। প্রশ্ন: রাসূল ﷺ কাকে 'আবু হুরাইরা' উপাধি দেন?
উত্তর: হযরত আব্দুর রহমান (রা.)কে।
৯৩১। প্রশ্ন: 'রফিকুল গার' বা গুহার বন্ধু কার উপাধি?
উত্তর: হযরত আবু বকর ইবনে আবু কুহাফা (রা.)'র।
৯৩২। প্রশ্ন: 'খাদিমুর রাসূল' কার উপাধি?
উত্তর: হযরত আনাস ইবনে মালিক (রা.)।
৯৩৩। প্রশ্ন: 'হিবরুল উম্মাহ' কার উপাধি?
উত্তর: হযরত যায়িদ ইবনে হারিসা (রা.)।
৯৩৪। প্রশ্ন: 'কাতিবুর রাসূল' কার উপাধি?
উত্তর: হযরত সাবিত ইবনে কায়স (রা.)।
৯৩৫। প্রশ্ন: 'শায়িরুর রাসূল' কার উপাধি?
উত্তর: হযরত যায়িদ ইবনে সাবিত (রা.)।
৯৩৬। প্রশ্ন: 'সাহিবুর রাসূল' কার উপাধি?
উত্তর: হযরত হুযায়ফা (রা.)।
৯৩৭। প্রশ্ন: যূন-নূরাইন বা দুই নূরের অধিকারি" কার উপাধি?
উত্তর: হযরত উসমান (রা.)।
৯৩৮। প্রশ্ন: 'হিব্বুর রাসূল' বা রাসূলের প্রিয়ভাজন কার উপাধি?
উত্তর: হযরত উসামা ইবনে যায়েদ (রা.)।
৯৩৯। প্রশ্ন: রাসূল ﷺ কাকে তাবেয়ীগণের মধ্যে শ্রেষ্ঠ হিসেবে অবহিত করেন?
উত্তর: হযরত ওয়াইস ইবনে আমির কুরনী (রহ.)কে।
৯৪০। প্রশ্ন: ওয়াইস কুরনী সম্পর্কে রাসূল ﷺ কী ভবিষ্যদ্বাণী করেন?
উত্তর: তাঁর শ্বেত রোগ হয়েছিল, আল্লাহর কাছে দোয়ার ফলে ভাল হয়েছে, তাঁর মা ব্যতীত কেউ জীবিত নেই।
৯৪১। প্রশ্ন: রাসূল 'র জীবনী কে প্রথম লিখেছিলেন?
উত্তর: হযরত উরওয়াহ ইবনে যোবাইর (রহ.)।

রাসূল ﷺ'র যুগে যা কিছু প্রথম

৯৪২। প্রশ্ন: রাসূল ﷺ'র প্রথম অভিযান কোনটি?
উত্তর: আবওয়া (যুদ্ধ হয়নি)।

৯৪৩। প্রশ্ন: রাসূল ﷺ কাকে প্রথম মুসলিমদের আমির বানিয়েছিলেন?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে জাহাশ (রা.)কে।
৯৪৪। প্রশ্ন: সর্ব প্রথম মহিলাদের জামাতে ইমামতি করেন কোন মহিলা?
উত্তর: হযরত উম্মুল ওয়ারাকা বিনতে নওফেল (রা.)।
৯৪৫। প্রশ্ন: সর্বপ্রথম জানাযার খাটিয়ার ব্যবস্থা করেন কে?
উত্তর: হযরত আসমা বিনতে উমায়স (রা.)।
৯৪৬। প্রশ্ন: রাসূল ﷺ সর্বপ্রথম কোন মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপন করেন?
উত্তর: মসজিদে কুবা।
৯৪৭। প্রশ্ন: রাসূল ﷺ কাকে সর্বপ্রথম মুয়াজ্জিন নিয়োগ করেন?
উত্তর: হযরত বিলাল (রা.)কে।
৯৪৮। প্রশ্ন: বন্দী হয়ে শহিদ হওয়ার পূর্বে কে প্রথম নামাজ পড়ার প্রচলন করেন?
উত্তর: খুবাইব ইবনে-আদী (রা.)।
৯৪৯। প্রশ্ন: কে সর্বপ্রথম হিজরী সনের প্রবর্তন করেন?
উত্তর: হযরত ওমর (রা.)।
৯৫০। প্রশ্ন: যমযম কূপ কে সর্বপ্রথম আবিষ্কার করেন?
উত্তর: জিব্রাঈল (আ:)।
৯৫১। প্রশ্ন: রাসূল ﷺ কোন কূপের পানি দাড়িয়ে পান করেছিলেন?
উত্তর: যমযম কূপের।
৯৫২। প্রশ্ন: ইসলামের প্রথম মহিলা শহিদ কে ছিলেন?
উত্তর: হযরত সুমাইয়া বিনতে খুববাত (রা.)।
৯৫৩। প্রশ্ন: কার বর্শার আঘাতে সুমাইয়া (রা.) শহিদ হন?
উত্তর: আবু জেহেলের।
৯৫৪। প্রশ্ন: ইসলামের প্রথম মুবাল্লিগ কে ছিলেন?
উত্তর: মুসআব ইবনে উমাইর (রা.)।
৯৫৫। প্রশ্ন: মহিলা সাহাবীদের মধ্যে কে প্রথম একজন কাফিরকে হত্যা করে?
উত্তর: হযরত সাফিয়া বিনতে আব্দুল মুত্তালিব (রা.)।
৯৫৬। প্রশ্ন: পুরুষদের মধ্যে সর্ব প্রথম কে ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত আবু বকর (রা.)।
৯৫৭। প্রশ্ন: বালকদের মধ্যে কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত আলী (রা.)।
৯৫৮। প্রশ্ন: মহিলাদের মধ্যে কে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত খাদিজা (রা.)।

৯৫৯। প্রশ্ন: কার কবরের উপর সর্বপ্রথম পানি ছিটানো হয়?
উত্তর: রাসূল ﷺ'র পুত্র হযরত ইব্রাহিমের কবরের উপর।
৯৬০। প্রশ্ন: ইসলামের প্রথম শিক্ষাকেন্দ্র কোনটি?
উত্তর: দারুল আরকাম।
৯৬১। প্রশ্ন: দারুল আরকাম কার বাড়ি ছিল?
উত্তর: আরকাম ইবনে আবুল আরকাম রাঃ।
৯৬২। প্রশ্ন: দারুল আরকামের প্রথম শিক্ষক কে?
উত্তর: রাসূল ﷺ।
৯৬৩। প্রশ্ন: সর্বপ্রথম রাসূল ﷺ'র জানাযা পড়েন কে?
উত্তর: হযরত জিব্রাঈল (আ:)।
৯৬৪। প্রশ্ন: সর্বপ্রথম নিজ সম্পদ আল্লাহর রাস্তায় ওয়াকফ করেন কে?
উত্তর: হযরত ওমর রাঃ।
৯৬৫। প্রশ্ন: সর্বপ্রথম মুফাসসির কে?
উত্তর: রাসূল ﷺ।
৯৬৬। প্রশ্ন: রাসূল ﷺ'র প্রথম সহধর্মীনী কে ছিলেন?
উত্তর: হযরত খাদিজা রাঃ।
৯৬৭। প্রশ্ন: খাদিজা রাঃ'র প্রথম স্বামীর নাম কি?
উত্তর: আতিক ইবনে আয়াজ.।
৯৬৮। প্রশ্ন: রাসূল ﷺ'র প্রথম সন্তান কে?
উত্তর: হযরত কাসিম রাঃ।
৯৬৯। প্রশ্ন: রাসূল ﷺ'র প্রথম কন্যা সন্তান কে?
উত্তর: হযরত যয়নাব রাঃ।
৯৭০। প্রশ্ন: সর্বপ্রথম কে ইসলাম ত্যাগ (মুরতাদ) করেছিল?
উত্তর: উবায়দুল্লাহ ইবনে জাহাশ।
৯৭১। প্রশ্ন: উম্মতে মোহাম্মদীর মধ্যে কে প্রথম নামাজ পড়েন?
উত্তর: হযরত খাদীজা রাঃ।
৯৭২। প্রশ্ন: রাসূল ﷺ সর্বপ্রথম কোথায় জুম্মার নামাজ পড়েন?
উত্তর: মদিনার বনু সালেম ইবনে আওফের বস্তিতে।
৯৭৩। প্রশ্ন: বদর যুদ্ধের প্রথম শহিদ কে?
উত্তর: হযরত মাহজা ইয়ামনী রাঃ।
৯৭৪। প্রশ্ন: কে সর্বপ্রথম আযানের শব্দাবলী স্বপ্ন দেখেন?
উত্তর: হযরত আব্দুল্লাহ ইবনে যায়িদ রাঃ।

৯৭৫। প্রশ্ন: ইসলামের পক্ষে প্রথম তীর নিক্ষেপ করেন কে?
উত্তর: হযরত সাদ ইবনে আবি ওয়াক্কাস রাঃ।
৯৭৬। প্রশ্ন: রাসূল ﷺ সর্বপ্রথম সশস্ত্র যুদ্ধাভিযান কোনটি?
উত্তর: বদর (প্রথম রক্তক্ষয়ী সংঘর্ষ)।

রাসূল ﷺ'র যুগে যা কিছু সর্বশেষ

৯৭৭। প্রশ্ন: সর্বশেষ কে রাসূল ﷺ'র সাহচর্য পান?
উত্তর: হযরত কুসাম ইবনে আব্বাস রাঃ।
৯৭৮। প্রশ্ন: রাসূল ﷺ সর্বশেষ কাকে বিবাহ করেন?
উত্তর: হযরত মায়মুনা বিনতে হারিস রাঃ।
৯৭৯। প্রশ্ন: উম্মাহাতুল মুমিনীনদের মধ্যে কে সর্বশেষ ইন্তেকাল করেন?
উত্তর: হরত উম্মে সালামা রাঃ।
৯৮০। প্রশ্ন: রাসূল ﷺ'র উপর সর্বশেষ অবতীর্ণ সূরা কোনটি?
উত্তর: সূরা নছর।
৯৮১। প্রশ্ন: রাসূল ﷺ সর্বশেষ কোন যুদ্ধে অংশ নেন?
উত্তর: তাবুক যুদ্ধে।
৯৮২। প্রশ্ন: রাসূল ﷺ'র কোন সন্তান সর্বশেষ জন্মগ্রহণ করেন?
উত্তর: হযরত ইব্রাহিম রাঃ।
৯৮৩। প্রশ্ন: কে সর্বশেষ ওহি লিখেছিলেন?
উত্তর: উবাই ইবনে কা'ব রাঃ।
৯৮৪। প্রশ্ন: রাসূল ﷺ'র সাহাবীদের মধ্যে কে সর্বশেষ ইন্তেকাল করেন?
উত্তর: আবু তোফাইল আমর ইবনে ওয়াছিলা রাঃ।
৯৮৫। প্রশ্ন: হযরত আবু তোফাইল রাঃ কত হিজরীতে ইন্তেকাল করেন?
উত্তর: ১১০ হিজরী মতান্তরে ১০৭ হিজরী।
৯৮৬। প্রশ্ন: বদরী সাহাবীদের মধ্যে কে সর্বশেষ ইন্তেকাল করেন?
উত্তর: আবু উসাইদ মালিক ইবনে রাবীয়া রাঃ।
৯৮৭। প্রশ্ন: 'আশারায়ে মোবাশশারা' সাহাবীদের মধ্যে কে সর্বশেষ ইন্তেকাল করেন?
উত্তর: সাদ ইবনে আবি ওয়াক্কাস রাঃ।
৯৮৮। প্রশ্ন: রাসূল ﷺ'র সন্তানদের মধ্যে কে সর্বশেষ ইন্তেকাল করেন?
উত্তর: হযরত ফাতেমা রাঃ।

৯৮৯। প্রশ্ন: রাসূল ﷺ কর্তৃক সর্বশেষ গাযওয়া কোনটি?
উত্তর: সিরিয়ার উদ্দেশ্য উসামা ইবনে যায়েদের অভিযান।
৯৯০। প্রশ্ন: রাসূল ﷺ'র সর্বশেষ অছিয়ত কোনটি?
উত্তর: তোমরা নামাজ ও দাস-দাসী সম্পর্কে যত্নবান হও।
৯৯১। প্রশ্ন: দারুল আরকামে কে সর্বশেষ ইসলাম গ্রহণ করেন?
উত্তর: হযরত ওমর ؓ।
৯৯২। প্রশ্ন: রাসূল ﷺ সর্বশেষ ওমরা কখন আদায় করেন?
উত্তর: ১০ম হিজরীর যিলহজ্ব মাসে।
৯৯৩। প্রশ্ন: মদিনায় রাসূল ﷺ'র উপর সর্বশেষ অবতীর্ণ সূরা কোনটি?
উত্তর: সূরা তাওবা (বারাত)।
৯৯৪। প্রশ্ন: রাসূল ﷺ'র সর্বশেষ ইচ্ছা কী ছিল?
উত্তর: আরবে যেন ইসলাম ব্যতীত আর কোনো ধর্ম না থাকে।
৯৯৫। প্রশ্ন: রাসূল ﷺ'র জীবনের শেষ রমযানে তিনি কতদিন ইতিকাফ করেন?
উত্তর: ২০ দিন।

অন্যান্য

৯৯৬। প্রশ্ন: রাসূল ﷺ'র বক্ষ বিদীর্ণের সেলাই কে প্রত্যক্ষ করেছেন?
উত্তর: হযরত আনাস ইবনে মালিক ؓ।
৯৯৭। প্রশ্ন: হযরত ইমাম মাহদী ؓ সম্পর্কে রাসূল ﷺ কী বলেছেন?
উত্তর: সে আমার বংশে জন্ম নিবে, সে হবে প্রশস্থ ললাট ও উন্নত নাক বিশিষ্ট।
৯৯৮। ইমাম মাহদী ؓ'র রাজত্ব সম্পর্কে রাসূল ﷺ কী ভবিষ্যদ্বাণী করেছেন?
উত্তর: সে সাত বছর রাজত্ব করে দুনিয়াতে ইনসাফ কায়েম করবে।
৯৯৯। প্রশ্ন: মসজিদে নববীতে কে সর্বপ্রথম মিহরাব এর প্রচলন করেন?
উত্তর: হযরত উমর ইবনে আব্দুল আযিয রহমাতুল্লাহি আলাইহি।
১০০০। প্রশ্ন: রাসূল ﷺ জিব্রাইলকে নিজস্ব আকৃতিতে কতবার দেখেছেন?
উত্তর: দুইবার।

--- ০ ---

সহায়ক গ্রন্থপঞ্জি

১। আস-সীরাহ আন-নাবাবিয়্যা- আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম রহমাতুল্লাহি আলাইহি
২। আত-তাবাকাত আল কুবরা- মুহাম্মদ ইবনে সা'দ রহমাতুল্লাহি আলাইহি
৩। মাদারেজুন নবুওয়াত- শায়েখ আব্দুল হক মুহাদ্দিসে দেহলভী রহমাতুল্লাহি আলাইহি
৪। আল বিদায়া ওয়ান নিহায়া- আবুল ফিদা হাফিজ ইবনে কাসীর আদ-দামেশকী রহমাতুল্লাহি আলাইহি
৫। আল ইসাবাহ ফি তাময়িজি আল সাহাবা- আবুল ফযল আহমদ ইবনে হাজার আস-কালানী রহমাতুল্লাহি আলাইহি
৬। মাওয়াহেবে লাদুনীয়া- আল্লামা শিহাবুদ্দিন আহমদ ইবনে মুহাম্মদ আল কাসতালানী রহমাতুল্লাহি আলাইহি
৭। খাসায়েসুল কুবরা- আল্লামা জালালুদ্দিন আব্দুর রহমান সুয়ূতী রহমাতুল্লাহি আলাইহি
৮। নূর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম- অধ্যক্ষ হাফেয মুহাম্মদ আব্দুল জলিল রহমাতুল্লাহি আলাইহি
৯। মিরাজুন নাবী ﷺ- অধ্যক্ষ শেখ মোহাম্মদ আব্দুল করিম সিরাজনগরী।
১০। বিষয়ভিত্তিক মু'জিযাতুর রাসূল ﷺ- হাফেজ মাওলানা মুহাম্মদ ওসমান গণি।
১১। আসহাবে রাসূলের জীবন কথা- ড. মোহাম্মদ আব্দুল মা'বুদ
১২। The life of Muhammad (Allah's Peace and blessing be upon him)- by Muhammad Husayn Haykal.
১৩। আ'লে রাসূল - ড. মোহাম্মদ আব্দুল হালিম।

কৃতজ্ঞতা স্বীকার

১। **মোল্লা জাকির আহমদ সিরাজী**- পিতাঃ মৃত মোল্লা আব্দুর রশিদ ছুরুক, বাদে আলিশা

২। **বদরুল আলম শিপলু**, সভাপতি, গভর্নিং বডি, সাতগাঁও সামাদিয়া আলিম মাদ্রাসা।

৩। **মাওঃ জুলফিকার আলী বাবুল**, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মৌলভীবাজার জেলা।

৪। **মাওঃ মুহিবুর রহমান হেলাল**- পিতাঃ আলহাজ্ব ছানু মিয়া চৌধুরী, রাজপাড়া।

৫। **ছাদিকুর রহমান টিটু**- পিতাঃ মোঃ আবুল হোসেন, বাদে আলিশা।

৬। **মোঃ আব্দুল মুকিদ আত্তারী**- পিতাঃ হাজী মোঃ ইউনুস মিয়া, গোপালপুর।

৭। **মোঃ জাহাঙ্গির আলম সাঈদ**- পিতাঃ মোঃ দৌলত মিয়া, বাদে আলিশা।

৮। **আব্দুল জলিল মাহমুদ**- পিতাঃ মৃত আব্দুস সোবহান, ভূনবীর।

৯। **মোঃ আল-আমিন**- পিতাঃ আকমত উল্লাহ, বাদে আলিশা।

১০। **মাওঃ হাসান উদ্দিন কাদেরী**- পিতাঃ মোঃ সফর আলী, লামুয়া।

১১। **মোল্লা আব্দুল কাদির মুছা**- পিতাঃ মৃত মোল্লা আব্দুর রশিদ ছুরুক, বাদে আলিশা।

১২। **মোঃ আব্দুল কুদ্দুস ফাহিম**-পিতাঃ মোঃ সুফিয়ান মিয়া, আলিশারকুল।

১৩। **মোঃ আব্দুল আজিজ**- পিতাঃ হাজী আব্দুল কাদির, গোপালপুর।

১৪। **ক্বারী মোঃ আব্দুল জলিল**- পিতাঃ মোঃ আব্দুল জব্বার, রাজপাড়া।